एएएए त त्रासायप

উপেন্দ্রকিশোর রায়চৌধুরী

নন্দন প্রকাশন কলিকাতা

প্রথম প্রকাশ : মার্চ, ১৯৬৫

সম্পাদক: গৌরাজ্যপ্রসাদ বস্ব

প্রকাশক: নারায়ণ সেনগ**্র**ত

নন্দন প্রকাশন

৭৯ মহাত্যা গান্ধী রোড,

কলিকাতা ৭

ম্দ্রক: বাণী সাহা

অর্ণোদয় প্রিন্টিং ওয়ার্কস

৪, হরি ঘোষ স্থীট

কলিকাতা ৬

ছবি: মদন সরকার

श्राकृष : উপেन्धिकित्गात तात्रक्षीय, त्रीत भूम श्राकृष अवमन्दत्न भूमन मत्रकात

ছেলেদের রামায়ণ

रन्यात्नत ल॰कामारन



অনেক দিন আগে আমাদের এই ভারতবর্ষে দশরথ নামে এক রাজা ছিলেন। সরষ্ট্রদীর ধারে অযোধ্যা নগরে তিনি বাস করিতেন।

সেকালের অষোধ্যা নগর আটচল্লিশ ক্রোশ লম্বা আর বার ক্রোশ চওড়া ছিল। তাহার চারিদিকে প্রকাণ্ড দেওয়ালের উপরে লোহার কাঁটা দেওয়া ভয়ঙ্কর অস্ত্রসকল সাজানো থাকিত। সে অস্ত্রের নাম শতঘ্রী, কেন না তাহা ছ্বড়িয়া মারিলে একেবারে এক শত লোক মারা পড়ে।

তথনকার অযোধ্যা দেখিতে খ্ব স্বদরও ছিল। ছায়ায় ঢাকা পরিষ্কৃত পথ, ফ্লভরা স্বদর বাগান আর দামী পাথরের সাততলা আটতলা জমকালো বাড়িতে নগরটি ঝল্মল্ করিত।

এই স্কুন্দর অযোধ্যা নগরে শাদা পাথরের বিশাল রাজপ্রত্রীতে শাদা ছাতার নিচে বিসয়া রাজা দশরথ তাঁহার রাজ্যের কাজ দেখিতেন। ধৃতি, বিজয়, অশোক, জয়ন্ত, স্কুন্নত, স্কুরাল্ট্র, ধর্মপাল আর বাল্ট্রবর্ধন নামে তাঁহার আটজন মন্ত্রী এমন বিশ্বান ব্যন্থিমান আর ধার্মিক ছিলেন যে, দেশে একটিও অন্যায় কাজ হইতে দিতেন না। দেশে চোর ডাকাত ছিল না, ভাল ছাড়া মন্দ কাজ কেহ করিত না। ভাল খাইয়া, ভাল পরিয়া, ভাল বাড়িতে থাকিয়া সকলেরই স্কুথে দিন যাইত। রাজা দশরথ তাহাদিগকে যেমন স্নেহ করিতেন, দশরথকেও তাহারা তেমনি করিয়া ভালবাসিত।

হায়! এমন রাজা দশরথ, তাঁহার একটিও ছেলে ছিল না। ছেলে নাই বলিয়া তিনি ভারী দৃঃখ করিতেন। একদিন তিনি মন্দ্রীদিগকে বলিলেন, ''দেখ, আমি যজ্ঞ করিব। হয়তো তাহাতে খন্শী হইয়া দেবতারা আমাকে প্র দিবেন।''

এ কথা শ্নিয়া সকলে বলিল, ''মহারাজ, আপনি খ্যাশ, গ ম্নিকে লইয়া আস্ন। তিনি যজ্ঞ করিলে নিশ্চয়ই আপনার প্র হইবে।'' এই ম্নির ঋষ্যের (হরিণের) মতন শিং ছিল, তাই লোকে তাঁহাকে ঋষ্যশৃংগ বলিত। এমন ভাল ম্নিকমই দেখা গিয়াছে।

দশরথ বলিলেন, ''বড় ভাল কথা। মনুনি যে আমার জামাই হন, কারণ তিনি আমার বন্ধ্ব লোমপাদ রাজার মেয়ে শান্তাকে বিবাহ করিয়াছেন।"

লোমপাদ রাজার বাড়ি অংগদেশে। দশরথ সেই অংগদেশে গিয়া

তথন বশিষ্ঠ মুনি রাজাকে অনেক ব্ঝাইয় শীঘ্র রামকে আনিয়া দিন, ইহাতে রামের ছ যেমন-তেমন মুনি নহেন, ই হার সঞ্জে যাই। নাই। তাহার ভালোর জনাই বিশ্বামিত তাহাকে

বশিষ্ঠের কথা শর্নিয়া দশরথের আর ত তখনই রাম আর লক্ষ্যণকে আনিয়া দিলেন।

ব্দেধর পোশাক পরিয়া তীর ধন্ক ও : বড়ই স্কের দেখাইতেছিল। রাজা আর রা চুমা খাইয়া তাঁহাদিগকৈ আশীর্বাদ করিলেন।

অনেক দ্রে গিয়া বিশ্বামিত্র রামকে বি সরয্র জলে মৃথ ধৃইয়া আইস। আমি তোমা বলা' নামক মন্ত্র দিব। এ মন্ত্র জানিলে তোফ হইবে না, কেহ তোমার কোন ক্ষতি করিতে সকলেই তোমার কাছে হারিয়া যাইবে।"

রাম নদীতে মুখ ধুইয়া মুনির নিকট তাঁহার মনে হইল, যেন তাঁহার শ্রীরের গিয়াছে।

রাগ্রি হইলে তিন জনে সরষ্র ধারে র রহিলেন। সকালে উঠিয়া আবার পথ চলিতে রাগ্রি কাটিল অংগদেশে মর্নিদের আশ্রমে। এ নদী গংগার সহিত মিলিয়াছে। প্রদিন ম নৌকা আনিয়া তাঁহাদিগকে গংগা পার করিয়া

ওপারে ভয়ানক বন। আগে সেখানে স্কু কতই লোকজন বাস করিত। তাড়কা নাহে তাহার পত্ত শারীট সেইসকল লোকজনকে খ নন্ট করিয়া ফেলিয়াছে। এখন সেখানে ভয়ান গেলেই তাড়কা তাহাকে ধরিয়া খায়।

বিশ্বামিত্র রামকে বলিলেন, ''বাছা, রাক্ষস'
রাম 'আচ্ছা' বলিয়া ধন্কের গণে ধরিয়া খ্ব
ধন্কের গণে জারে টানিয়া হঠাং ছাড়িয়া দি
শংক হয়, তাহাকেই বলে 'টঙকার'। রাম ধন্কে এবে, তাহা শানিয়া তাড়কাও প্রথমে চমকাইয়া গিন্দ্র
ভাহার পরেই সে হাত তুলিয়া, হা করিয়া, ঘোরতর গজান বল করিতে আসিয়া উপাস্থত। ধ্লায় চারিদিক অন্ধকার করিয়া
বাম লক্ষ্যণের উপরে পাথর ছাড়িয়া মারিকে লাগিল। ি কিন্তু রামের বাণের কাছে সে পাথর কিছ্নুই নয়। তিনি পাথর তো আটকাইলেনই, তাহার উপর আবার রাক্ষসীর লম্বা হাতদ্টোও কাটিয়া ফেলিলেন। তব্ব কিন্তু সে ছ্রিটায়া আসিতে ছাড়ে না। তাহা দেখিয়া লক্ষ্মণ তাহার নাক আর কান কাটিয়া দিলেন। তখন নে হঠাৎ কোথায় যে মিলাইয়া গেল, কিছ্নুই ব্বা গেল না। হাত নাই তব্ব বড় বড় পাথর ছ্রিড়ায়া মারে, কিন্তু কোথায় আছে দেখা যাইতেছে না।

তথন রাম কেবল তাহার শব্দ শ্রনিয়াই সেই শব্দের দিকে তীর ছ্রিড়তে লাগিলেন। এমন ভয়ানক তীর ছ্রিড়তে লাগিলেন যে বাক্ষসী তাহার জীবনে আর কখনও এত তীর খায় নাই। ল্লকাইয়া থাকিবার জো কী! তীরের জ্বালায় অস্থির হইয়া শেষটা তাহাকে দেখা দিতেই হইল। রামও অর্মান এক বালে একেবার তাহার ব্ক ফ্রটা করিয়া দিলেন। তখন ভয়ানক চিংকার করিয়া তাড়কা মরিয়া গিলে।

় রামের যুন্ধ দেখিয়া বিশ্বামিত বড়ই সন্তুষ্ট হইলেন। তিনি রামকে কী বলিয়া আশীবাদ করিবেন আর কী দিয়া সুখী করিবেন, তাহাই ঠিক করিতে পারিতেছেন না। সে রাত্রি তাঁহাদের সেই বনেই কাটিল। সকালে উঠিয়া বিশ্বামিত রামকে বলিলেন, ''বাছা, আমি তৈনার উপর বড়ই সন্তুষ্ট হইয়াছি, তাই তোমাকে কতকগ্লি আন্চর্ম অসত্র দিব। এ সকল অসত্র থাকিলে কেহই তোমার সংখ্য যুন্ধ কিরতে পারিবে না।''

ু এই বলিয়া বিশ্বামিত্র পূর্বমূথে বসিয়া মনে মনে অস্তাদিগকে গুলিকতে লাগিলেন আর অমনি নানার্প আশ্চর্য এবং ভয়ঙ্কর অস্ত্র সংখানে আসিয়া উপস্থিত হইল।

ধর্ম চক্র, কালচক্র, বিষণ্টকর, ইন্দ্রচক্র, ব্রহ্মশির, ঐহিক, ব্রহ্মান্ত্র,
র্মপাশ, কালপাশ, বর্ণপাশ, শৃত্বক অশীন, আর্দ্র অর্থান, পৈনাক,
রারায়ণ, শিখর, বায়ব্য, হয়শির, ক্রোণ্ড, কঙ্কাল, ম্যুল, কপাল,
কিভিকণী, চন্দন, মোহন, প্রস্বাপন, প্রশমন, বর্ষণ, শোষণ, সন্তাপন,
বিলাপন, মাদন, মানব, তামস, সোমন, সংব্ত—আর কত নাম করিব!

এ সকল ছাড়া, আরও অনেকগর্মল অস্ত্র, শক্তি, খজা, গদা, শ্ল, বজ্র
ইত্যাদি বিশ্বামিত্রের ডাকে সেখানে আসিয়া উপস্থিত হইল।

তাহারা জোড়হাত করিয়া রামকে বলিল, ''রাম, আমরা এখন তোমার হইয়াছি: তাম যাহা বলিবে তাহাই করিব।"

রাম একে একে তাহাদের সকলের গায়ে হাত দিয়া বলিলেন, "এখন যাও, আমি হখন ডাকিব তখন আসিবে।" অন্দেরা 'আছা তাহাই হইবে' বলিয়া চলিয়া। ইহার পর তাঁহারা একটা খ্ব স্কুদর প্থানে পথানটি দেখিয়া রাম বলিলেন, ''কী স্কুদর জায়গা কে থাকেন?'' বিশ্বামিত্র বলিলেন, ''এই প্থানে এখানে আগে কশ্যপ মুনি থাকিতেন। তিনি ত দেবীর সহিত এক হাজার বংসর এইখানে থাকিয় ছিলেন। তাঁহাদের তপস্যায় সম্ভূষ্ট হইয়া বিষ্কু নি হইয়া জন্মেন। সেই ছেলের নাম বামন; তিনি আকরিয়াছিলেন। এখন আমি এই প্থানে থাকিয়া তথানেই দৃষ্ট রাক্ষসেরা আমাদের বজ্ঞ নৃষ্ট করিতে। দিগকে তুমি মারিবে।''

ঠিক হইল ষে, প্রদিন যজ্ঞ আরম্ভ হইবে। উঠিয়া রাম লক্ষ্মণ বিশ্বামিত্রকে বলিলেন, "মুনিকখন আসিবে ঠিক করিয়া বলিয়া দিন।" বিশ্বাজিয়া চুপ করিয়া বসিয়া ছিলেন, রাম লক্ষ্মণের দিলেন না। অন্য মুনিরা বলিলেন, "রাজপ্র, উআছেন। উ'হাকে ছয় রাত্রি ঐর্প চুপ করিয়া থা বলিতে পারিবেন না। এই ছয় রাত্রি তোমরা ২ তপোবন পাহারা দাও।" রাম লক্ষ্মণ তখনই অস্ফ্রাদিতে আরম্ভ করিলেন। দিন নাই, রাত নাই, চোকেখন রাক্ষস আসে সেইদিকেই তাঁহাদের মন।

এইর্পে পাঁচ দিন চলিয়া গেল। ছয় দিনের বিশৌ করিয়া পাহারা দিতে লাগিলেন। এমন সময় বেদী জর্বলিয়া উঠিল। তাহার সংগ্য সংগ্য আক আর যজ্ঞের জায়গায় রক্তব্দি। তখন রাম উপদেখিলেন যে. মারীচ আর সন্বাহনুর সংগ্য বড় বং সেবা দল বাঁধিয়া যজ্ঞ নন্ট করিতে আসিয়াছে।

তাহা দেখিয়া রাম মারীচের বুকে মানবাস্ত । মারিলেন। বাণের চোটে সে বেচারা অজ্ঞান হইয় একেবারে একশত যোজন দুরে সমুদ্রে গিয়া পা আশ্নেয়াস্ত ছুর্ডিলে তাহার ঘা খাইয়া স্বাহ্ । মরিল। বাকি রাক্ষসগর্লি মারিতে খালি বায়ব্য অস্থ দরকার লাগে নাই। তখন মুনিগণের যে কী আন্ বলিব!

অনেক পরিশ্রমের পর সে রাত্রিতে লতাপাড়

লক্ষ্মণ বড়ই স্বথে ঘ্মাইলেন। পর্যাদন সকালে ম্বনিরা বলিলেন, 'চল বাবা, মিথিলায় যাই। সেখানকার রাজা জনক যজ্ঞ করিবেন, তাহা দেখিতে হইবে। আর সেখানে একখানা ভয়ঙ্কর ধন্ক আছে, তাহাতে এত জাের যে, দেবতা, গন্ধর্ব, রাক্ষ্স, মান্ষ কেহই তাহাতে গ্ল দিতে পারে না; সেই ধন্কখানাও দেখিতে হইবে।' এই বলিয়া ম্বনিরা মিথিলায় যাইবার জন্য জিনিস-পত্র বাধিয়া লইলেন। জিনিস নিতানত কম ছিল না, একশত খানা গাড়ি তাহাতেই বাঝাই হইয়া গেল।

সব্জ শস্যের ক্ষেতের মধ্য দিয়া তাঁহাদের চলিবার পথ। সে পথে যাইতে রাম লক্ষ্মণের বড়ই ভাল লাগিতেছিল। সেদিনকার রাত্রিতে তাঁহারা শোণ নদের ধারে আসিয়া রহিলেন। তাহার পরের রাত্রি গণগার ধারে, তাহার পরের রাত্রি বিশালা নগরে কাটিল। চারি দিনের দিন সকালবেলায় তাঁহারা দ্ব হইতে মিথিলার স্কুদর রাজপ্রী দেখিতে পাইলেন। ঐ স্থানের নিকটেই একটি অতি স্কুদর আর খ্ব প্রাতন আশ্রম ছিল। তাহা দেখিয়া রাম বিশ্বামিত্রকে জিজ্ঞাসা করিলেন, "এটি কাহার তপোবন? এখানে কেন লোকজন নাই?"

বিশ্বামিত্র বলিলেন, "বাছা, এটি গোতম মুনির আশ্রম। গোতমের স্থ্রী অহল্যা একবার একটা নিতান্ত অপরাধের কার্য করাতে গোতম তাঁহাকে শাপ দিয়াছিলেন, 'তুমি এইখানে ছাইয়ের উপর পাঁড়য়া থাক। তোমাকে কেহ দেখিতে পাইবে না। বাতাস ভিন্ন তুমি আর কিছু খাইতে পাইবে না। এইর্পে তোমার অনেক বংসর কাটিবে। তারপর যখন দশরথের পুত্র রাম এইখানে আসিবেন, তখন তাঁহার প্রা করিও। তাহা হইলে আবার তুমি ভাল হইবে, আর আমিও ফিরিয়া আসিব।' রাম, তুমি একবার এই আশ্রমের ভিতরে আইস। তাহা হইলে অহল্যা আবার ভাল হইতে পারেন।"

গোতমের আশ্রমে গিয়া তাঁহারা অহল্যা দেবীকে দেখিতে পাই-লন। এতদিন ধরিয়া তিনি কেবলই তপস্যা করিয়াছেন। এতদিন গাতমের শাপে কেহই তাঁহাকে দেখিতে পায় নাই। এখন রাম মাসিয়াছেন বলিয়া সকলেই তাঁহাকে দেখিল। অহল্যাকে দেখিয়া যাম লক্ষ্মণ তাঁহার পায়ের ধ্লা লইলেন। অহল্যাও গোতমের কথা যনে করিয়া রামের প্জা করিলেন। এদিকে গোতমও তপস্যার ব্বারা বকল জানিতে পারিয়া আশ্রমে ফিরিয়া আসিলেন। অহল্যারও দ্বংখের শ্রম হইল।

গোতমের আশ্রম হইতে মিথিলা বেশী দূর নয়। সেখানে গিয়া দকলে দেখিলেন যে. জনক রাজা অতি চমংকার যজ্ঞের আয়োজন করিয়াছেন। কত মানি, কত লোকজন, কত গাড়ি ঘোড়া সেখানে আসিরাছে, তাহা গণিয়া উঠা ভার। বিশ্বামিত্র তাঁহাদের থাকিবার জন্য সেই ভিড়ের এক কোণে একটি নিরিবিলি জায়গা খ্রিজয়া লইলেন। ততক্ষণে রাজা জনকও খবর পাইয়া বিশ্বামিত্রকে আদর করিবার জন্য সেখানে আসিয়াছেন; সংগ্রে তাঁহার প্রের্হিত শতানন্দ ম্নি।

বিশ্বামিত্রকে নানার্প সম্মানে তুল্ট করিয়া রাজা জিজ্ঞাসা করি-লেন, ''মর্নি ঠাকুর, আপনার সংগের এই ছেলে দর্টি কী স্কার! আহা, যেন দর্টি দেবতার ছেলে! এ দর্টি কোন রাজার পত্র ?"

বিশ্বামিত্র বলিলেন, "মহারাজ, ই'হারা অযোধ্যার রাজা দশরথের পরুত। সিন্ধাশ্রমে রাক্ষসদিগকে মারিয়া, তারপর গৌতমের আশ্রমে অহল্যার কন্ট দ্রে করিয়া এখানে আসিয়াছেন।"

জনকের প্রোহিত শতানন্দ মুনি গোতমের বড় ছেলে। তিনি যখন শ্নিলেন যে তাঁহার মাতা আবার ভাল হইয়াছে, তখন তাঁহাব মনে কী স্থই হইল! তিনি রামকে কতই স্নেহ দেখাইলেন আর বিশ্বামিত্রের কতই প্রশংসা করিলেন, তাহা বলিয়া শেষ করা যায় না। তিনি ব্বিথতে পারিয়াছিলেন যে, বিশ্বামিত্রই রামকে আনিয়া তাঁহার মায়ের দ্বঃখ দ্র করিয়াছেন।

প্রদিন স্কালবেলায় বিশ্বামিত্ত জনককে বলিলেন, "মহারাজ, সেই শিবের ধন্কখানি রাম লক্ষ্যণ একবার দেখিতে চাহেন।"

শিবের ধন কের কথা বলি, শুন। শিব একবার দেবতাদের উপর চটিয়া গিয়া এই ধনকে হাতে তাঁহাদিগকে তাড়া করিয়াছিলেন কিন্তু দেবতারা অনেক মিনতি করাতে খুশী হইয়া ধনকেখানা তাঁহাদিগকেই দিলেন। দেবতারা আবার রাজা দেবরাতের নিকট তাহা রাখেন। সেই রাজা দেবরাতই রাজা জনকের পূর্বপ্রয়ুয়।

ইহার পর একদিন রাজা জনক লাওল দিয়া যজের স্থান চিষতে-ছিলেন। এমন সময় তাঁহার লাওলের মৃথের কাছে প্থিবী হইতে একটি পরমা সন্দরী কন্যা উঠিল। লাওলের মৃথে উঠিয়াছিল বলিয়া জনক তাহার নাম রাখিলেন সীতা* আর প্রতিজ্ঞা করিলেন যে, শিবের ধনুকে যে গুণ দিতে পারিবে তাহার সহিত সীতার বিবাহ দিবেন।

তারপর এ-পর্য কত রাজা আসিয়াছে, কিন্তু তাহারা ধনুকে গুন দিবে কি, তাহা তুলিতেই পারে না। তখন তাহারা ভয়ানক চটিয়া গিয়া যুদ্ধ করিতে আসিল। রাজা জনক অনেক কণ্টে দেবতাদের সাহায্য লইয়া শেষে শত্র্বিদগকে তাড়াইয়াছেন।

[•] লাঙলের মুখের আঁচড়ে মাটিতে যে দাগ পড়ে তাহার নাম 'সীতা'।

বিশ্বামিত্রের কথায় জনক বলিলেন, "সেই ধন্ক আমি দেখাই-তেছি। রাম যদি তাহাতে গ্ল দিতে পারেন, তবে তিনি সীতাকে পাইবেন।"

তখন জনকের হাকুমে ধন্কখানা বাড়ির ভিতর হইতে বাহিরে আনা হইল। আট চাকার গাড়ির উপরে লোহার সিন্ধাকের মধ্যে ধন্কখানি রহিয়াছে। তাহা টানিয়া আনিতে পাঁচ হাজার জোয়ান কাহিল! রাম সেই ধন্ক দেখিয়া কহিলেন, "এটাতে গ্ল দিতে হইবে নাকি?"

বিশ্বামিত্র আর জনক বলিলেন, ''হাঁ।''

এত বড় ধন্ক তুলিতে রামের একট্ কণ্ট হইলেও তাঁহার নিন্দার কথা ছিল না। কিন্তু কণ্ট হওয়া দূরে থাকুক, বরং কাজটা রামের খুব সহজই বোধ হইল। যেই ধন্ক তোলা, অমনি তাহাতে গুণ চড়ানো। তার পর গুণ ধরিয়া এক টান দিতেই, ধন্ক ভাঙিয়া একেবারে দুইখান!

কিন্তু রাম তাহা সহজে ভাঙিলেন বলিয়া তো ধন্কখানি সহজ ধন্ক ছিল না! আর সে ধন্ক ভাঙার ব্যাপারখানাও বেমন তেমন ব্যাপার হইরাছিল বলিয়া মনে হর না; কারণ, তাহার শব্দে বিশ্বামিত্র, জনক আর রাম লক্ষ্মণ ছাড়া সকলেই চিংপাত হইরা পড়িয়া অজ্ঞান হইরা গিরাছিল। তখন জনক বলিলেন, "রামের গারে আশ্চর্য জোর! এমন আর কাহারও নাই। আমি ইহার সংগ্রেই সীতার বিবাহ দিব।"

তখনই পত্র লইরা দ্তেরা দশরথকে আনিতে অবোধ্যার চলিল। দশরথও তাহাদের মুখে সকল কথা শুনিরা আর বিলম্ব করিলেন না। পর্রদিনই বশিষ্ঠ আর অন্য অন্য প্ররোহত রাহ্মণ প্রভৃতিকে দিখে লইরা তিনি মিথিলা বাত্রা করিলেন। ধনরত্ন, গাড়িঘোড়া, সৈন্যাম্বত কত সংগ্য লইলেন তাহার লেখাজোখা নাই। মিথিলার শীছিতে তাঁহাদের চারি দিন লাগিল।

¹ রাজার রাজার দেখা হইলে খুবই ধ্মধাম হইরা থাকে, সে আর ত বর্ণনা করিব? কিন্তু আসল কাজের কথাটা, রামের বিবাহের খা।

জনক রাজার আর একটি মেয়ে ছিল, তাহার নাম ঊর্মিলা। তাহা মৃড়া, জনকের ভাই রাজা কুশধ্বজের দর্টি মেয়ে ছিল, তাহাদের নাম শিষ্ডবী আর শ্রুতকীতি। রাম, লক্ষ্মণ, ভরত, শগ্রুষা এই চারিটি গাইরের সংগ্যে সীতা, উর্মিলা, মাশ্ডবী আর শ্রুতকীতি, এই চারিটি বানের বিবাহ হইলে ভাল হয়, না? স্বৃতরাং স্থির হইল যে, রামের বিহত সীতার, লক্ষ্মণের সহিত উর্মিলার, ভরতের সহিত মাশ্ডবীর আর শন্র্ঘাের সহিত শ্রুতকীতির বিবাহ হইবে।

শৃভ সময়ে অণিন সাক্ষী করিয়া মহা ধ্মধামে শৃভকার্য শেষ হইল। সেদিন মিথিলায় কী আনন্দই হইয়াছিল! যেদিকে তাকাও কেবলই আলো আর নিশান আর ধ্পধ্না আর ম্নিঠাকুর আর শংখঘণ্টা আর ঢাকঢোল আর হাতি-ঘোড়া আর মিঠাই-সন্দেশ আর ভিথারী-বৈঞ্চব আর হাসি-তামাসা, ছ্টাছ্বটি, ভোজন, কোলাহল, কোলাহল আর কোলাহল।

পর্রাদন সকালে বিশ্বামিত্র হিমালয়ে চলিয়া গেলেন। দশরথও অযোধ্যায় যাইবার আয়োজন করিতে লাগিলেন। জনক প্রত্যেক মেয়েকে কী দিয়াছিলেন শ্রনিবে? প্রত্যেক মেয়েকে তিনি এক এক লক্ষ গর্ দিয়াছিলেন। আর হাতি, ঘোড়া, সিপাহি, সোনা, রূপা, মাণ, ম্বুা, রেশমী কাপড়, কশ্বল ইত্যাদি কত যে দিয়াছিলেন, আমি তাহার হিসাব দিতে পারিব না। ইহার উপর আবার এক এক শত করিয়া স্থী, এক এক শত দাসী আর এক এক শত চাকর। এইর্পে আদর্বহ করিয়া জনক সকলকে বিদায় করিলেন। দশরথও মনের স্থে অযোধ্যায় চলিলেন।

এমন সময় দেখ, কী সর্বনাশ উপস্থিত! পাখিরা চে'চাইতেছে, জন্তুরা ছুটিয়া পলাইতেছে, পৃথিবী কাঁপিতেছে, ঝড় বহিতেছে, গাছ ভাঙিয়া পড়িতেছে, সূর্য ঢাকিয়া গিয়াছে, চারিদিকে অন্ধকার। সকলে ভয়ে অস্থির, না জানি এর পর কী বিপদ হইবে!

বিপদ যে কী, তাহা জানিতেও বিলম্ব হইল না কারণ তথনই পরশ্রাম আসিয়া উপস্থিত হইলেন। যে মান্য আসিবার সময় এমন কাণ্ড হয়, তিনি যে কেমন ভয়ঙ্কর লোক তাহা ব্রিতেই পার। তাঁহার শরীরটা যেন একটা পাহাড়, চোখদ্টো যেন আগ্রনের গোলা! হাতে একখানি ধন্ক আছে, তাহা সেই জনক রাজার ধন্কের চেযে নিতান্ত কম নহে। আর একখানা কুড়াল যা আছে, তাহার কথা কীবালা কুড়াল কাঁধে ফিরেন বলিয়া তাঁহার 'পরশ্ব' রাম (পরশ্ব অর্থাৎ কৃড়াল কাঁধে ফিরেন বলিয়া তাঁহার 'পরশ্ব' রাম (পরশ্ব অর্থাৎ কৃড়াল নাম হইয়াছে। এই কড়াল দিয়া তিনি, এক বার নয়, দ্ব-বার নয়, ক্রমাগত একশ বার ক্ষত্রিয়াদিগকে কাটিয়া খণ্ড খণ্ড করিয়াছেন। তাহাদের অপরাধ এই যে, কার্তবীর্যাজর্বন নামক তাহাদের একজন তাঁহার বাপ জমদণিন মানিকে মারিয়া ফেলে।

এতদিনে তাঁহার রাগটা একট্ব কমিয়াছে, এখন আর ক্ষতিয় দেখি-লেই তাহাকে ধবিয়া মারেন না। কিন্তু রামের উপর তিনি বড়ই চটিয়া গিয়াছেন। তিনি আসিয়া রামকে বলিলেন, ''তুমি নাকি বড় বীর ইইয়াছ? শিবের ধন্ক ভাঙিয়াছ? বটে! আছা আমি একখানি ধন্ক

আনিয়াছি। এখানিতে যদি তীর চড়াইতে পার. তবে তোমার সহিত যুদ্ধ করিব।''

ইহা শ্নিয়া দশরথের বড় ভয় হইল। তিনি রামকে ছাড়িয়া দিবার জন্য পরশ্রামকে অনেক মিনতি করিলেন। কিন্তু পরশ্রামকী তাহা শোনেন! তিনি রামকে বলিলেন, "বিশ্বকর্মা দ্-খানি বড় ধন্ক প্রস্তুত করিয়াছিলেন; তাহার একথানি তুমি ভাঙিয়াছ আর একথানি এই আমার হাতে। আমার এই ধন্কথানিতে তীর চড়াও. দেখি তুমি কেমন ক্ষতিয়!"

ক্ষতিয়কে 'দেখি তুমি কেমন ক্ষতিয়' বলিলে বড়ই অপমানের কথা হয়। কাজেই তখন রাম ধন্কখানি লইয়া তাহাতে গ্রণ দিলেন। তারপর একটি বাণ চড়াইয়া বলিলেন, ''ম্নিন ঠাকুর, আপনি রাহ্মণ, আমাব গ্রহ্ণোক; তাই এই বাণ আমি আপনার উপর ছর্ড়িতে ইচ্ছা করিনা; কেন না, তাহা হইলে আপনি মরিয়া যাইবেন। তবে আপনি তপস্যা করিয়া যে সকল জায়গা পাইয়াছেন, আমি তাহা নঘ্ট করিয়া দিব কিংবা আপনার আকাশে চলাফেরার পথ বন্ধ করিয়া দিব। বল্বন, কোন্টা করিব।''

এতক্ষণে পরশ্রামের সে রাগ নাই। তিনি খ্ব জব্দও হইয়া গিয়াছেন আর তাই নরম হইয়া বলিলেন, ''রাম, আমার তপস্যায় পাওয়া স্থানগর্বলই না হয় নন্ট কবিয়া দাও, কিন্তু আমার পথ আট-কাইও না। আমি ব্রিষ্ঠে পারিয়াছি, তমি যে সে লোক নহ।''

ভাহাতে রাম তীর ছর্ডিয়া পরশ্রামের তপস্যায় পাওয়া জায়গা-গর্বল নন্ট করিয়া দিলেন আর পরশ্রাম সেখান হইতে চলিয়া গেলেন। তখন সকলে অযোধ্যায় চলিয়া আসিল।

তারপর রানীরা কত আদর করিয়া বউদিগকে ঘরে লইলেন সে আর বেশী করিয়া কী বলিব। সে সময় প্জা, অর্চনা, গান-বাজনা, আমোদ-আহ্মাদ অবশ্যই হইয়াছিল। রানীবা বউদিগকে আশীর্বাদ করিয়া বসন ভ্ষণ কত কী দিয়াছিলেন, সে থবর কে রাখে!

আমি কেবল ইহাই জানি যে, ইহার কিছ্বদিন পরে শার্ঘাকে লইয়া ভরত তাহার মামার বাড়ি বেড়াইতে গেলেন।

অযোধ্যাকাণ্ড

রাজা দশরথের বয়স প্রায় বাট বংসর হইয়াছে। কাজেই এখন আর তিনি রাজ্যের কাজের জন্য আগের মতন পরিশ্রম করিতে পারেন না। আর রামও এতদিনে বিদ্যায়, বৃদ্ধিতে, জোরে, সাহসে অর্থাৎ মান্বের যত রকম গৃণ হইতে পারে, সকল গৃণেই সকলের বড় হইয়া উঠিয়াছেন। ইহা দেখিয়া দশরথ একদিন মন্ত্রীদিগকে বলিলেন, ''আমি এখন বৃড়া হইয়াছি, আর কত দিনই বা বাঁচিব। তাই আমি মনে করিতেছি যে রামকে বৃবরাজ করিয়া দেই।"

খবব পাইয়া প্থিবীর যত ভাল ভাল রাজা আর বড় লোক সকলে দশরথের সভায় আসিয়া উপস্থিত হইলেন। সেই সভায় দশরথ বলিলেন, ''আমার অনেক বয়স হইয়াছে, চুল পাকিয়া গিয়াছে, গায়ের জার কমিয়া গিয়াছে। এই বৢড়া বয়সে আমি আর রাজ্যের জন্য এত পরিশ্রম করিতে পারি না। আমার রাম এখন বড় হইয়াছেন, আর তাঁহার গ্রের কথা তোমরা সকলেই জান। এজন্য আমি এখন তাঁহার হাতে রাজ্যের ভার দিতে চাহিতেছি। তাহাতে তোমরা কাঁবল?"

এ কথায় সকলে বলিল, "মহারাজ, রামের গাণের কথা কী বলিব! প্থিবীতে এমন আর নাই। দেশের লোক রামকে বে কত ভালবাসে, তাহা বলিয়া শেষ করা যায় না। আপনি রামকে বাবরাজ করিয়া দিন, দেখিয়া আমাদের চক্ষা জাড়াক।"

তখন দশরথ বলিলেন, "স্বন্দর চৈচ মাস আসিতেছে; বনে ফ্ল ফ্রিটিয়াছে। আপনারা শীঘ্র আয়োজন কর্ন। এই স্বন্দর সমরে রামকে ব্বরাজ করিতে হইবে।" এই কথা শ্বিনয়া সভার লোক এতই আনন্দিত হইল যে, তাহাদের কোলাহলে সভাঘর ফাটে আর কি!

দশরথের কথায় মন্ত্রী স্মন্ত্র তথনি রামকে লইয়া আসিলেন।
দশরথ পরম আদরের সহিত তাঁহাকে কাছে বসাইরা বলিলেন, "বাবা,
তোমার যেমন গ্ন্ন, সকলে তোমাকে তেমনি ভালবাসে। এখন তুমি
ব্বরাজ হও, তাহা দেখিয়া সকলে স্থী হউক।" রামের বাহারা
বন্ধ্ব, তাহারা শ্নিবামাত্র ছাটিয়া গিয়া কৌশল্যাকে খবর দিল। সে
সংবাদে কৌশল্যা কির্প খুশী হইয়াছিলেন, আর তাহাদিগকে কত
প্রক্রার দিয়াছিলেন, তাহা ব্রিজতেই পার।

স্থির হইল যে, পর্রাদনই রামকে যুবরাজ করা হইবে। সে সংবাদে অযোধ্যায় হ্রদম্থলে পড়িয়া গেল। অযোধ্যার লোকের মনের আনদ্দে মরে থাকিতে না পারিয়া পথে আসিয়া কোলাহল করিতে লাগিল। গাড়ি ঘোড়া লইয়া আর চলিবার জো রহিল না। সকলের মুখে খালি গামের কথা। কেহ বলিতেছে, "বা, মহারাজ কী ভাল কাজই করি-লেন!" কেহ বলিতেছে, "মহারাজ চিরজীবী হউন!"

রানী কৈকেয়ীর একটা দাসী ছিল। তাহার নাম ছিল মন্থরা; কিন্তু তাহার পিঠে একটা মন্ত কু'জ ছিল বলিয়া সকলে তাহাকে কু'জী বলিয়া ডাকিত। যেমন কদাকার চেহারা, তেমনি তাহার কুটিল মন ছিল। কৈকেয়ী ঐ দাসীটিকে বাপের বাড়ি হইতে আনিয়াছিলেন, কাজেই তাহাকে বড় আদর করিতেন।

লোকের কলরব শ্নিরা কুজী ছাতে উঠিয়া দেখিতে গেল কীসের গোলমাল। সেখানে গিয়া দেখিল যে, রাস্তায় চন্দনের জল আর পন্মের পাপড়ি ছড়ানো হইয়াছে, নিশান উড়িতেছে আর চারিদিকে কেবল গান বাজনা আর কোলাহল শ্না যায়। ইহাতে কুজীর মনে বড়ই ভাবনা উপস্থিত হইল। উহার কাছেই একটি ঝি রেশমী কাপড় পরিয়া হাসিম্থে দাঁড়াইয়াছিল। কুজী তাহাকে জিজ্ঞাসা করিল, 'হাঁ গা, রামের মা কৌশল্যা কীসের জন্য লোককে এত টাকা দিতেছে?''

िय र्वानन, "कान य ताम युवताक ट्टेर्यन!"

এই কথা শর্নিয়া আর কি কুজী হিংসায় স্থির থাকিতে পারে! সে হিংসায় যে তার কুজ ফাটিয়া যায় নাই, ইহাই আশ্চর্য! কৈকেয়ী তখন শ্রইয়া ছিলেন। কুজী সেখানে ছর্টিয়া আসিয়া তাঁহাকে কী তাড়াটাই দিল!—'বড় যে শ্রইয়া আছ? দেখিতেছ না যে তোমার সর্বনাশ হইয়া গেল? শীঘ্র উঠ!'

কু'জীর রাগ দেখিয়া কৈকেয়ী আশ্চর্য হইয়া বলিলেন, 'কী হইয়াছে মন্থরা? আমার কোন বিপদ হইয়াছে কি? তুমি এত ব্যুক্ত হইয়াছ কেন? মন্থরা দাঁত মুখ খি'চাইয়া বলিল, "তোমার যাহাতে সর্বনাশ হয় তাহাই হইয়াছে! কাল মহারাজ রামকে যুবরাজ করিবেন!"

এ কথা শ্নিয়া কৈকেয়ীর এত আনন্দ হইল যে তিনি তথনই একখানা দামী গহনা কু'জ্ঞীকে প্রস্কার দিয়া ফেলিলেন। কু'জ্ঞী তাহা দ্রে ফেলিয়া দিয়া কহিল, "কী বোকা! এমন বিপদে পড়িয়াও আবার আমোদ করিতেছ! রাম রাজা হইলে ভরতের সর্বনাশ হইবে না ব্রিথ? আর তুমিও ব্রিথ তখন কৌশল্যা রানীর দাসী হইয়া থাকিবে না?"

কৈকেয়ী বলিলেন, "মন্থরা, রাম বড়ই ধার্মিক; আর তিনি যখন

বড় ছেলে তখন তাঁহারই তো রাজ্য পাওয়া উচিত। রাম আমাকে যেমন থত্ন করেন ভরতও তেমন করে না। আমি ভরতকে যেমন ভালবাসি, রামকেও তেমনি ভালবাসি। রাম রাজা হইলে দেখিবে, তিনি ভাইদিগকে কত সুখে রাখিবেন।"

কুজী লন্বা নিশ্বাস ছাড়িরা বলিল, "হার হার, এ কেমন মেরে গো! আমি তোমার ভালোর জন্য এত করি, আর তুমি আমার কথার কানই দাও না! রাম রাজা হইলে নিশ্চর ভরতকে তাড়াইরা দিবে, না হয় মারিয়া ফেলিবে; আর সেই রামের বে মা, কৌশল্যারানী, তাহাকে তো তুমি এতদিন হিসাবই কর নাই। সে কি তখন তাহার শোধ লইতে ছাড়িবে? তাই বলি, এইবেলা বাহাতে ভরত রাজ্য পার আব রাম বনে চলিয়া যায়, তাহার উপার দেখ।"

হায় হায়, এই কুজী হতভাগা কেন প্থিবীতে জন্মিয়াছিল? কৈকেয়ীর মন তো আগে মন্দ ছিল না! দুষ্ট কুজীই তো তাঁহার ভিতরে হিংসা ঢুকাইয়া দিল। কুজী বখন 'ভরতকে রাম মারিয়া ফেলিবে' বলিয়া ভয় দেখাইল, তখন কাজেই কৈকেয়ী বলিলেন. ''মন্থরা, আজই আমি রামকে বনে পাঠাইয়া ভরতকে রাজা করিব। এখন এই কাজিট কেমন করিয়া হইতে পারে বল।''

े কুজী বলিল, ''সেকি! তুমি কি সব ভুলিয়া গিয়াছ? সেই যে দশ্ভকবনের ভিতরে বৈজয়শ্তী নগরে সম্বর অস্কুর ছিল, দেবতাদের সংগ্র তাহার ভয়ানক বৃশ্ব হয়। সেই বৃশ্বে আমাদের রাজা দেবতাদের সাহায্য করিতে গিরাছিলেন, তোমাকে সঙ্গে নিরাছিলেন। ভয়ানক অস্তের ঘা খাইয়া বৃদ্ধের জারগাতেই অজ্ঞান হইয়া গেলেন তখন তুমি তাঁহাকে সেখান হইতে লইরা আসিরা বাঁচাইলে। তাহাতে তিনি তোমাকে দুইটি বর দিতে চাহিলেন আর তুমি বলিলে, 'যখন ইচ্ছা হয় লইব'। এ সকল কথা তো তোমার মুখেই শ্রনিয়াছি। এখন কেন সেই বর চাহিয়া লও না? এক বরে রামকে বনে পাঠাও আ? এক বরে ভরতকে রাজ কর। তাহা হইলেই আপদ চুকিয়া বাইবে এক কাজ কর। তুমি ময়লা কাপড় পরিরা মুখ ভার করিরা মেঝেতেই পাডিয়া থাক। রাজা আসিলে কথাটিও কহিবে না. খালি রাগ করিবে আর কাঁদিবে। রাজা তোমাকে বেরপে ভালবাসেন তাহাতে তোমার রাণ দেখিলে নিশ্চর তুমি বাহা চাও তাহাই দিরা তোমাকে খুশী করিবেন কিন্তু খবরদার! আগে রাজার মুখ দিয়া এই কথাটি বাহির করিয় লইবে যে, তুমি যাহা চাও তাহাই তিনি দিবেন। এইরকম করিয তাঁহাকে তাঁহার কথায় আটকাইয়া তারপর বর দ্বইটি চাহিবে। তাহ হইলে আর তাঁহার 'না' বলিবার জো থাকিবে না।''

এইর্প করিয়া কুজা কৈকেয়ীর মন একেবারে খারাপ করিয়া দিল। তখন তাঁহার ম্থে কুজীর প্রশংসা আর ধরে না। এরপর ময়লা কাপড় পরিয়া, গহনা ভাঙিয়া, রাগের ভরে মেঝেতে শ্রহতে আর কতক্ষণ লাগে।

এদিকে রাজা দশরথ রামের সংবাদ লইয়া কৈকেয়ীর মহলে আসিয়া দেখেন—কৈকেয়ীর মৃথে কথা নাই, গায়ে অলঙকার নাই, তিনি মেঝেতে পড়িয়া কেবলই কাঁদিতেছেন। কী সর্বনাশ! কৈকেয়ীর কী হইয়াছে? কে তাঁহার এমন দশা করিল? বেচারা বৃড়া রাজা বাসত হইয়া কত মিষ্ট করিয়া জিজ্ঞাসা করিলেন, "কৈকেয়ী, তোমার কি কোন অস্থ হইয়াছে? না কেহ তোমাকে কিছু বলিয়াছে? না তুমি কাহারও উপর রাগ করিয়াছ?"

কৈকেয়ী কোন কথারই উত্তর দিলেন না। শেষে রাজা বলিলেন, "তোমার কি কিছ্ চাই? বল সেটা কোন জিনিস, এখনই তাহা দিতেছি।"

তখন কৈকেয়ী বলিলেন, ''আগে প্রতিজ্ঞা কর দিবে, তবে বলিব।'' রাজা বলিলেন, ''এই প্রথিবীতে রামের মতন আমি কাহাকেও ভালবাসি না। সেই রামের নাম লইয়া আমি প্রতিজ্ঞা ক্রিতেছি, তুমি যাহা চাইবে তাহাই দিব।"

এ কথা শর্নিয়া কৈকেয়ী বলিলেন, "মহারাজ, সেই দেবাস্র বৃদ্ধের কথা মনে কর। সেই যে তুমি ভয়ানক অস্তের ঘা খাইয়াছিলে আর আমি তোমাকে বাঁচাইয়াছিলাম। তখন যে আমাকে দর্টি বর দিতে চাহিয়াছিলে আর আমি বলিয়াছিলাম—দরকার হইলে লইব; আজ সেই দ্ই বর আমাকে দিতে হইবে। এখন তুমি প্রতিজ্ঞা করিয়া যদি না দাও তবে আমি নিশ্চয় মরিয়া যাইব।"

নিষ্ঠ্র কৈকেয়ী ব্ঝিয়াছিলেন যে রাজা একবার 'দিব' বলিলে আর প্রাণ গেলেও 'দিব না' বলিতে পারিবেন না। তাই এখন সময় ব্ঝিয়া বলিলেন, "রামকে চৌন্দ বংসরের জন্য সম্যাসী সাজাইয়া দশ্ডক বনে পাঠাইতে হইবে, আর ভরতকে রাজা করিতে হইবে।"

হায়. কী নিষ্ঠার কথা! সেই ভয়ানক কথা শ্রনিয়াই দশরথ অজ্ঞান হইয়া পড়িয়া গেলেন। খানিক পরে একটা জ্ঞান হইলে উঠিয়া বাসিয়া-ছিলেন কিন্তু তখনই কৈকেয়ীর কথা মনে হওয়াতে আবার অজ্ঞান হইয়া গেলেন।

অনেক ক্ষণ পরে আবার দশরথের জ্ঞান হইল। তথন তিনি ভয়ানক রাগের সহিত কৈকেয়ীর দিকে চাহিয়া বাললেন, "ওরে নিষ্ঠার, দৃষ্ট কৈকেয়ী, রাম তোর কী করিয়াছে? রাম এমন করিয়া তোর সেবা রাম বালিলেন, "মা, এমন কথা কেন বালিতেছেন? বাবা যে কাজ করিবেন বালিয়াছেন, আমি কখনই তাহাতে বাধা দিব না। বাবার কথা কি অমান্য করিতে পারি?"

তাহা শর্নিয়া কৈকেয়ী বলিলেন, "কথাটি বাপ্ন আর কিছ্নুই নয়। তোমার বাবা আগে আমাকে দ্বিট বর দিবেন বলিয়াছিলেন, সেই বর আমি আজ চাহিয়াছি। একটা বর এই যে, তুমি মাথায় জটা লইয়া গাছের ছাল পরিয়া চৌন্দ বংসরের জন্য দন্ডক বনে যাইবে। আর একটা বর চাহিয়াছি যে, এই যে সব আয়োজন হইয়াছে, তাহা দিয়া আমার ভরতই রাজা হইবে। মহারাজের কণ্ট হইতেছে বলিয়া মুখে এ সকল কথা বলিতে পারিতেছেন না, তাই আমি বলিলাম। পিতার কথা তোমার রাখা উচিত।"

এ কথা শর্নিয়া দশরথ দ্বংখে নিশ্বাস ফেলিলেন। কিন্তু রাম একট্ও দ্বংখিত না হইয়া বলিলেন, ''আচ্ছা মা, তাহাই করিব। এমন কী কাজ আছে, বাবা বলিলে যাহা না করিতে পারি? আজই ভরতকে আনিতে দ্ত পাঠাইয়া দিন। আমিও আজই বনে চলিয়া যাইতেছি। কিন্তু বাবা কেন নিজে আমাকে এ কথা বলিলেন না?''

কৈকেয়ী বলিলেন, ''মহারাজের বড় লম্জা হইয়াছে, তাই কথা বলিতেছেন না। কিন্তু তুমি যতক্ষণ চলিয়া না যাইতেছ, ততক্ষণ ভাঁহার স্নানাহার নাই।''

এই কথা শর্নিয়া দশরথ হায় হায় করিতে করিতে আবার অজ্ঞান হইয়া গেলেন। বনে যাইবার কথায় রামের কোন কণ্টই হয় নাই. কিন্তু পিতার দ্ঃখে তিনি অস্থির হইলেন। কিন্তু হায়! এই সময় পিতার একট্ব সেবাও করিতে পারিলেন না, কারণ এখনই তাঁহাকে বনে যাইতে হইবে! কোন রকমে রাজাকে একট্ব তুলিয়া বসাইয়াই তাঁহাকে চলিয়া আসিতে হইল।

কৈকেয়ীর ব্যবহারে লক্ষ্মণ রাগে অস্থির হইয়া উঠিলেন কিন্ত্র্রামের কিছুমান্ত দ্বংখের ভাব দেখা গেল না। তিনি লক্ষ্মণকে সংগ্রুকরিয়া ধীরে ধীরে কৌশল্যার বাড়িতে চলিলেন। সেখানে মেয়েরা স্বন্দর সাজ পোশাক পরিয়া তাঁহারই জন্য আমোদ আল্মাদ করিতেছিল। তাহা দেখিয়াও তাঁহার দ্বংখ হইল না। তাঁহার মনে কেবল এই ভাবিয়া দ্বংখ হইল যে, তিনি গেলে হয়তো তাঁহার পিতা মাতা মরিয়া ষাইবেন।

রামের বনবাসের কথা ততক্ষণে অনেকেই শ্রনিয়াছে আর সকলেই কাঁদিয়া কাঁদিয়া রাজার নিন্দা করিতেছে। কিন্তু মা কৌশল্যা তখনও ইহার কিছুই জানিতে পারেন নাই। রাম য্বরাজ হইবেন তাহাই



তিনি জানেন আর তাঁহারই জন্য মনের স্বুখে দেবতার প্রা করিতে-ছেন।

এমন সময় রাম উপস্থিত হইয়া তাঁহাকে প্রণাম করিলেন। কোঁশল্যা আনন্দে তাঁহার গায়ে হাত ব্লাইতে ব্লাইতে কহিলেন, "বাবা, আজ তুমি য্বরাজ হইবে। আশীর্বাদ করি, অনেক দিন স্থে বাঁচিয়া থাক। ধর্মে তোমার মতি হউক আর সকলে তোমাকে ভালবাস্ক।"

রাম বিলিলেন, "মা, তোমার বড় দ**্বংখের সময় আসিয়াছে। তুমি** তো জান না মা, আমি এখনই দন্ডকবনে যাইব। মহারাজ ভরতকে রাজ্য দিবেন আর আমাকে চৌদ্দ বংসরের জন্য বনে যাইতে হইবে।"

আমরা অনেক সময়ে লোকের কণ্ট বৃঝিতে পারি। কিন্তু হায়, আমাদের এমন কী সাধ্য আছে যে, মা কৌশল্যার প্রাণের কণ্ট বৃঝিতে পারিব? তিনি অজ্ঞান হইয়া গেলেন, সকলে সেবা করিয়া তাঁহাকে সমুস্থ করিল। জ্ঞান হইলে পর তিনি বালিলেন, ''বাছা রাম, তোমাকে হারাইয়া আমি কী করিয়া বাঁচিব? হায় হায়, আমার বৃক্টা কি লোহার যে এত দ্বংখেও ফাটিয়া গেল না? আমার কি মরণ নাই? আহা, যমের খরে বৃঝি আমার মতন দ্বৃংখিনীর জ্বন্য একট্ব জ্বায়গা হইবে না! বাছা, আমাকে ডোমার সংগে লইয়া চল।"

কৌশল্যার দৃঃখ দেখিয়া লক্ষ্মণ কাদিতে কাদিতে বাললেন, "মা, দাদা কীসের জন্য বনে যাইবেন? মহারাজ এখন বৃড়া হইরাছেন, তাঁহার কি মাধার ঠিক আছে? তাহা না হইলে কেন স্থার কথায় ভূলিয়া এমন লোককে বনে পাঠাইতেছেন? এমন রাজার কথা না শ্নিকে কী হয়?"

তারপর তিনি রামকে বলিলেন, "দাদা, একবার হৃত্ম দাও তো দেখি কে তোমাকে রাজ্য না দেয়! না হয় অবোধ্যার সব লোককে মারিব। বাবাকেও মারিব। আমার প্রাণ থাকিতে ক্যুহার সাধ্য তোমাকে ইকাইয়া ভরতকে রাজ্য দেয়!"

ইহ শর্নিয়া কৌশল্যা বলিলেন, "শোন রাম, লক্ষ্মণ কী বলি-তেছে! বাবা, তুমি বনে যাইও না! তাহা হইলে আমি কখনই বাঁচিব না। মাকে মারিলে তোমার পাপ হইবে।"

কৌশল্যার কণ্ট দেখিয়া রামের বৃক ফাটিয়া যাইতে লাগিল। তিনি বলিলেন, "মা, কাঁদিও না। বাবার কথা আদ্ধি কী করিয়া অমান্য করিব? ভাই লক্ষ্মণ, তুমি আমাকে কত ভালবাস, তাহা কি আমি জানি না? তোমার কণ্ট বৃঝিতেছি কিন্তু যাহাতে ধর্ম হয় তাহাই আমাদের করা উচিত। কাজেই বাবা যথন বলিয়াছেন, তথন আমায় বনে যাইতেই হইবে।"

তারপর হাতজোড় করিয়া রাম কোশল্যাকে বলিলেন, ''বাবা ধম ঠিক রাখিবার জন্যই আমাকে বনে পাঠাইতেছেন। আমাদের কি উচিত তাঁহার কথা অমান্য করা? মা, আমাকে বনে যাইবার অনুমতি দাও: আর আশীর্বাদ কর, যেন চৌন্দ বংসর পরে আবার আসিয়া তোমার পায়ের ধ্লা লইতে পারি। তোমার পায়ে ধরি মা, আমাকে বাধ দিও না!"

এইর্প করিয়া রাম কোশল্যাকে কত ব্ঝাইলেন কিন্তু কোশল্য তব্ও বলিলেন, ''বাবা, আমি তোমার সঞ্গেই যাইব!''

রাম বলিলেন, "দেখ মা, কৈকেষী ছল করিয়া বাবাকে কী ভয়ানব দৃঃখে কেলিয়াছেন। আমি তো বনে চলিলাম, তারপর তুমিও যদি আমার সংখ্য যাও, তবে কি বাবা বাঁচিবেন? মা, এমন কথা মনে ভাবিও না। যতাদন বাবা বাাঁচয়া আছেন, ততদিন তাঁহার সেবা কর। চৌদ্দ বংসর পরে নিশ্চয় আমি আবার আসিব।"

এইর্পে রাম অনেক ব্ঝাইলে পর কৌশল্যা ভক্তিতরে দেবতার প্জা কবিতে বসিলেন, যাহাতে রামের কোন অমঙ্গল না হয়। প্জ শেষ হইলে তাঁহাকে ব্কে চাপিয়া ধরিয়া তাঁহার মুখখানির দিবে একদৃষ্টে চাহিয়া রহিলেন; চক্ষ্ম আর ফিরিতে চাহে না। শেষে রাম্ তাঁহাব পায়ের ধ্লা মাথায় লইয়া সীতার নিকট বিদায় লইতে চলিলেন।

সীতাও বিপদের কথা কিছুই জানিতে পারেন নাই কিন্তু রামে: মুখ দেখিয়াই তিনি বুঝিতে পারিলেন যে একটা বিপদ হইয়াছে রাম যখন বনে যাইবার কথা বলিলেন, তখন সীতা রাজ্য গেল বলিয় কোন দুঃখ করিলেন না। তিনি কেবল বলিলেন, "আমি তোমার সঙ্গে যাইব।"

রাম অনেক নিষেধ করিলেন। বনে যত ক্লেশ যত ভয় আছে তাহাদের কথা বলিয়া অনেক ব্ঝাইলেন কিন্তু সীতা তাহা শ্রনিবেদ কেন? তিনি রামের গলা জড়াইয়া ধরিয়া এমন কাঁদিতে লাগিলেন যে, নাম কিছ্বতেই তাঁহাকে রাখিয়া যাইতে পারিলেন না। রাফ বলিলেন, "তবে চল। আমি যেমন করিয়া থাকিব, তুমিও তেমনি করিয়া থাকিবে। আমাদের যাহা কিছ্ব আছে তাহা বিলাইয়া দিয় চল আমরা শীঘ্র বনে যাই।"

লক্ষ্মণ বামের আগেই সেখানে আসিয়াছিলেন। রাম আর সীতার্ কথাবার্তা শ্বনিয়া তিনি বলিলেন, "দাদা, যদি যাইবেই, তবে আফি ধনুক বাণ লইয়া তোমার আগে যাইব। আমি তোমাকে ছাড়িয় থাকিতে পারিব না।"

সন্তরাং, লক্ষ্মণকে সংগে লইতে হইল। লক্ষ্মণ দেখিতে দেখিতে সকলের নিকট বিদায় লইয়া অস্থাশত্র বাঁধিয়া প্রস্তৃত। রাম লক্ষ্মণ আর সীতা দশরথের সহিত দেখা করিবার জন্য পথ দিয়া হাঁটিয়া চলিলেন। তাহা দেখিয়া সকলে বলিতে লাগিল, "হায় হায়, যে রাম কখনও একা পথ চলেন নাই. যে সীতা কখনও ঘরের বাহির হন নাই, আজ কিনা তাঁহারা এমনিভাবে হাঁটিয়া চলিয়াছেন! দশরথকে নিশ্চয়ই ভূতে পাইয়াছে. নহিলে এর্প হইবে কেন? এ দেশে আমরা আর থাকিব না। চল আমরা রামের সংগে বনে চলিয়া যাই।"

রামকে বিদায় দিতে দশরথের কীর্প কণ্ট হইয়াছিল, তাহা আর আমি লিখিয়া কত জানাইব? কৈকেয়ীর ছল ব্রিথতে না পারিয়া তাঁহাকে বর দিয়া বিসয়াছেন, কাজেই এখন আর নিজে কী করিয়া 'না' বলেন! কিন্তু রাম তাঁহার কথায় বনে যান, ইহা তাঁহার একেবারেই ইচ্ছা নহে। তাই তিনি রামকে বলিলেন, "বাছা রে, তুমি আমাকে বাঁধিয়া রাখিয়া নিজে অযোধ্যার রাজা হও।"

রাম বলিলেন, "বাবা, আপনি আরও হাজার বংসর বাঁচিয়া থাকিয়া স্থে রাজ্য কর্ন। আমি রাজ্য চাহি না। আমি বনে গিয়া আপনার প্রতিজ্ঞা রাখিয়া, তারপর আবার আপনার পায়ের ধ্লা লইতে আসিব।"

আর একটি দিন রামকে রাখিতে পারিলেও হয়তো দশরথের মনে কতকটা আরাম হইত। কিন্তু আর একটি দিনও তাঁহাকে রাখিবার উপায় নাই, কারণ সেইদিনই তাঁহার যাইবার কথা।

শেষে দশরথ স্মন্তকে বলিলেন, "রামের সঙ্গে অনেক সৈন্য, অস্ত্রশস্ত্র আব গাড়ি ঘোড়া দাও। শহরের লোকেরা তাঁহার সঙ্গে যাউক। লোকজন, টাকাকড়ি কিছ্বতেই যেন তাঁহার কণ্ট না হয়।"

ইহা শ্রনিয়া কৈকেয়ী বলিলেন, "মহারাজ, সবই যদি রামের সঙ্গে পাঠাইবেন, তবে আমার ভরতের রাজা হইয়াই বা কী লাভ?"

রাম বলিলেন, "বাবা, আমার একখানা খণ্ডা, একটি পে'টরা আর খানকতক ছে'ডা ন্যাকডা হইলেই চলিবে।"

এই কথা বলিতে বলিতেই কৈকেয়ী তিন ট্করা ন্যাকড়া লইয়া উপস্থিত। রাম লক্ষ্যণ ভাল কাপড় ছাডিয়া ন্যাকড়া পরিলেন। কিন্তু হায়, সীতা তো জানেন না কেমন করিয়া ন্যাকড়া পরিতে হয়! তিনি শ্ব্ব তাহা হাতে করিয়া দাঁড়াইয়া রহিলেন। স্বতরাং, রামকেই নিজ হাতে সেই ন্যাকড়াখানা তাঁহার রেশমী শাড়ির উপরে জড়াইয়া দিতে হইল। তাহা দেখিয়া কাহার সাধ্য চোথের জল থামাইয়া রাখে!

তখন বশিষ্ঠ সীতাকে ন্যাকড়া পরাইতে বারণ করিয়া কৈকেয়ীবে অনেক বকিলেন। দশরথও বলিলেন, "সীতাকে ন্যাকড়া পরাইতে হইবে এমন বর তো আমি কখনও দিই নাই! সীতা সকল রক্ষ ধনরত্ন সংগ্রা লইয়া যাউক।"

সকলের শেষে রাম হাতজোড় করিয়া দশর**থকে বলিলেন**, "মহা রাজ, আমার দুঃখিনী মাকে দেখিবেন।"

এদিকে যাইবার সময় উপস্থিত। স্মশ্য রখ সাজাইরা প্রস্তৃত স্তরাং, তিন জনে সকলকে প্রণাম করিয়া বিদায় লইলেন। রান স্মিত্রা তখন লক্ষ্মণকে আশীর্বাদ করিয়া কহিলেন, "বাবা, তৃষি রামের সহিত যাও। সকল সময় তাঁহার কাছে থাকিও। রাম ছাড় তোমার আর কেহই নাই। রামকে মনে করিও যেন রাজা দশরৎ সীতাকে মনে করিও বেন আমি, আর বনকে মনে করিও ফে অযোধ্যা।"

তারপর আগে সীতাকে স্বন্ধর কাপড় পরাইয়া রখে তুলিয়া দেওয় হইল। পরে রাম লক্ষ্মণ অস্থাশস্ত, পেণ্টরা, আর সীতার চৌন্দ বংসরে মতন কাপড় লইয়া তাঁহার সংগ্য উঠিয়া বাসলেন। রথ চলিতে দেখিয় সকলে পাগলের মত হইয়া তাহার সংগ্য সংগ্য ছাটিল। বখন রখে সংগ্য আর ছাটিতে পারে না, তখন তাহারা অতি কাতরভাবে স্বমন্থরে বালতে লাগিল, "ও স্ব্মন্ত, একট্ব আন্তে বাও! আমরা যে আন পারি না!"

রাম অনেক সহ্য করিতে পারিতেন, কিন্তু এতটা কী সহা যায় নিজে দশরথ, এমন কি রানীরা অবধি ছ্টিয়া আসিতেছেন। তাঁহাদে কাল্লায় ব্বি পাথরও গলিয়া যায়. মান্ষ তো মান্ষ! রাম অস্থির হইয়া স্মন্ত্রকে ক্রমাগত বলিতেছেন, "ক্লোরে চালাও!"

কিন্তু সন্মন্ত জোরে চালাইবে কী? ওদিকে যে রাজা নিঝে বলিতেছেন, "রথ থামাও!" মা কৌশল্যা "হা রাম! হা সীতা! হ লক্ষ্যাণ!" বলিয়া এলোচলে পার্গালনীর মতন ছুটিয়া আসিতেছেন

যাহা হউক, স্মান্ত্র যখন দেখিলেন যে রাম আর কিছাতেই সহ করিতে পারিতেছেন না, তখন তিনি রথ জোরে চালাইয়া দিলেন তখন আর রথের সংগ্য সংগ্য চলিতে না পারিয়া প্রায় সকলকেই ফিরিতে হইল।

দশরথকেও অনেক কণ্টে ফিরানো হইল। কিন্তু যতক্ষণ রথে ধ্লা দেখা যাইতেছিল, ততক্ষণ তাঁহাকে ঘরে আনা গেল না। রথে দিকে চাহিয়া তিনি সেইখানে মাটিতে বসিয়া রহিলেন, আর দাঁড়াইবা শক্তি নাই। রথ চোখের আড়ালে চলিয়া গেলে বসিয়াও আর থাকিছে

শারিলেন না।

একট্ স্কেথ হইলে পর দশরথ কৌশল্যার হাতখানি ধরিয়া কাঁদিতে কাঁদিতে ঘরে চলিলেন—কৈকেয়ীর ঘরে নহে, কৌশল্যার দরে। কৈকেয়ী রাজাকে নিতে আসিলেন; কিন্তু রাজা বলিলেন, "তুই আমাকে ছ্ব'ইস না!"

কৌশল্যার ঘরে আসিয়া দশরথ সেই যে বিছানায় শ্রইলেন, তাহাই তাহার শেষ শয়ন। কাঁদিতে কাঁদিতে সমস্ত দিন চলিয়া গেল। রাগ্রিতে অনেক কন্টে কৌশল্যাকে বালিলেন, "আমি যে তোমাকে দেখিতে পাইতেছি না! আমার গায়ে হাত দাও!"

কৌশল্যা রাজার কাছে আসিয়া কাঁদিতে লাগিলেন। তাঁহার দ্বঃখ দেখিয়া স্মিত্রা বলিলেন, "দিদি, এত দ্বঃখ কেন করিতেছ? রাম কেমন বাঁর তাহা কি জান না? লক্ষ্মণও তাহার সংগে গিয়াছে, তাহাদের কীসের ভয়? আবার তাহারা অযোধ্যায় ফিরিয়া আসিবে।" স্মিত্রার কথা শ্রনিয়া কৌশল্যা অনেক শাশ্ত হইলেন।

দশরথকে যখন ফিরাইরা আনা হইল, তখনও অযোধ্যার অনেক লোক রথের সংশা সংশা ছ্টিয়াছিল। তাহারা কিছ্তেই ফিরিতে চাহিল না। তাহাদের মধ্যে অনেক বৃষ্ধ ব্রাহ্মণ ছিলেন, তাঁহাদের গায়ে জোর নাই, মাথা কাঁপে, তব্ও তাঁহারা যাইবেনই। তাঁহাদের কণ্ট দেখিয়া রাম লক্ষ্মণ আর সীতা রথ হইতে নামিয়া তাঁহাদের সংগে সংগ হাঁটিয়া চালিলেন। ব্রাহ্মণেরা বালিলেন, "বাছা রাম, আমরা তোমার সংগে যাইব।"

এইর্পে তাঁহারা তমসা নদীর ধারে আসিয়া উপস্থিত হইলেন। ততক্ষণে সন্ধ্যা হইয়াছে। কাজেই সেখানেই রাগ্রিতে থাকিবার আয়ো-জন হইল।

ভোরে উঠিয়া রাম দেখিলেন যে, অযোধ্যার লোকেরা তথনও ঘুমাইতেছে। তথন তিনি চুপি চুপি স্মন্ত্রকে উঠাইয়া বলিলেন, ''চল, এইবেলা আমরা চলিয়া যাই।''

সন্মন্ত রথ সাজাইয়া আনিলেন, কিন্তু রাম লক্ষ্মণ ও সীতা তাহাতে চড়িয়া আর বেশী দ্রে গেলেন না। থানিক পরেই তাঁহারা রথ হইতে নামিয়া সন্মন্তকে বলিলেন, "তুমি রথথানি উত্তর দিক হইতে ঘুরাইয়া আন।"

শর্ধর রথ হালকা বলিয়া পথে কিনা তাহার দাগ পড়িবে না, তাই রাম শর্ধর রথখানিকে ঘ্রাইয়া আনিতে দিলেন। তিনি জানিতেন যে ঐর্প করিলে আর অযোধ্যার লোকেরা রথের চিহ্ন দেখিয়া তাঁহা-দিগকে খ্রিজয়া বাহির করিতে পারিবে না। তাই তাঁহারা পথ ছাড়িয়া

বনের ভিতর দিয়া চলিতে লাগিলেন আর স্মৃনন্ত শৃধ্ রথখানিকে কিছ্ম দুরে আনিয়া অন্য এক স্থান হইতে আবার তাঁহাদের তিন জনকে তুলিয়া লইলেন।

এদিকে তমসা নদীর ধারে সেই লোকগালি জাগিয়া দেখিল যে রাম নাই। তখন তাহারা এই বলিয়া কাঁদিয়া অস্থির হইল, "হায় হায়, কেন ঘ্নাইলাম? আমাদের ভাগ্যে কি এই ছিল? রাম কি শেষে এইর্প করিয়া আমাদিগকে ফেলিয়া গেলেন?" কাঁদিতে কাঁদিতে তাহারা রথের চিহ্ন দেখিয়া খানিক দ্রে গেল। কিন্তু তাহার পরে বথ কোন দিকে গিয়াছে আর কিছ্ম বাঝিতে পারিল না। তখন নিতানত দ্বংখের সহিত তাহাদিগকে ফিরিতে হইল।

রথ সমস্ত দিন চলিয়া সন্ধ্যাকালে শ্ভগবের নগরের নিকট গণগার ধারে আসিয়া উপস্থিত হইল। এই স্থানের রাজার নাম গৃহ। তিনি রামের বন্ধ্। রাম আসিয়াছেন শ্নিবামাত্রই গৃহ তাড়াতাড়ি অনেক লোকজন আর ভাল ভাল খাবার জিনিস লইয়া সেখানে আসিয়া উপস্থিত হইলেন। রামের থাকিবার জন্য স্নুন্দর বিছানা, ঘোড়ার জন্য ঘাস, কিছুই আনিতে তিনি বাকি রাখেন নাই। তাঁহার ইচ্ছা যে, রামকে তাঁহাদের রাজা করিয়া সেইখানেই রাখেন।

রাম আদরের সহিত তাঁহার সংগ্র কোলাকুলি করিয়া বলিলেন, "ভাই, তোমার ভালবাসাতেই আমার যার-পর-নাই স্ব্থ হ**ইয়াছে।** কিন্তু তোমার জিনিস আমি কী করিয়া লইব? আমার যে তপস্বীর মতন ফল মূল থাইয়া থাকিতে হইবে। আমাদের কিছ্ই দরকার নাই; কেবল ঘোড়াগ্রিলিকে দুটি ঘাস দিতে বল।"

কাজেই গুহু রামকে আর পিড়াপিড়ি করিলেন না। রাম ও সীতা জল মাত্র খাইয়া গাছতলায় শুইয়া রহিলেন।

রাত্রিতে রাম ঘ্মাইলেন কিন্তু লক্ষ্যণ জাগিয়া পাহারা দিতে লাগিলেন। তাহা দেখিয়া গৃহ মনের দৃঃথে বালিলেন, "রাজপৃত্র, আমরাই জাগিয়া বন্ধুকে পাহারা দিব, আপনি ঘুমান।"

লক্ষ্মণ বলিলেন, 'দাদার এই দ্বঃথের সময় আমি কেমন করিয়া ঘ্রুমাইব? ইহার পরে বাবা আর বেশী দিন বাঁচিবেন না। তখন মা কৌশল্যা আর স্বামিত্রাও নিশ্চয়ই মরিয়া যাইবেন।"

লক্ষ্মণের আর গ্রহের ঘ্রম হইল না, সমস্ত রাত্তি তাঁহাদের কাঁদিয়াই কাটিল।

প্রদিন সকালে স্মান্তকে বিদায় দিয়া আর গত্তের নিকট বিদায় লইয়া রাম লক্ষ্মণ আর সীতা নোকায় গণ্গা পার হইলেন। ব্ডা স্মান্ত্রের কি আর অযোধ্যায় ফিরিয়া যাইতে পা তলে? রামের সংগ্

ষাইবার জন্য তিনি কতই না মিনতি করিয়াছিলেন! কিন্তু রাম বলিলেন, "তুমি যদি অযোধ্যায় ফিরিয়া না যাও. তবে কৈকেয়ী মনে করিবেন যে আমি ব্রঝি বনে যাই নাই। তাহা হইলে বাবাকে তিনি বড়ই কন্ট দিবেন।"

সত্তরাং, সত্মন্ত্র আর রামের সংগ্রে যাইতে পারিলেন না। তিনি একদ্ন্টে রামের দিকে চাহিয়া রহিলেন। যথন আর রামকে দেখিতে পাইলেন না, তথন তাঁহার চোখ দিয়া ঝর-ঝর করিয়া জল পড়িতে লাগিল।

গঙ্গা পার হইবার প্রেই রাম লক্ষ্মণ বটের আঠায় জটা পাকাইয়া তপদবী সাজিয়াছিলেন। গঙ্গা নদীর ওপারে বংস দেশ। সেখানে হরিণ মারিয়া খাইয়া, তাঁহারা বর্ম পরিয়া ধন্বাণ হাতে বনের ভিতরে প্রবেশ করিলেন। এক রাত্রি তাঁহাদের সেই বনের ভিতরেই কাটিল। তাহার পর্বাদন সন্ধ্যার সময় তাঁহারা প্রয়াগে গিয়া উপাদ্থিত হইলেন। সেখানে ভরদ্বাজ মুনির আশ্রমের নিকট গঙ্গার সহিত যম্না আসিয়া মিলিয়াছে।

রাম লক্ষ্মণ ভরদ্বাজের আশ্রমে আসিলে পর তিনি তাঁহাদিগকে আনেক আদর যত্ন করিলেন। ভরদ্বাজ রামকে তাঁহার আশ্রমেই রাখিতে চাহিয়াছিলেন। কিন্তু সে স্থানের খুব কাছেই লোকজনের বাস বিলয়া রামের সেখানে থাকিতে তত ভাল লাগিল না। তিনি ভরদ্বাজকে বিলিলেন, "দ্য়া করিয়া আমাদিগকে একটি নির্জন ভাল জায়গা দেখাইয়া দিন।"

ভরদ্বাজ বলিলেন, "তবে তুমি এখান হইতে দশ ক্রোশ দ্রে চিত্রকটে পর্বতে গিয়া বাস কর। চিত্রকটে খ্রুব স্কুদর আর নির্জন স্থান। সেখানে ফল ফ্লুল, নদী ঝরনা, পাখি হরিণ অনেক আছে। সে স্থানটি তোমাদের বেশ ভাল লাগিবে।"

তাহার প্রদিনই তাঁহারা ভরদ্বাজকে প্রণাম কবিয়া চিত্রকটে যাত্রা করিলেন। পথে যমনুনা নদী পার হইতে হয়। নদীর ধারে শনুকনা কাঠের অভাব নাই। থসখসের দড়িতে সেই কাঠ বাঁধিয়া পাব হইবার জন্য ভেলা প্রস্তুত হইল। ভেলার উপর আবার জামের আর বেতের ডাল দিয়া একটা গদি করিতেও বাকি রহিল না—সীতার বসিবাব জন্য একট্ব মোলায়েম জায়গা তো চাই! এই কারিক্বিটি অবশ্য লক্ষ্মণের, সীতার স্ববিধা করিতে তিনি সর্বদাই বাস্ত । এই ভেলার জিনিসপত্র-স্প্র তাঁহারা নদী পার হইলেন।

তারপর আগে লক্ষাণ, মাঝখানে সীতা, পিছনে রাম—এইর্প করিয়া তাঁহারা পথ চলিতে লাগিলেন। পথের দাই ধারে সান্দর সান্দর ফর্ল ফর্টিয়া আছে। সীতা তাঁহার মিষ্ট কথায় রামকে জিজ্ঞাসা করেন, "এটি কী ফ্রল?" অমনি লক্ষ্মণ তাহা তুলিয়া আনিয়া দেন।

এইর্পে এক দিন পথ চলিয়া তাঁহারা চিত্রক্ট পর্বতের কাছে আসিলেন। সে স্থানটি অতি চমংকার। তাহার কাছে মন্দাকিনী নামে অতি সন্দর একটি নদী। সেই নদীর ধারে তাঁহারা কাঠ আর লতা-পাতা দিয়া সন্দর একখানা ঘর বাঁধিলেন। মাণমাণিক্যের কাজ করা শ্বেত পাথরের বাড়িতে থাকা যাঁহাদের অভ্যাস, এখন তাঁহাদের থাকিবার জায়গা হইল একটি কু'ড়ে। সেই কু'ড়ে ঘরখানিতে তাঁহাদের বেশ স্থেই দিন কাটিতে লাগিল।

সন্মন্ত অবোধ্যায় ফিরিয়া আসিলে তাঁহাকে দেখিয়া দশরথের দৃঃখ আরও বাড়িয়া গেল। প্রথমে তিনি অজ্ঞান হইয়া গিয়াছিলেন। জ্ঞান হইলে পর জিজ্ঞাসা করিলেন, "সন্মন্ত, তুমি চলিয়া আসার সময় তাহারা কাঁ বালল?"

সমৃদ্য বলিলেন, ''রাম আপনাদের সকলকে প্রণাম জানাইয়াছেন আর বলিয়াছেন, 'মাকে বলিও তিনি যেন সর্বদা বাবার সেবা করেন। ভরতকে বলিও, তিনি যেন রাজা হইয়া বাবাকে অমান্য না করেন। আর লক্ষ্মণ রাগের সহিত বলিয়াছেন, 'স্মন্ত, বাবা যথন দাদাকে বনে পাঠাইয়াছেন, তথন আর তাঁহার উপরে আমার একট্ও ভক্তি নাই'। সীতা কিছ্ই বলেন নাই, তিনি কেবল হে'টম্বথে চোথের জল ফেলিয়াছেন আর এক-একবার রামের ম্থের দিকে আর রথের দিকে তাকাইয়াছেন।"

ইহার পর রাজা দশরথ ক্রমেই অস্থির হইয়া পড়িতে লাগিলেন।
তিনি ব্বিতে পারিলেন যে তিনি আর অধিকক্ষণ বাঁচিবেন না।
যখন তাঁহার বয়স অলপ ছিল, তখন তিনি একবার অন্ধকার রাত্তিতে হাতি ভাবিয়া এক অন্ধ ম্নির ছেলেকে তীর দিয়া মারিয়া ফেলেন।
তাহাতে সেই অন্ধ ম্নি দ্বংখে মরিয়া যান আর মরিবার পূর্বে দশরথকে এই বলিয়া শাপ দেন, "তোমারও এইর্প প্তের শোকে প্রাণ যাইবে।"

মৃত্যুর সময় সেই কথা মনে করিয়া দশরথ দুঃখ করিতে লাগি-লেন। তারপর ক্রমে তাঁহাব শরীর অবশ হইয়া আসিল। শেষে "হা রাম! হা কোশল্যা! হা স্মিত্যা! হা রে দুজ্ট কৈকেয়ী!" এই বলিতে বলিতে রাত্রি দুই প্রহরের সময় তাঁহার প্রাণ বাহির হইয়া গেল। রামকে বনে পাঠাইয়া দশরথ ছয় দিন মাত্র বাঁচিয়া ছিলেন।

ে রামের জন্য ক্রমাগত কয়েক দিন দ**্বংখ করিয়া করিয়া সকলে** একেবারে অবশ হইয়া পড়িয়াছিলেন; দশরথের মৃত্যুর সময় কেহই টের পান নাই। পর্রাদন দশরথকে জাগাইতে গিয়া সকলে দেখিলেন যে তিনি মরিয়া গিয়াছেন। তখন আবার কালা আরুভ হইল।

এইর্পে দ্বংথের উপর আবার দ্বংখ আসিয়া সকলকে যে করিপ অস্থির করিয়াছিল, তাহা কি বলিব! এদিকে ভরত শত্র্যাও বাড়ি নাই; তাঁহারা না আসিলে দশরথকে পোড়ানোও থাইতেছে না। স্বতরাং তাড়াতাড়ি ভরত শত্র্যাকে আনিতে লোক গেল। আর যত্দিন তাঁহারা না আসেন, ততদিনের জন্য দশরথকে তৈলের কড়ার ভিতরে রাখিয়া সকলে তাঁহাদের পথ চাহিয়া রহিলেন।

ভরত মামার বাড়িতে স্থেই ছিলেন। এ সকল বিপদের কথা তিনি কিছুই জানিতে পারেন নাই। ইহার মধ্যে তিনি একদিন স্বপেন দেখিলেন যে, রাজা দশরথ অত্যন্ত ময়লা হইয়া গিয়াছেন আর একটা পাহাড় হইতে পড়িয়া যাইতেছেন। পাহাড়ের নিচে তৈল ছিল, তিনি সেই তৈলে ডুবিয়া গেলেন। তারপর গাধার গাড়িতে চড়িয়া তিনি দক্ষিণ দিকে যাইতে লাগিলেন।

এইর্প স্ব শন দেখিয়া ভরতের মন বড়ই খারাপ হইয়া গেল। এমন সময়ে অযোধ্যা হইতে লোক আসিয়া বলিল, "রাজকুমার, আপনি শীঘ্র অযোধ্যায় চল্ন। সেখানে এমন কিছ্ন হইয়াছে যে, আপনার দেরি হইলে ক্ষতি হইতে পারে।"

এইসকল শ্রনিয়া ভরত তাড়াতাড়ি অযোধ্যায় চলিয়া আসিলেন।
অধোধ্যায় আসিয়া দেখেন যে, তাহার আর আগের মতন চেহারা
নাই: রাস্তায় লোকজন চলিতেছে না, দোকানপাট বন্ধ আর সকলেরই
ম্ব অতিশয় মলিন। দশরথের ঘরে গিয়া দেখিলেন, তিনি সেখানে
নাই। স্বতরাং সেখান হইতে কৈকেয়ীর ঘরে গেলেন।

কৈকেয়ী হাসিভরা মুখে তাঁহাকে আশীর্বাদ করিয়া জিজ্ঞাসা করিলেন, ''ভাল আছ তো? পথে কোন কন্ট হয় নাই?''

ভবত বলিলেন. "আসিতে একট্ব পরিশ্রম হইয়াছে। কিন্তু মা. এত তাড়াতাড়ি কেন আমাকে ডাকিয়া আনিলে? বাবা কোথায়?''

কৈকেয়ী বলিলেন, ''বাছা, তোমার বাবা মরিয়া গিয়াছেন।''

এ কথা শ্রনিয়া ভরত 'হায় হায়' করিতে করিতে অজ্ঞান হইয়া গেলেন। তাঁহার জ্ঞান হইলে পর কৈকেয়ী বলিলেন, ''বাছা. তোমার বৃদ্ধি হইয়াছে, তুমি কেন এত অস্থির হইতেছ?''

ভরত বলিলেন, ''হায়! বাবা আমাদিগকে ছাড়িয়া কোথায় গেলেন! মা, বাবার কী অস্থ হইয়াছিল? মরিবার সময় তিনি কী বলিয়া গিয়াছেন?"

কৈকেয়ী বলিলেন, ''বাবা, মরিবার সময় তোমার বাবা বলিয়াছেন,

'হা রাম! হা স'তা। হা লক্ষ্মণ!' আর বলিয়াছেন যে, যাহারা রামকে অযোধ্যায় ফিরিয়া আসিতে দেখিবে তাহারাই স্খী।''

এ কথা শ্নিয়া ভরত বলিলেন, ''মা, দাদা তবে এখন কোথায়?'' কৈকেয়ী বলিলেন, ''তোমার দাদা সীতা আর লক্ষ্মণকে লইয়া বনে গিয়াছেন।''

ভরত আশ্চর্য হইয়া জিজ্ঞাসা করিলেন, ''দাদা **কী জন্য বনে** গিয়াছেন?''

কৈকেয়ী বলিলেন. ''তিনি কোন অন্যায় কাজ করেন নাই। আমিই রাজাকে বলিয়া তাঁহাকে বনে পাঠাইয়াছি। রাজা আমাকে দ্বিট বর দিতে চাহিয়াছিলেন। আমি এই দ্বই বর লইয়াছি যে, রাম বনে যাইবে. আর তুমি রাজা হইবে। এখন এ সব তোমার হইল, তুমি রাজা হইয়া সুখে থাক।''

ভরতকে স্থী করিবার জন্যই কৈকেয়ী এমন পাপ করিয়াছিলেন। কিন্তু ভরত যে রামকে কতদ্রে ভালবাসিতেন, তাহা তিনি জানিতেন না। তাঁহার কাজে স্থী হওয়া দ্রে থাকুক, ভরত দ্বঃথে আর রাগে একেবারে অস্থির হইয়া উঠিলেন। তাঁহার এতই রাগ হইল যে, কৈকেয়ী তাঁহার মা না হইলে হয়তো তিনি তাঁহাকে মারিয়াই ফেলিতেন।

ভরত বলিলেন, ''দাদা যদি তোমাকে এত মান্য'না করিতেন, তাহা হইলে আমি তোমাকে এখনই তাড়াইশা দিতাম। তুমি রাজার মেয়ে, আর তোমার এই কাজ! যাহা হউক, তুমি যাহা করিয়াছ তাহা আমি কখনই হইতে দিব না। আমি এখনই দাদাকে ফিরাইয়া আনিতে যাইতেছি। তোমার মতন দৃষ্ট স্ক্রীলোক আর এই প্রথিবীতে নাই!''

তারপর ভরত সকলকে ডাকিয়া বলিলেন, ''আমি কখনও রাজ্য চাহি না। দাদার রাজ্য আমি কেন লইব? আমি মামার বাড়ি গিয়া-ছিলাম, ইহার মধ্যে মা এত কান্ড করিয়া বসিয়াছেন, আমি ইহার কিছুই জানি না।'' এই বলিয়া তিনি শত্র্ঘাকে লইয়া কৌশল্যার সংগে দেখা করিতে চলিলেন।

কৌশল্যাও ভরতের গলা শর্নতে পাইয়া তাঁহার নিকটেই আসিতেছিলেন। পথে দ্বইজনের দেখা হইল। ভরতকে দেখিয়া কৌশল্যা বলিলেন, ''বাবা, এখন ভূমি তো রাজ্য পাইয়াছ, ভূমি স্বথে থাক। আর এই দ্বঃখিনীকে বনে রামের নিকট পাঠাইযা দাও।''

এই কথায় ভরত কোশল্যার পা জড়াইয়া কাঁদিতে কাঁদিতে অজ্ঞান হইয়া গেলেন। তখন কোশল্যাও তাঁহাকে কোলে লইয়া কাঁদিতে লাগিলেন। তিনি ব্যব্দিতে পারিলেন য়ে ভরতের কোন দোষ নাই। দশরথ তখনও সেই কড়ার মধ্যে তৈলের ভিতরে আছেন। তাঁহাকে পোড়াইতে আর বিলম্ব করা যায় না। স্বতরাং, পরিদন বিশিষ্ঠ অনেক কণ্টে ভরতকে একট্ব শান্ত করিয়া সেই কাজের চেণ্টা দেখিতে লাগিলেন। ক্রমে দশরথকে পোড়ানো আর তাঁহার শ্রাম্থাদি সকলই হইয়া গেল।

ইহার পর একদিন ভরত আর শগ্রহা কথাবার্তা বলিতেছেন, এমন সময় কু'জী ভারী সাজ-গোজ করিয়া সখীদের সহিত সেখানে আসিয়া উপস্থিত। গহনা পরিয়া, চন্দন মাথিয়া, তাহার মুথে হাসি আর ধরে না! বোধহয় মনে ভাবিয়াছিল যে খুব বড়রকমের একটা কিছ্ন প্রস্কার পাইবে। প্রস্কারটি কী হইল, বলি শ্রন।

ষেই কু'জী সেখানে আসিল, অর্মান ভরত তাহাকে ধরিয়া শত্রুঘার হাতে দিয়া বলিলেন, ''এই হতভাগীই সকল অনিভের গোড়া! এখন ইহাকে যাহা করিতে হয় কর।'' শত্রুঘাও পাপিষ্ঠাকে মাটিতে আছ-ড়াইয়া ফেলিয়া বেশ ভালমতনই তাহাকে প্রক্রার দিতে আরম্ভ করিলেন।

তখন ভরত বলিলেন, ''ভাই, ওটাকে মারিয়া ফেলিও না। স্ত্রীলোককে মারিয়াছ শ্রনিলে দাদা রাগ করিবেন।''

স্তরাং, শত্রঘা কু'জীকে ছাড়িয়া দিলেন।

এইর্প করিয়া দশরথের মৃত্যুর পর তের দিন গেল। তখন একজন রাজা না হইলে কাজই চলিতেছে না। স্তরাং, সকলেরই ইচ্ছা এখন ভরত রাজা হন। কিন্তু ভরত বলিলেন, ''চল, দাদাকে লইয়া আসি। দাদাই রাজা হইবেন আর আমি চৌন্দ বংসর বনে গিয়া থাকিব।''

তখন সকলে মিলিয়া মহা আনন্দে ভরত শত্রুঘার সংগ রামকে ফিরাইয়া আনিতে চলিল। কৌশল্যা, কৈকেয়ী, স্মিত্রা হইতে আরম্ভ করিয়া, মন্ত্রী, প্রোহিত, চাকর বাকর, সিপাহী সৈন্য, সকলেই চলিল। অযোধ্যার লোক কেহই পড়িয়া থাকিল না। রথে চড়িয়া, হাতি চড়িয়া, ঘোড়া গাধা উটে চড়িয়া, না হয় হাঁটিয়া, যে যেমন করিয়া পারিয়াছে সেইরপ করিয়াই চলিয়াছে। এক লক্ষ ঘোড়সোয়ার, নয় হাজার হাতি, ষাট হাজার রথ, তাহা ছাড়া সিপাহী সান্ত্রী আর লোকজন যে কত, তাহার ঠিকানা নাই। এমনি করিয়া তাহারা রামকে আনিতে চলিল।

তাহারা যখন গ্রহের দেশে আসিল, তখন গ্রহ এত সৈন্য আর লোকজন দেখিয়া প্রথমে একট্ব ভয় পাইলেন। তাই তিনি তাঁহার নিজের লোকদিগকে ডাকিয়া বলিলেন, "ভরত কি রামের অনিষ্ট করিতে আসিয়াছেন? আমি থাকিতে তিনি তাহা পারিবেন না! চল, আমরা তাঁহার পথ আটকাই।" ইহার পর যখন গৃহ ভরতের কাছে শ্নিতে পাইলেন যে ভরত রামকে ফিরাইয়া আনিতে যাইতেছেন, তখন তাঁহার মনে খুবই সৃখ হইল। আর, গৃহকে পাইয়া সকলে রাম লক্ষ্যণ আর সীতার সংবাদ শ্নিবার জন্য তাঁহাকে ঘিরিয়া ধরিল। বনে যাইবার সময় গৃ৻হর দেশে আসিয়া তাঁহারা কোথায় ছিলেন, কী খাইয়াছিলেন, কী কথাবার্তা বলিয়াছিলেন, কোন কথাই না শ্নিয়া তাহারা ছাড়িল না। রাম সীতা কৃশ বিছাইয়া কোন গাছতলায় ঘৢমাইয়াছিলেন, সেই গাছতলায় সেই কৃশ তখনও রহিয়ছে। গৃহ সকলকে তাহাও দেখাইলেন।

পরিদন গ্রের লোকেরা পাঁচশত নোকা আনিয়া ভরতকে গণ্গা পার করিয়া দিল। গৃহ নিজে ভরতের সংগ্য চলিলেন। গণ্গা পার হইয়া ভরন্বাজের আশ্রমে পে'ছিতে তাঁহাদের অধিক দিন লাগিল না। ভরত রামকে আনিতে যাইতেছেন শ্রনিয়া ভরন্বাজ মর্নি যে কতদ্রে সম্ভূষ্ট হইলেন, তাহা আর কী বলিব! ভরতকে তিনি বলিলেন, ''তোমরা যম্না নদীর দক্ষিণ ধার দিয়া খানিক দ্রে যাও। তারপর বাম দিকে যে দক্ষিণমুখো পথ গিয়াছে, সেই পথে গেলে রামের সম্ধান পাইবে।''

সেই পথে অনেক দ্র চলিয়া শেষে তাঁহাদের মনে হইল যে হয়তে। রাম আর বেশী দ্রে নাই। তখন দ্বই-এক জন লোক বনের ভিতরে ঢ্রিকয়া দেখিল, এক জায়গায় ধোঁয়া উঠিতেছে। তাহাতে নিশ্চয় ব্ঝা গেল যে, সেই বনেই রাম আছেন। তখন ভরত সংশ্বের লোকদিগকে সেখানে দাঁড়াইতে বলিয়া নিজেই তাঁহাদিগকে খ্রিজতে চলিলেন।

এদিকে ভরতের লোকজন অনেক দ্বে থাকিতেই রাম লক্ষ্মণ তাহাদের কলরব শ্নিতে পান. এবং উহা কিসের কলরব তাহা জানিবার জন্য লক্ষ্মণ একটা শালগাছে গিয়া উঠেন। সেখান হইতে চারিদিক দেখিয়া তিনি রামকে বালিলেন. ''দাদা, শীঘ্র আগ্নন নিবাইয়া ফেল, আর বর্ম পড়িয়া তীর ধন্ক লইয়া প্রস্তৃত হও! ভরত আমাদিগকে মারিয়া ফেলিতে আসিয়াছে। আজ ভরতকে আর তাহার সকল সৈনাকে মারিব, তবে ছাড়িব!''

এ কথায় রাম বলিলেন. ''ভাই, ভরত কি কখনও তোমার অনিষ্ট করিয়াছে? তবে কেন তাহাকে সন্দেহ করিতেছ?''

ইহাতে লক্ষ্মণ লজ্জিত হইয়া গাছ হইতে নামিয়া আসিলেন। এদিকে ভরত থ্রিজিতে খ্রিজিতে ক্রমে রামের ঘরের কাছে আসিয়া উপস্থিত। লতাপাতার ঘরখানি, তাহার ভিতরে রামের ধন্ক দেখা যাইতেছে। আরও কাছে আসিলে দেখিলেন, রাম ঘরের ভিতর চামড়ার আসনে বসিয়া সীতা ও লক্ষ্মণের সহিত কথাবার্তা বলিতেছেন; পরনে গাছের ছাল, মাথায় জটা। তাহা দেখিয়া ভরতের মনে কী কন্টই হইল! তিনি ছ্মিটয়া চলিলেন কিন্তু পেণীছবার আগেই পড়িয়া গেলেন। মুখ দিয়া কেবল 'দাদা' এই কথাটি বাহির হইল, আর কথা সরিল না। ততক্ষণে শত্রুঘাও কাঁদিতে কাঁদিতে আসিয়া রামের পায়ে পড়িলেন। তারপর চারি ভাই গলা জড়াইয়া কাঁদিতে লাগিলেন।

তাঁহারা একট্ম শান্ত হইলে পর রাম বালিলেন, ''ভরত, বাবা এখন কোথায় ? তুমি তাঁহাকে ছাডিয়া কেন আসিলে ?''

ভরত বীললেন, ''দাদা, বাবা তোমার জন্য দর্যথ করিতে করিতে স্বর্গে চলিয়া গিয়াছেন। এখন আমরা তোমাকে লইতে আসিয়াছি। তোমার পায়ে পড়ি দাদা, চল!'' এই বলিয়া ভরত রামের পা জড়াইয়া ধরিলেন।

দশরথের মৃত্যুসংবাদে রাম কাঁদিতে কাঁদিতে ভরতকে ব্কে টানিয়া লইয়া বাললেন, ''ভাই, বাবা যাহা বালয়া গিয়াছেন, তাহা আমারও করা উচিত, তোমারও করা উচিত। আমাকে যথন বনে পাঠাইয়াছেন, তথন আমি অযোধ্যায় কী করিয়া যাইব? আর, তোমাকে যথন তিনি রাজা হইতে বালয়া গিয়াছেন, তথন তুমিই বা কী করিয়া সে কথা অমান্য করিবে?''

তারপর দশরথের তপ ণ করিবার জন্য রাম মন্দাকিনী নদীর ধারে আসিলেন। তপ ণ শেষ হইলে আবার কান্না আরুন্ড হইল। সেই কান্নার শব্দে ভরতের সঙ্গের লোকেরা আর দ্রে ব্যিষয়া থাকিতে পারিল না।

ততক্ষণে বেলা প্রায় শেষ হইয়াছিল। যাহা কিছু বেলা ছিল. তাহাও সকলের দেখাশুনা, প্রণাম. আশীর্বাদ ইত্যাদিতে কাটিয়া গেল। তারপর রাহি কেমন করিয়া কাটিল, তাহার কথা আর বেশী বিলয়া কী ফল? এত দৃঃখ যাহাদের, তাহারা সে রাহি কেমন দৃঃখে কাটাইয়াছিল, তাহা তোমরা নিশ্চয় বৃথিতে পারিতেছ।

পর্যদিন রামকে অযোধ্যায় লইয়া যাইবার জন্য অনেক চেণ্টা হইল।
যথন তিনি রাজা হইতে বলিয়া গিয়াছেন, তথন তুমিই বা কী করিয়া
হইবে? তাহাকে তো এ কথা ব্ঝাইয়া দেওয়া চাই যে, বনে যাওয়া
উচিত নহে, অযোধ্যায় ফিরিয়া যাওয়াই ভাল; নহিলে তিনি যাইবেন
কেন? ভরত অনেক মিনতি করিয়াছিলেন বটে, বিশশ্ঠও নানার্প
মিণ্ট উপদেশ দিয়াছিলেন। জাবালি নামক আর একজন প্রোছিত
রামের সহিত রীতিমতন তর্কই জ্বাড়িয়াছিলেন। কিন্তু শেষে সকলকেই তাহার নিকট হার মানিতে হইল।

তথন ভরত বলিলেন, ''দাদা, যদি নিতান্তই না যাইবে, তবে তোমার পায়ের খড়ম দ্-থানি আমাকে খ্লিয়া দাও। এখন হইতে এই খড়মই আমাদের রাজা। আমরা ইহার চাকর। তোমার এই খড়ম লইয়া চৌন্দ বংসর তোমার মতন গাছের ছাল পরিয়া, ফলম্ল খাইয়া, অযোধ্যার বাহিরে তোমার জন্য অপেক্ষা করিব। তাহার পরের বংসরের প্রথম দিনে যদি তুমি ফিরিয়া না আইস, তবে আগ্রেন প্রভিয়া মরিব।'

রাম ভরতকে খড়ম দিয়া বলিলেন, ''সে সময়ে আমরা অবশা ফিরিব। ভাই, আমার মাকে দেখিও।'' এই বলিয়া রাম ভরতকে বিদায় দিলেন।

তারপর ভরত সেই খড়মকে হাতির উপর চড়াইয়া অযোধ্যায় লইয়া আসিলেন। সেখানে বানীদিগকে রাখিয়া তিনি মন্ত্রী আর প্রোহিতদিগকে বালিলেন, ''দাদা যতদিন না আসেন, ততদিন আর অথোধ্যায় থাকিতে পারিব না। চলান আমরা নন্দীগ্রামে যাই।''

নন্দীগ্রাম অযোধ্যার কাছেই। ভরত সেখানে গিয়া রামের খড়মকে সিংহাসনের উপর রাখিলেন। নিজে গাছের ছাল পরিয়া সেই খড়মেব উপর ছাতা ধরিতেন, চামরের বাতাস করিতেন। রাজ্যের কোন কাজ আরম্ভ হইলে আগে খড়মের কাছে না বলিয়া কিছুই করিতেন না।

ভরত চলিয়া আসিলে পব রামের আর চিত্রক্টের কাছে থাকিতে ইচ্ছা হইল না। তাই তিনি সীতা আর লক্ষ্মণকে লইয়া সেখান হইতে অতি ম্যুনির আশ্রমে চলিয়া গেলেন।

অতি আর তাঁহার দত্রী অনস্য়া দেবীর গ্রেণর কথা কী বলিব!
এমন ধার্মিক লোক অতি অলপই দেখা যায়। তাঁহারা যে কত কাল
যাবং তপস্যা করিতেছেন তাহা কেহ জানে না। সীতাকে অনস্য়া
দেবীর এতই ভাল লাগিল যে, তিনি তাঁহাকে বর দিবার জন্য বাদত
হইয়া উঠিলেন। সীতা বলিলেন, ''মা, আপনি যে সন্তুণ্ট হইয়াছেন,
ইহাই আমার প্রম সোভাগ্য। ইহার প্র আবার বর লইয়া কী
হইবে?''

কিন্তু অনস্য়া কি তাহাতে ভোলেন? আর কিছ্ না হউক. একখানি পোশাক. কতকগ্লি অলঙকার, একছড়া মালা, আর গায়ে মাথিবার খানিকটা অঙগরাগ তিনি সীতাকে না দিয়া ছাড়িলেনই না। এই সকল জিনিস খ্ব স্নদর ছিল আর ইহাদের আশ্চর্য গ্ণ এই ছিল যে, ইহারা কোন কালেও ময়লা হইত না।

এইর্প আদর যত্নে অতি ম্নির আশ্রমে এক রাতি থাকিয়া পর্রাদন সীতা ও লক্ষ্যণের সংগ্রম দণ্ডক বনে চলিয়া গেলেন। দশ্ডক বনে অনেক মর্নির আশ্রম ছিল। সেইসকল আশ্রমের মধ্যে এক রাহি থাকিয়া রাম সেখান হইতে আরও গভীর বনে প্রবেশ করিলেন। বনবাসে আসিয়া অর্বাধ এতদিনে তাঁহারা কোন রাক্ষস দেখিতে পান নাই। এইবার বেশ জমকালো রকমের একটা রাক্ষস তাঁহাদের সামনে পড়িল।

বনের ভিতর সে দাঁড়াইয়া আছে, যেন একটা পাহাড়! চেহাবার কথা আর কী বলিব! যেমন বিষম ভূগড়, তেমনি বিদঘ্টে হাঁ! তাহার উপর মাবার গর্তপানা দ্টো চোথ, গণ্ডারের মতন চামড়া আর পরনে রক্ত-চবি-মাথা বাঘছাল।

রাক্ষস মহাশয়ের তথন জলখাবার খাওয়া হইতেছিল। খাওয়ার আয়োজন বেশী নয়, খালি গোটাতিনেক সিংহ, চারিটা বাঘ, দুইটা গণ্ডার, দশটা হরিণ আর একটা হাতির মাথা।

সে জলযোগে কাহারও কোন আপত্তি ছিল না, যদি হতভাগা সীতাকে লইয়া ছাট না দিত! সীতাকে লইয়া যাইতে দেখিয়া রাম 'হায় হায়' করিয়া কাঁদিতে লাগিলেন। কিন্তু লক্ষ্মণ বালিলেন, ''দাদা, তুমি এত বড় বীর, তুমি কেন এমন করিয়া কাঁদিতেছ? এই দেখ, আমি রাক্ষস মারিয়া দিতেছি!''

তাহা শ্রনিয়া রাক্ষস বলিল, ''তোরা কে রে?'' রাম বলিলেন, ''আমরা ক্ষতিয়। তুই কে?''

রাক্ষস বলিল, ''আমার নাম বিরাধ; ব্রহ্মা বলিয়াছেন যে অস্ত্র দিয়া কেহ আমাকে মারিতে পারিবে না। তোরা শীঘ্র পালা!''

এ কথা শ্রনিয়া রাম বিরাধের গায়ে সাত বাণ মারিলেন। তথন সে সীতাকে ফেলিয়া বিকট শব্দে হাঁ করিয়া রাম লক্ষ্মণকে গিলিতে আসিল। রাম লক্ষ্মণ যত বাণ মারেন, রক্ষার বরে তাহার কিছ্ই হয় না। তারপর দুই জনে থজা লইয়া যেই তাহাকে আক্রমণ করিয়াছেন অমনি সে হতভাগা দুই হাতে দুইজনকে কাঁধে ফেলিয়া দে ছুট!

তথন সংতা ভয়ানক কাঁদিতে কাঁদিতে বলিলেন, ''ওগো রাক্ষস, তুমি ইহাদিগকে ছাড়িয়া আমাকে খাও!'' যাহা হউক, রাক্ষসের কাহাকেও থাইবার দরকার হইল না। কারণ, রাম লক্ষ্মণ তথনই তাহার দুই হাত ভাঙিয়া দিলেন, আর তাহাতে সে 'ভেউ ভেউ' করিতে করিতে অজ্ঞান হইয়া পড়িয়া গেল। কিন্তু কী ম্নিকল! সে আপদ কিছ্নতেই মরিতে চায় না দ্বইজনে তাহাকে কিল, লাথি, আছাড় কত মারিলেন, মাটিতে ফেলিয় খেতলা করিয়া দিলেন, খগা দিয়া কাটিতে গেলেন, কিছ্নতেই তাহার মরণ নাই! তখন রাম বলিলেন, ''দেখ লক্ষ্মণ, এটা অন্দ্রে মরিবে না চল এটাকে মাটিতে প্রতিয়া ফেলি।''

তখন রাক্ষস বলিতে লাগিল, "ব্ঝিয়াছি, আপনারা রাম লক্ষ্মণ আমি তুম্ব্ক নামে গন্ধর্ব ছিলাম, কুবেরের শাপে রাক্ষস হইয়াছি কুবের আমাকে শাপ দিবার সময় বলিয়াছিলেন যে দশরথের প্র রাষ্ট্রের আমাকে মারিলে আমি আবার গন্ধর্ব হইয়া স্বগে যাইব।" এইর্পে নিজের পরিচয় দিয়া রাক্ষস বলিল, "এখান হইডে দেড় যোজন দ্রে শরভঙগ মুনি থাকেন। সেখানে গেলে আপনাদে ভাল হইবে।"

এরপর একটা গর্ভ খ্রিড়িয়া বিরাধকে প্রতিলেই হয়। গত ধ্রিড়তে লক্ষ্মণের অধিক কন্ট হইল না, কিন্তু প্রতিবার সময় বিরাদ্ বড়ই চেচাইয়াছিল।

তারপর তাঁহারা শরভগোর আশ্রমে গোলেন। রামকে দেখিতে শরভগোর বড়ই ইচ্ছা। ইন্দ্র তাঁহাকে ব্রহ্মলোকে লইয়া যাইতে আসেন, কিন্তু রামকে না দেখিয়া তিনি সেখানে যাইতে চাহেন নাই। রাম বে স্মাসিবেন তাহা তিনি জানিতেন আর শৃ্ধ্ব তাঁহাকে দেখিবার জন্যই অপেক্ষা করিতেছিলেন।

রামকে দেখা যখন হইয়া গেল তখন আর এই প্রিবীতে থাকার তাঁহার প্রয়োজন রহিল না। স্তরাং, তিনি তখন রামের সম্মুখে নিজ হাতে আগ্রন জ্বালিয়া তাহার ভিতরে গিয়া বসিলেন। দেখিতে দেখিতে তাঁহার সেই প্রাতন রোগা পাকা-চুল-দাড়ি-ওয়ালা শরীর প্রড়িয়া গিয়া, তাহার বদলে অতি স্কুদর উল্জব্ধ একটি বালকের মতন চেহারা হইল। তখন তিনি রাম লক্ষ্যণকে বিজ্লেন, ''এখান হইতে তোমরা স্ত্তীক্ষ্য ম্নির আশ্রমে যাইও, তাহাতে তোমাদের উপকার হইবে।''

এই বলিয়া শরভণ্গ মর্নি ব্রহ্মলোকে চলিয়া গেলে পর অন্য অনেক মর্নি রামকে দেখিতে আসিলেন। তাঁহাদের নিকট রাম জানিতে পারিলেন যে, রাক্ষসেরা তাঁহাদের উপর বড়ই অত্যাচার করে। রাম বলিলেন, ''আপনাদের ভয় নাই, আমি রাক্ষস দ্র করিয়া দিব।''

তারপর রাম, লক্ষ্মণ আর সীতা স্তীক্ষ্মের আশ্রমে গেলেন। স্তীক্ষ্মের ইচ্ছা ছিল যে, রাম আর অন্য কোথাও না গিয়া তাঁহার আশ্রমেই থাকেন। কিন্তু দণ্ডক বনে অন্যান্য ম্নিদের সহিত দেখা

'এখন হইতে এই খড়মই আমাদের রাজা



করিতে রামের নিতান্ত ইচ্ছা দেখিয়া তিনি বলিলেন, ''আচ্ছা তবে যাও, কিন্তু দেখা হইয়া গেলে আবার আমার এখানে আসিবে।''

ইহার পর দশ বংসর ধরিয়া রাম লক্ষ্মণ দশ্ডকারণ্যের তপোবন সকল দেখিয়া বেড়াইতে লাগিলেন। তাঁহারা যে মুনির নিকটেই যান, তিনিই তাঁহাদিগকে কিছুদিন না রাখিয়া ছাড়েন না। কোথাও এক মাস, কোথাও চার পাঁচ মাস, কোথাও বা এক বংসর। এইর্পে দশ বংসর কাটাইয়া শেষে তাঁহারা আবার স্তীক্ষ্মের নিকটে আসিয়া কিছুদিন রহিলেন।

সকল মর্নির সহিত দেখা হইল, কিন্তু অগস্ত্য মর্নির সহিত দেখা এখনও হয় নাই। রাম ভাবিলেন যে এখন একবার তাঁহার সহিত দেখা করা ভাল। তাই তাঁহারা স্তীক্ষ্মের নিকট বিদায় লইয়া অগস্ত্যের আশ্রমে গেলেন।

মর্নিদের মধ্যে অগস্ত্য একজন অতিশয় বড় লোক। তাঁহার এক একটা কাজ বড়ই আশ্চর্ম। একবার তিনি চুম্বক দিয়া সম্দুটাকে খাইয়া ফেলেন। ইল্বল আর বাতাপি নামক দুইটা দৈত্যকে তিনি যেমন করিয়া মারেন তাহা অতি চমৎকার।

ইল্বল আর বাতাপি দুই ভাই ছিল। উহাদের কাজ ছিল কেবল রাহ্মণ মারিয়া খাওয়া। ইল্বল ব্রাহ্মণ সাজিয়া সংস্কৃত কথা আও-ড়াইতে আওড়াইতে ব্রাহ্মণিদিগকে নিমন্ত্রণ করিতে যাইত। কোন ব্যহ্মণকে দেখিতে পাইলেই বলিত, ''আমার বাড়িতে শ্রাম্ধ, আপনার নিমন্ত্রণ।''

শ্রাদেধর কথা একেবারেই মিথ্যা, দ্রাত্মা সেই ব্রাহ্মণকৈ ফাঁকি দিয়া আনিয়া ভেড়া খাইতে দিত। সে আবার যে-সে ভেড়াও নয়, তাহার ভাই বাতাপি সেই ভেড়া সাজিত। সেই ভেড়ার মাংস রাঁধিয়া সে রাহ্মণকে খাইতে দিত আর খাওয়া হইলে ডাকিত, ''বাতাপি, বাতাপি''! বাতাপি তখন ভেড়ার মতন 'ভ্যা ভ্যা' করিতে করিতে বেচারা ব্রাহ্মণের পেট চিরিয়া বাহির হইত। এইর্পে তাহারা অনেক ব্যাহ্মণ মারিয়াছিল।

এই দুই দৈত্যকে শাস্তি দিবার জন্য অগস্ত্য মুনি একবার তাহাদের বাড়িতে নিমন্ত্রণ খাইতে গেলেন। ইন্বল তাঁহাকেও সেইক্কম করিয়া ভেড়া রাঁধিয়া খাওয়াইল। সে জানিত না যে এই সর্বনেশে
মুনি তাহার ভাইকে একেবারে হজম করিয়া ফেলিবেন। খাওয়া শেষে
ইন্বল ডাকিল, ''বাতাপি, বাতাপি!'' অগস্ত্য বলিলেন, ''বাতাপি
কোথা হইতে আসিবে? তাহাকে যে হজম করিয়া ফেলিয়াছি!''
তাহা শুনিয়া ইন্বল অগস্ত্যকে মারিতে গেল কিন্তু অগস্ত্য কেবল

একটিবার তাহার দিকে রাগের ভরে তাকাইয়াই তাহাকে ভস্ম করিয় ফেলিলেন।

অগশত্য রামকে বিশ্বকর্মার তৈয়ারি একখানি ধন্ক, ব্রহ্মদন্ত নাথে একটা ভ্রত্কর বাণ, অক্ষয় ত্ব নামক একটি ত্ব আর একখানি আশ্চর্য খ্যা দিলেন। ত্বটির এমন আশ্চর্য গ্র্ণ ছিল যে, তাহার ভিতরকার তীর কিছ্তেই ফ্রাইত না; এইজন্য তাহার নাম অক্ষয় ত্ব। রাম সেই জিনিসগর্লি লইয়া অগশত্যকে বলিলেন, ''মর্নিঠাকুর আমাদিগকে একটি স্কুদর জায়গা দেখাইয়া দিন, আমরা সেখানে ফ্রাধিয়া থাকিব।''

অগণত্য বলিলেন. ''এখান হইতে দুই যোজন দুরে পশুবটী নাটে একটি অতি স্কুদর বন আছে। সেখানে স্কুদর ফলমূল, মিণ্ট জল হরিণ. ময়ুর ইত্যাদি সকলই পাওয়া যায়। তোমরা সেইখানে গিয় বাস কর।''

রাম অগস্তাকে প্রণাম করিয়া পশুবটী যাত্রা করিলেন আর খানিব দুরে গিয়া দেখিলেন যে, পথের ধারে বিশাল এক পাখি বসিয়া আছে তাহাকে রাক্ষস ভাবিয়া রাম জিজ্ঞাসা করিলেন, ''তৃমি কে হে?''

সে বলিল, ''বাবা, আমি তোমার পিতার বন্ধ্ব, আমার নাম জটায়্ব আমার দাদার নাম সম্পাতি, আমার পিতার নাম অর্ণ। গর্ড আমা দিগের জ্যেঠামহাশয়। তোমরা আমার সঞ্গে এইখানে থাক; তাহ হইলে, তোমরা যখন ফল আনিতে বাইবে তখন আমি সীতাকে দেখিতে পারিব।''

রাম লক্ষ্যণ জটার্কে নমস্কার করিলেন। আর, সে স্থানাি বাস্তবিক খ্ব স্কার । কাছেই গোদাবরী নদী; তাহাতে হাঁস, সারঃ প্রভৃতি নানারকমের পাখি খেলা করিতেছে। দুইধারে স্কার পাহাড় গ্লি ফ্লে ফলে বোঝাই হইয়া আছে। নদীতে হরিণ জল খাইডে আসে আর বনের ভিতর ময়্র ডাকে। ঘর বাঁধিয়া থাকিবার পক্ষে স্থানটি চমংকার।

এই স্কুদর স্থানে লক্ষ্মণ একটি স্কুদর ঘর বাঁধিলেন। সেই ঘরটিতে তিন জনের বেশ স্থেই সময় কাটিতেছিল। কিন্তু স্ব্থ বি চিরদিনই থাকে? একদিন স্প্ণিখা নামে একটা রাক্ষসী সেখানে আসিয়া বলিল, ''আমি রাবণ রাজার বোন। আমি রামকে বিবাহ করিতে আসিয়াছি।''

রাম যখন তাহাকে বিবাহ করিতে রাজী হইলেন না তখন সে লক্ষ্যণকে বলিল, ''তুমি আমাকে বিবাহ কর ''

লক্ষ্যণত যথন রাজী হইলেন না তথন সে হতভাগী হাঁ করিয়

সীতাকে খাইতে গেল। এত বাড়াবাড়ি করিলে কে সহ্য করিতে পারে? কাজেই লক্ষ্মণ খঙ্গা দিয়া তাহার নাক আর কান কাটিয়া দিলেন। সেই রন্তমাখা নাক, কান লইয়া রাক্ষসী চে'চাইতে চে'চাইতে বনের ভিতর ঢ্যকিয়া গেল।

কাছেই জনস্থান বলিয়া একটা জায়গা। সেখানে স্পণিখার আর এক ভাই থাকে, তাহার নাম খর। স্পণিখা কাটা নাক, কান লইয়া সেই খরের সম্মুখে আছড়াইয়া পড়িল। ভগনীর নাক, কান কাটা দেখিয়া খর রাগে কাঁপিতে কাঁপিতে বলিল, ''একী সর্বনাশ! হায় হায়! কীসে ভোমার এইর্প হইল? তুমি কেমন স্কুদর ছিলে! যমের মতন তোমার ভয়ানক চেহারা আর গর্তপানা চোখ ছিল! কোন্ দৃষ্ট তোমার এমন দশা করিল, শীঘ্র বল! তাহাকে এখনি উচিত সাজা দিতেছি!''

স্প্রিথা কাঁদিতে কাঁদিতে বলিল, ''দশরথ রাজার দুইটা ছেলে আসিয়াছে, তাহাদের নাম রাম আর লক্ষ্মণ। তাহারাই আমার এই দশা করিয়াছে। আমার কোন দোষ নাই, দাদা! আজ আমাকে তাহাদের রক্ত আনিয়া খাইতে দিতে হইবে!''

এই কথা শর্নিয়া থর তথনই চোন্দটা রাক্ষসকে হ্কুম দিল, ''তোমরা এখনই তাহাদিগকে মারিয়া নিয়া আইস, স্প্রণথা তাহাদের রম্ভ থাইবেন।'' সেই হ্কুম পাওয়ামাত্রই চৌন্দটা রাক্ষস অস্ত্রশস্ত্র লইয়া ছ্রিটল। স্প্রণথা তাহাদের সঙ্গে গিয়া রাম লক্ষ্মণকে দেখাইয়া দিল।

এদিকে রামও সীতাকে লক্ষ্মণের নিকট রাখিয়া যুদ্ধের জন্য প্রস্তুত। চৌদ্দটা রাক্ষস বিষম রাগে চৌদ্দটা শ্ল ছুঞ্জিয়া মারিল। রাম চৌদ্দ বাণে চৌদ্দটা শ্লকে কাটিয়া নারাচ অস্ত্রে একেবারে রাক্ষস-দিকের বুক ফুটা করিয়া দিলেন। সে অস্ত্র তাহাদের পিঠ দিয়া বাহির হইয়া মাটির ভিতর অবধি ঢুকিয়া গেল। তাহা দেখিয়া স্প্রণখাও তাড়াতাড়ি ছুটিয়া পলাইল।

স্পণিথাকৈ আবার ছ্টিয়া আসিতে দেখিয়া খর বলিল, ''আবার কী হইয়াছে? তোমার সংগে যাহারা গিয়াছিল, তাহারা কোথায়?''

স্পণিথা বলিল, ''রাম তাহাদিগকে মারিয়া ফেলিয়াছে।'' এই বলিয়া সে পেট চাপড়াইয়া, চুল ছি'ড়িয়া, ঘোরতর শব্দে কাঁদিতে লাগিল।

তখন খর তাহার ভাই দ্**ষণকে লইয়া রথে চড়িয়া য**়ন্ধ করিতে চলিলা। চৌন্দ হাজার রাক্ষস শেল, শ্ল, মা্মল, মা্ন্গর, পট্টিশ, পরিঘ, চক্র, তোমর, গদা, শব্তি কুড়াল, খঙ্গা প্রভৃতি অস্ত্র লইয়া গর্জন করিতে করিতে তাহাদের সঙ্গে চলিল।

এদিকে রামও যুদ্ধের জন্য প্রস্তৃত। রাক্ষসেরা গর্জন করিতে করিতে আসিয়া রামের উপর প্রাণপণে অস্ত্র ছুড়িতে লাগিল। কিন্তৃ রাম এমনই ভয়ঙ্কর যুন্ধ করিলেন যে, তাঁহার সম্মুখে তাহারা কিছুতেই টিকিতে পারিল না। রামের বাণে তাহাদের হাতি, ঘোড়া, লোকজন যত ছিল সকলই একেবারে খণ্ড-খণ্ড হইয়া গেল।

তথন খরের ভাই দ্বেণ বড়ই রাগের সহিত যুন্ধ করিতে আসিল। কিন্তু প্রথমেই রামের বাণে তাহার ঘোড়া গেল, সার্রাথ গেল, ধন্ক গেল। তথন সে লইল একটা পরিঘ। অমনি সেই পরিঘ-স্নুধ তাহার হাত দুইটা কাটা গেল। তথন বেচারা মরিয়া গেল।

একলা রাম যুদ্ধ করিয়া চৌদ্দ হাজার রাক্ষসকে মারিলেন। অবশিষ্ট রহিল কেবল খর আর তাহার পুত্র তিশিরা; তিশিরা অতি অলপক্ষণই যুদ্ধ করিয়াছিল; শেষে রহিল শুধু খর।

খর ভয়ানক যুন্ধ জানিত। সে প্রথমে খুব তেজের সহিত যুন্ধ করিয়া রামের ধন্ক আর বর্ম কাটিয়া ফেলিল। কিন্তু রাম তখনই সেই অগস্তা মুনির ধন্কখানি লইয়া ক্রমে তাহার রথ, সারগি, ঘোড়া, ধন্ক সব চুরমার করিয়া দিলেন। তখন খরের এক গদা মার বাকী, তাহাও কাটিতে রামের অধিক সময় লাগিল না। গদা কাটা গেলে খরের হাতে আর একখানিও অস্ত্র রহিল না। অস্ত্র ফ্রাইলে সে শালগাছ লইয়া যুন্ধ করিল। শালগাছ কাটা গেলে শুধ্ব হাতেই মারিতে আসিল। শেষে রাম তাহার বুকে এক বাণ মারিয়া তাহার প্রাণ বাহিব করিয়া দিলেন।

জনস্থানের যত রাক্ষস প্রায় সকলকেই রাম মারিয়া শেষ করিলেন। বাকী রহিল খালি অকম্পন নামে একটা। অকম্পন পলাইয়া লংকার গিয়া রাবণকে বলিল, ''মহারাজ, জনস্থানে যত রাক্ষস ছিল সকলই মরিয়া গিয়াছে। কেবল আমিই অনেক কণ্টে পলাইয়া আসিয়াছি।'

তাহা শ্নিয়া রাবণ আশ্চর্য হইয়া বলিল, ''সে কী কথা অকম্পন তাহারা কী করিয়া মরিল?''

অকম্পন বলিল, ''মহারাজ, অযোধ্যার রাজা দশরথের পরুর রাষ্ট্র তাহাদিগকে মারিয়াছে। রাম যে কেমন বীর তাহা বলিয়া শেষ কর যায় না। সে একাই জনস্থান নণ্ট করিয়াছে। তাহার সংগ্যে আবার তাহার এক ভাই আছে, সেটার নাম লক্ষ্মণ।''

এ কথা শ্রনিয়া রাবণের রাগের আর সীমা রহিল না। সে তথনই রাম লক্ষ্যণকে মারিবার জন্য জনস্থানে যাইতে চাহিল। অকম্পন তাহাতে বাধা দিয়া বলিল, ''মহারাজ কি রামকে যেমন-তেমন বীং ভাবিয়াছেন? আপনার সমস্ত রাক্ষস লইয়া গেলেও তাহার সপো ধৃন্ধ করিয়া পারিবেন না। তবে, তাহাকে মারিবার একটা উপায় আছে। রাম তাহার দ্ব্রী সীতাকে সপো আনিয়াছে। সীতা এতই স্বাদর যে, তেমন আর কেহ দেখে নাই। আপীন যদি ফাঁকি দিয়া এই সীতাকে ধরিয়া আনিতে পারেন, তবে সেই দৃঃখে রাম আপনিই মরিয়া যাইবে।"

তাহা শর্নিয়া রাবণ বলিল, ''আমি আজই যাইতেছি।''

এই বলিয়া রাবণ গাধায় টানা ঝকঝকে রথখানিতে চড়িয়া সেই তারকার পত্রে মারীচের নিকট গিয়া উপস্থিত হইল। মারীচ তাহাকে দেখিয়া বলিল, ''মহারাজ যে এমন তাড়াতাড়ি করিয়া একলাটি আসিয়া উপস্থিত হইয়াছেন! ব্যাপারখানা কী?''

রাবণ বলিল, ''দশরথের ছেলে রাম জনস্থানের রাক্ষসদিগকে মারিয়া ফেলিয়াছে। তাই আমি তাহার স্থাী সীতাকে ধরিয়া অর্দনতে যাইতেছি।''

মারীচ বলল, ''মহারাজ, এর্প বৃদ্ধি আপনাকে কে দিয়াছে? আপনি এইবেলা লজ্কায় ফিরিয়া যাউন। রামের হাতে পড়িলে আপনার আর রক্ষা থাকিবে না!''

তাহা শর্নিয়া রাবণ লঙ্কায় ফিরিয়া আসিল। আসিয়াই দেখিল, সম্মুখে স্পেণিখা, তাহার নাক কান কাটা। জনস্থানে রাক্ষসেরা মারা গেলে পর হতভাগী চেণ্চাইতে চেণ্চাইতে লঙ্কায় চলিয়া আসিয়াছে।

স্প্ণিখার কথা শর্নিয়া রাবণ আবার মারীচের কাছে ফিরিয়া গেল। এবারে আর সে তাহার কোন কথাই শর্নিল না। সে বলিল, ''মারীচ, আমার এই কাজটি করিয়া না দিলেই নয়। তুমি রামের আশ্রমে গিয়া সোনার হারণ সাজিয়া সীতার সম্মুখে নাচিয়া বেড়াইবে। তোমাকে দেখিলে নিশ্চয়ই সীতা তোমাকে ধরিবার জন্য রাম লক্ষ্মণকে পাঠাইয়া দিবে। রাম লক্ষ্মণ আশ্রমের বাহিরে চলিয়া গেলে আর সীতাকে ধরিয়া আনিতে কীসের ভয়!''

মারীচ ভয়ে কাঁপিতে কাঁপিতে জোড়হাতে বলিল, "মহারাজ, এক সময় আমার গায় হাজার হাতির জাের ছিল। আমি মনের স্থে দন্ডক-বনের মুনিদিগকে ধরিয়া খাইতাম আর তাহাদের যজ্ঞ নন্ট করিয়া বেড়াইতাম। আমি বিশ্বামিরের যজ্ঞ নন্ট করিতে গেলাম আর এই রাম ধন্ক লইয়া আমাকে আটকাইতে আসিল। তখন সে ছােট ছেলেমান্ব ছিল। আমি মনে করিলাম, ঐট্বুকু মান্য আমার কী করিবে! কিন্তু সেই ঐট্বুকু মান্যই এমন এক বাণ আমাকে মারিল যে, আমি তাহার চােটে অজ্ঞান হইয়া এক সম্দ্রের জলে আসিয়া পাড়লাম। এমন

লোকের সঙ্গে কি ঝগড়া করিতে যাইতে হয়? তাহার তো কিছ্ব করিতে পারিবেন না, মাঝখান হইতে আপনার প্রাণটি যাইবে!''

ঔষধ তিত্ত হইলে যেমন তাহা খাইতে ভাল লাগে না, মারীচের কথাও রাবণের কাছে সেইর্প ভাল লাগিল না। সে বলিল, "এ কাজ তোমায় করিতেই হইবে। সোনার হরিণ, তাহার গায়ে র্পার চক্ত, এমনি সাজ ধরিয়া তুমি সীতার সম্মুখে যাও। এমন হরিণটি দেখিলেই সীতা ভুলিয়া যাইবে, আর তোমাকে ধরিবার জন্য রামকে পাঠাইবে। তুমিও রামকে ফাঁকি দিয়া অনেক দ্রে লইয়া আসিবে। তারপর রামের মতন গলায় চে'চাইবে, 'হায় সীতা! হায় লক্ষ্মণ!' সে শব্দ শ্নিলে লক্ষ্মণ কি আর ঘরে বসিয়া থাকিতে পারিবে? তাহাকে আশ্রম ছাড়িয়া রামের কাছে আসিতেই হইবে। তথন আর সীতাকে কে রাখে? মারীচ, এ কাজটি করিয়া দিলে আমার অধেক রাজ্য তোমার। আর যদি না কর, তবে এর্থনি তোমার মরণ!"

কাজেই তখন আর বেচারা কী করে? রাবণের সঙ্গে সেই রথে চড়িয়া তাহাকে আসিতে হইল। সীতা তখন সাজি হাতে করিয়া ফ্ল তুলিতেছিলেন। এমন সময় সেই দৃষ্ট রাক্ষস সোনার হরিণ সাজিয়া তাঁহার সম্মুখে আসিয়া খেলা করিতে লাগিল। তাহা দেখিয়া সীতা রাম ও লক্ষ্মণকে ডাকিলেন।

সোনার হরিণ দেখিয়াই লক্ষ্মণ বলিলেন, ''দাদা, হরিণ কি কখনও সোনার হয়? এটা নিশ্চয় সেই তাড়কার ছেলে মারীচের ফাঁকি! ঐ দম্ভ অনেক সময় হরিণের সাজ ধরিয়া মর্নিদিগকে মারিতে আসে।''

কিন্তু সীতা সেই হরিণ দেখিয়া এতই ভুলিয়া গেলেন বে লক্ষ্যণের কথা তাঁহার কানেই গেল না। তিনি রামকে বালিলেন, ''কী সন্ন্দর হরিণ। ওটি আমাকে ধরিয়া দিতেই হইবে! জীবন্ত ধরিতে পারিলে আমরা উহাকে পর্নিষব! আর, জীবন্ত ধরিতে না পারিলেও, উহার চামডায় সন্ন্দর আসন হইবে!''

লক্ষ্য়ণকৈ সাবধানে পাহারা দিতে বলিয়া রাম হরিণ ধরিতে চলিলেন। দুল্ট রাক্ষস কতই ছল জানে! এক এক বার কাছে আসে, আবার বনের ভিতরে গিয়া লুকায়, আবার খানিক দুর গিয়া গাছের আড়াল হইতে উ'কি মারে। এইর্প করিয়া সে তাঁহাকে অনেক দ্র লইয়া গেল। রাম যতক্ষণ মনে করিয়াছিলেন যে তাহাকে ধরিতে পারিবেন, ততক্ষণ ক্রমাণত তাহার পিছ্ব পিছ্ব ছুটিয়াছিলেন। যখন দেখিলেন যে আশ্রম হইতে অনেক দ্র চলিয়া আসিয়াছেন. তব্ও তাহাকে ধরিতে পারিতেছেন না, তখন তিনি একটা তীর ছুড়িয়া মারিলেন।

সেই তীরের ঘায় তাহার প্রাণ যায়-যায়। মরিবার সময় সে বিকট রাক্ষস হইয়া ঠিক রামেরই মতন স্বরে ''হায় সীতা! হায় লক্ষ্মণ!'' বলিয়া চিংকার করিতে লাগিল।

এদিকে সীতা আশ্রম হইতে সেই দৃষ্ট রাক্ষসের কালা শৃনিতে পাইয়া রামের জন্য অস্থির হইয়া উঠিলেন। তিনি লক্ষ্যাণকে বলিলেন, 'হায় হায়! না জানি কী সর্বনাশ হইল। লক্ষ্যাণ, শীঘ্র যাও! নিশ্চয় তিনি রাক্ষসের হাতে পড়িয়াছেন!''

কিন্তু লক্ষ্মণকে রাম সীতার নিকট থাকিতে বলিয়া গিয়াছেন, কাজেই তিনি সীতাকে ছাড়িয়া যাইতে চাহিলেন না। তখন সীতা লক্ষ্মণকে এই বলিয়া গালি দিতে লাগিলেন, ''ব্যঝিয়াছি, তাঁহাকে রাক্ষসে মারিয়া ফেলে ইহাই তুমি চাও। এমন ভাই তুমি!''

ত।হা শ্রনিয়া লক্ষ্মণ বলিলেন, ''দাদাকে মারিতে পারে, গ্রিভুবনে এমন কেহ নাই। আপনি কেন আমাকে এইর্প করিয়া বলিতেছেন? আপনাকে একলা ফেলিয়া যাওয়া কি আমার উচিত?''

কিন্তু সীতা আরও রাগিয়া বলিলেন, ''তবে রে নিষ্ঠার দুষ্ট লক্ষ্যাণ, রামের বিপদ হইলেই ব্যাঝি তোর সুখ হয়? তোর মতন পাপী তো আর নাই! তোকে ব্যাঝি কৈকেয়ী পাঠাইয়াছে?''

এ কথা শর্নিরা লক্ষ্মণের মনে যে কী কণ্ট হইল তাহা কী বলিব! তিনি বলিলেন, ''আপনাকে আমি মায়ের মতন ভক্তি করি। কিন্তু আপনি এমন শক্ত কথা আমাকে বলিতেছেন যে, আমার তাহা কিছ্তেই সহ্য হইতেছে না। যাহা হউক, এই আমি চলিলাম, বনের দেবতারা আপনাকে রক্ষা কর্ন! সাবধান হইরা ঘরে বসিয়া থাকুন, যেন দাদার সঙ্গে ফিরিয়া আসিয়া আবার আপনাকে দেখিতে পাই।''

লক্ষ্মণ চলিরা যাওয়া-মাত্রই সম্যাসীর বেশে রাবণ সেখানে আসিয়া উপস্থিত হইল। হাতে ছাতা, লাঠি আর কমন্ডল্ম, মাথায় টিকি, পায়ে জম্তা, কপালে লম্বা ফোঁটা, ম্থে ঘন ঘন হরিনাম। সীতা মনে করিলেন বর্মি সে ষথার্থই ব্রাহ্মণ সম্যাসী। কাজেই তিনি তাহাকে নমস্কার করিয়া, বসিবার জন্য কুশাসন আর পা ধ্ইবার জন্য জল আনিয়া দিলেন।

তখন রাবণ সম্যাসীর সাজ ফোলিয়া তাহার নিজের চেহারায় দাঁড়াইল। সে যে কী বিকট মূতি, তাহা কী বলিব! দশটা মাথা, কুড়িটা হাত, কুড়িটা চোখ—দেখিলেই ভয়ে প্রাণ উড়িয়া যায়!

দেখিতে দেখিতে রাবণের রথ সেখানে আসিয়া উপস্থিত হইল। রাবণও সীতার চুল ধরিয়া তাঁলেকে সেই রথে নিয়া তুলিতে আর বিলম্ব করিল না। সীতা রামের নাম গ্রিয়া চিংকার করিয়া কতই কাঁদিলেন, তাঁহার শরীরে যেট্রকু জাের ছিল, তাহা লইয়াই প্রাণপণে ছর্টিয়া পলাইবার জন্য কতই চেণ্টা করিলেন কিন্তু সেই ভয়ানক রাক্ষসের সংগা তিনি পারিবেন কেন? রথ তাঁহাকে লইয়া আকাশে উড়িয়া চলিল। সীতা পশ্বপক্ষীকে, বনদেবতাদিগকে, গােদাবরী নদীকে ডাকিয়া কাঁদিয়া বালতে লাগিলেন, ''ওগাে, তােমরা দয়া করিয়া রামকে সংবাদ দাও। তাঁহার সীতাকে দর্শ্ট রাবণ চুরি করিয়া লইয়া যাইতেছে!''

সে সময়ে জটায়্ পক্ষী গাছে বসিয়া ঘ্মাইতেছিল। সীতার কামার শব্দে সে জাগিয়া দেখিল যে, রাবণ তাঁহাকে লইয়া পলাইতেছে। তাহা দেখিয়া জটায়্ বলিল, ''বটে রে দ্ফ রাক্ষস, এখনই নখ দিয়া তোর মাথা ছি'ড়িয়া দিতেছি!''

তখন জটায়ৢ আর রাবণে বিষম যুন্ধ বাধিয়া গেল। রাবণ জটায়ৢকে ভয়ানক ভয়ানক বাণ মারে আর জটায়ৢও নথের আঁচড়ে তাহার মাংস ছি'ড়িয়া দিতে ছাড়ে না। রাবণ জটায়ৢর বৢকে দশ বাণ মারিয়া মনৈ করিল এইবার পাখি মরিবে। কিন্তু পাখি মরা দ্রে থাকুক, বরং সে উলটিয়া রাবণের ধনুকটা কাড়িয়া লইল, তাহার উপর আবার তাহাকে একটা প্রকান্ড লাথিও মারিল। তারপর রাবণ আবার ন্তন ধনুক লইয়া আগের চেয়ে অনেক বেশী বাণ মারিল বটে, কিন্তু জটায়ৢ কি তাহাতে ডরায়? বাণ তো তাহার ডানার বাভাসেই উড়িয়া গেল। তারপর রাবণকে ঠোকরাইয়া, আঁচড়াইয়া, চুল ছি'ড়িয়া এমনি নাকাল করিল যে নাকাল যাহাকে বলে!

কিন্তু রাবণ সহজে মরিবার লোক ছিল না। ব্রহ্মা তাহাকে বর দিয়াছিলেন যে, তাহার শরীরের কোন জারগা ছিণ্ডিয়া গেলে তাহা তখনই জোড়া লাগিবে। জটায়, তাহার বাম দিকের দশটা হাত ছিণ্ডিয়া ফেলিতে না ফেলিতেই দেখিল যে, তাহার আর দশটা হাত বাহির হইয়াছে। এর্প লোকের সংগ্য কতক্ষণ যায় পরা যায়? কাজেই শেষটা জটায়, আর পারিল না। তখন সেই দৃষ্ট রাক্ষস খঙ্গা দিয়া বেচারার পা আর ডানা দ্খানি কাটিয়া ফেলিল। জটায়,র তখন প্রাণ যায়-যায়। এরপর আর সীতাকে কে রক্ষা করিবে? কাজেই তখন রাবণ তাঁহাকে লইয়া শ্নো চলিয়া গেল।

সীতার দৃঃখের কথা আর কী বলিব! হায় হায়! তাঁহার সেই কাল্লা কেহই শ্ননিতে পাইল না। সেই শ্নোর উপর হইতে সীতা এমন একটি লোক দেখিতে পাইলেন না যাহাকে ডাকিয়া বলিতে পারেন "আমাকে রক্ষা কর"। তিনি কেবল দেখিলেন যে, একটা পর্বতেং উপর পাঁচটি বানয় রহিয়াছে। তাহা দেখিয়া তিনি তাঁহার সোনালা রঙের চাদরখানি আর গায়ের গহনাগর্নাল ফেলিয়া দিলেন। মনে করিলেন, হয়তো তাহা দেখিতে পাইয়া তাহারা রামকে বলিবে। রাবণ ইহার কিছ্বই টের পাইল না, কিন্তু বানরেরা তাহা চাহিয়া দেখিল।

এদিকে রাম সেই হরিণের-সাজ-ধরা রাক্ষসটাকে মারিয়া তাড়াতাড়ি ঘরে ফিরিতেছেন, তাঁহার মনে ভয়ের আর সীমা নাই। এমন সময় দেখিলেন, লক্ষ্মণ অতিশয় দৃঃখিতভাবে সেই দিকে আসিতেছেন। লক্ষ্মণকে দেখিয়া তিনি বলিলেন, ''সেকী লক্ষ্মণ, তুমি সীতাকে ফেলিয়া আসিয়াছ? না জানি কী সর্বনাশ হইয়াছে!''

এই বলিয়া তিনি তাড়াতাড়ি আশ্রমে আসিয়া দেখিলেন, সীতা নাই, থালি ঘর পড়িয়া রহিয়াছে। সীতা যে-সকল জায়গায় বেড়াইতেন, তাহার কোথাও তাঁহাকে খ'বিজয়া পাইলেন না।

হায় হায়! সীতা কোথায় গেলেন? তিনি কি কোথাও লুকাইয়া আছেন? না, বনে ফুল তুলিতে গিয়াছেন? না, নদীতে স্নান করিতে গিয়াছেন? কোথায় তিনি? গাছতলায়, নদীর ধারে, পাহাড়ের উপরে, কত জায়গায় রাম সীতাকে খুজিলেন, কোথাও তাঁহাকে দেখিতে পাইলেন না। গাছকে জিজ্ঞাসা করিলেন, পাখিকে জিজ্ঞাসা করিলেন, হরিণগুলিকে জিজ্ঞাসা করিলেন, কেহই সীতার সংবাদ বলিতে পারিল না।

তখন তিনি হাত পা ছর্ড়িয়া কাঁদিতে কাঁদিতে বলিলেন, ''হায় রে লক্ষ্মণ, কে আমাদের সীতাকে লইয়া গেল? সীতা, তুমি বর্ঝি ল্বকাইয়া থাকিয়া তামাসা দেখিতেছ? শীঘ্র আইস, আমার বড়ই কণ্ট হইতেছে। তুমি চলিয়া গেলে যে আমি আর বাঁচিব না!''

লক্ষ্মণ তাঁহাকে ব্ঝাইয়া বলিলেন, ''দাদা, চল আরও ভাল করিয়া খ্রীজ, তাহা হইলে হয়তো তাঁহাকে পাইব।'' কিন্তু রাম তব্তও ''সীতা, সীতা!'' বলিয়া কাঁদিতে লাগিলেন। রামও কাঁদেন, লক্ষ্মণও কাঁদেন, আর চারিদিকে সীতাকে খোঁজেন।

এমন সময় তাঁহারা দেখিলেন, মাটিতে বড় বড় পায়ের দাগ রহিয়াছে, মাঝে মাঝে সীতারও পায়ের দাগ দেখিতে পাওয়া যায়। একটা ভাঙা রথ আর একটা ধন্ক-বাণের ট্করাও সেখানে পড়িয়া আছে।

এত বড় পা রাক্ষস ভিন্ন আর কাহার হইবে? নিশ্চয় সীতাকে রাক্ষসে লইয়া গিয়াছে, না হয় মারিয়া খাইয়াছে!

এইর্প ভাবিয়া রাম বলিলেন. ''আমার সীতাকে রাক্ষসে লইয়া গেল, আর দেবতারা বারণ করিলেন না! আজ যদি আমার সীতাকে তাঁহারা না আনিয়া দেন, তবে আমি স্থিট নণ্ট করিব!''

लक्कान ज्थन भिष्ठे कथाय वीलालन, "मामा, तान कीतछ ना। हल,

দেখি এ কাজ কে করিয়াছে। সেই দুষ্টকে শাঙ্গিত দিতেই হইবে।"

লক্ষ্মণের কথায় রাম একট্র শান্ত হইলেন। তারপর তাঁহারা বনের ভিতর খ্রিজতে খ্রিজতে এক স্থানে দেখিতে পাইলেন, জটায়্ব রন্ত-মাখা শরীরে পড়িয়া আছে। তাহা দেখিয়া রাম বলিলেন, ''এই দ্বন্টই সীতাকে খাইয়াছে! এটা পাখি নয়, নিশ্চয় রাক্ষস! ঐ দেখ উহার ব্বেক রন্ত লাগিয়া রহিয়াছে!''

এই বলিয়া রাম জটায়নকে মারিতে গেলেন। তর্থন জটায়ন বলিল, ''বাবা, রাবণই আমাকে মারিয়া রাখিয়াছে, তুমি আর আমাকে মারিও না। সীতাকে লইয়া যাইতে দেখিয়া আমি তাহার সহিত অনেক যুম্ধ করিলাম, কিন্তু দুষ্ট আমার পাখা কাটিয়া সীতাকে লইয়া গেল।''

এই কথা শ্নিয়া রাম তীর ধন্ক ছ্রিড়ায় ফেলিরা, জটায়্কে জড়াইয়া কাঁদিতে লাগিলেন। জটার্র তখন মৃত্যুর আর বিলম্ব নাই; কথা কহিতেও কট হয়। তব্ও সে অনেক চেন্টা করিল বাহাতে রামকে সীতার খবর দিয়া যাইতে পারে। কিন্তু হার! বেচারা কথা শেষ করিবার সময় পাইল না। সবে বিলয়াছিল, ''রাবন বিশ্বপ্রবার প্রে, কুবেরের ভাই'', ইহার মধ্যেই তাহার কথা আটকাইরা গেল।

রাম তাহাকে ধরিয়া দেখেন, প্রাণ বাহির হইয়া গিরাছে। তখন আপনার লোক মরিলে লোকে যেমন করিয়া তাহাকে পোড়ার আর তাহার জন্য কাঁদে, জটায়ুকেও সেইর্প করিয়া পোড়াইয়া রাম তাহার জন্য কাঁদিলেন। তারপর দুই ভাই বনে বনে, গৃহার গৃহার, সীতাকে খর্জিয়া বেডাইতে লাগিলেন।

এমন সময় ভয়ানক শব্দে বন কাঁপিয়া উঠিল। রাম লক্ষ্মণ খলা হাতে সেই শব্দের দিকে অনেক দ্র গিয়া দেখিলেন, বিষম বিকটাকার একটা রাক্ষস বসিয়া আছে। সে-রকম রাক্ষসের নাম কবন্ধ; তাহার মাথা থাকে না। কী ভর্মঙকর জানোয়ার! যেন একটা হাত-পা-ওরালা কালো পর্বত! মাথা নাই, তাহার বদলে পেটটাই দাঁত খিচাইয়া হাঁ করিয়া আছে আর তাহার ভিতর হইতে প্রকান্ড একটা জিহ্মা লক্লেক্ করিয়া বাহির হইতেছে! চোখ একটি বই নাই, কিন্তু সেই একটা চোখ আগ্রনের মতন উম্জ্বল। এক একটা হাত প্রায় দ্বই ক্রোশ লম্বা! সেই লম্বা হাত দিয়া সে সিংহ, হরিণ, হাতি বাহা পাইতেছে তাহাই ধরিয়া মুখে দিতেছে!

রাম-লক্ষ্মণকে দেখিতে পাইয়া তাঁহাদিগকেও সে ধরিয়া ফেলিল। লক্ষ্মণ ভয়ে কাঁপিতে কাঁপিতে বলিলেন, ''দাদা, এইবার ব্যক্তি প্রাণটা যায়!''

রাম তাঁহাকে সাহস দিয়া বলিলেন, "ভয় কী? ব্যস্ত হইতেছ

কেন?"

তখন সেই রাক্ষসটা বলিল, "তোমরা কে হে? এখানে কী করিতে আসিয়াছ? হাতে ধন্ক, বাণ, খঙ্গা দেখিতেছি, গায়ে জাের আছে বলিয়া বােধ হয়। বআর আমারও ক্ষ্মা হইয়াছে। স্তরাং, তােমাাদিগকে খাইব।" কিন্তু সে ভাহার প্রকান্ড ম্থ অথবা পেট, যাহাই বল, হাঁ করিয়া যেই রাম-লক্ষ্মণকে খাইতে যাইবে, অমনি খঙ্গা দিয়া তাঁহারা ভাহার হাত দ্ইটা কাটিয়া ফেলিলেন। তখন সে বেদনায় অস্থির হইয়া জিজ্ঞাসা করিল, "তােমরা কে?" লক্ষ্মণ তাঁহাদের পরিচয় দিয়া বলিলেন, "তুমি কে? কবন্ধ হইলে কী করিয়া?"

রাম লক্ষ্মণের পরিচয় পাইয়া কবন্ধ বলিল, ''আমার বড়ই সোভাগ্য যে আজ তোমান্দিগকে দেখিতে পাইলাম আর তোমরা আমার হাত কাটিলে। আমার নাম দন্। এক সময়ে আমি বড় স্কুদর ছিলাম আর ব্রহ্মার নিকট বর পাইয়াছিলাম যে অনেক দিন বাঁচিয়া থাকিব। ইহার মধ্যে একদিন আমি রাক্ষসের সাজ ধরিয়া স্থ্লশিরা নামক এক ম্নিকে ভয় দেখাইতে গেলাম। তাহাতে ম্নি আমাকে শাপ দিলেন, 'তুই ঐর্প হইয়াই থাক্!' শাপ দ্ব করিয়া দিবার জন্য আমি অনেক মিনতি করিতে তিনি বলিলেন, 'রাম যখন তোর হাত কাটিয়া তোকে পোড়াইবেন, তখন আবার তোর স্কুদর চেহারা হইবে।'

"এইর্প করিয়া আমি রাক্ষস হইলাম। তারপর আবার একদিন আমি ইন্দের সহিত যুদ্ধ করিতে গেলাম। তাহাতে ইন্দ্র তাঁহার বজ্র দিয়া আমাকে এমন শাহ্তি দিলেন যে, আমার মাথা আর পা একেবারে পেটের ভিতর ঢুকিয়া গেল। কিন্তু তব্তু আমি মরিলাম না। তথন, আমি এই বলিয়া দৃঃখ করিতে লাগিলাম, 'হায় হায়! রক্ষার বরে যে আমাকে অনেক দিন বাঁচিয়া থাকিতে হইবে! এখন আমি খাইব কী করিয়া?' ইহাতে ইন্দ্র দয়া করিয়া আমাকে এই লম্বা হাত দৃইটা দিলেন। ইহা দিয়াই আমি এতদিন জীবজন্তু ধরিয়া খাইতেছি। রাম, তুমি আমাকে পোড়াইয়া ফেল। তাহা হইলে আমার আবার স্কুনর শরীর হইবে।"

তারপর রাম লক্ষ্মণ প্রকাণ্ড চিতা জন্মলিয়া কবন্ধকে তাহাতে পোড়াইলেন। সেই চিতার ভিতর হইতে স্কুন্দর চেহারা লইয়া কবন্ধ উঠিয়া আসিল; আর ঠিক সেই সময়ে একখানা হাঁসের টানা রথও সেখানে আসিয়া উপস্থিত হইল। সেই রথে চড়িয়া কবন্ধ রামকে বিলল, ''স্থীব নামে এক বানর আছে। তাহার বড় ভাই বালী তাহাকে রাজ্য হইতে তাড়াইয়া দেওয়াতে সে এখন আর চারিটি বানর সঙ্গে করিয়া পম্পা নদীর ধারে ঋষাম্ক পর্বতে ভয়ে ভয়ে বাস করে। স্থাীব যেমন বীর, তেমনি বৃদ্ধিমান। তুমি তাহার সহিত বন্ধ্তা কর। সে সীতার সন্ধানও করিতে পারিবে, তাঁহাকে পাইবার উপায়ও করিয়া দিবে।"

এ কথার কবন্ধের নিকট বিদার লইরা রাম লক্ষ্মণ স্থাবিকে খংজিবার জন্য পশ্পা নদী ও ঋষ্যমূক পর্বতের দিকে যাত্রা করিলেন।

পম্পার ধারে শবরী নামে একজন অতিশয় বৃড়া তপস্বিনী বাস করিতেন। তিনিও কেবল রামকে দেখিবার জন্যই এতদিন বাঁচিয়া ছিলেন। রামের সহিত দেখা হইলে তিনি বলিলেন, ''রাম, তোমাকে যখন দেখিতে পাইয়াছি, তখন নিশ্চয়ই আমি স্বর্গে যাইতে পারিব। তোমার জন্য এই ফলম্ল আনিয়া রাখিয়াছি, তুমি দয়া করিয়া তাহা লও।''

এইর্পে রামকে আদর করিয়া, তাঁহার সম্মুখেই তিনি নিজের শরীর আগ্ননে পোড়াইয়া ফেলিলেন। তারপর সেই আগ্ননের ভিতর হইতে অতি সুন্দর বেশে বাহির হইয়া গেলেন। পম্পা নদী পার হইলে ঋষ্যম্ক পর্বত। সেই ঋষ্যম্ক পর্বতের নিকটে স্থাব আর কয়েকটি বানরের সঙ্গে বেড়াইতে বেড়াইতে দেখিল যে, দুইজন মানুষ সেই দিকে আসিতেছে।

এই দ্ইজন অবশ্য রাম ও লক্ষ্মণ ছাড়া আর কৈহ নহেন। কিন্তু সন্থীবের মনে সর্বদাই বালীর ভয় লাগিয়া ছিল। বালী তাহাকে রাজ্য হইতে তাড়াইয়া দিয়াছে, আবার কখন হয়তো তাহার লোক আসিয়া তাহাকে মারিবে। এইজন্য রাম লক্ষ্মণকে দেখিয়াই সে সংগ্রের বানর্গদিগকে বালিল, ''সর্বনাশ হইয়াছে! এ দ্ইজন নিশ্চয়ই বালীর লোক!''

উহাদিগের মধ্যে হন্মান বিলয়া একজন ছিল, সে বিলল, ''কীসের ভয় ? বালী তো ঋষ্যম্ক পর্বতে আসিতেই পারে না, আর ঐ লোক-দ্বটির সঙ্গেও তাহাকে দেখিতেছি না।''

স্গ্রীব বলিল, ''ও দুইজনকে দেখিয়া আমার বড়ই ভয় হইতেছে। উহারা বালীর লোক হইতেও পারে। হন্মান, তুমি একবার গিয়া জানিয়া আইস, উহারা কীর্প লোক আর কেন এখানে আসিয়াছে!''

হন্মান তখন দাড়ি গোঁফ পরিয়া একটি ভিখারী সাজিল। তারপর রাম লক্ষ্মণের কাছে গিয়া মিন্ট কথায় বিনয় করিয়া বলিতে লাগিল, ''মহাশায়, আপনারা কে? আপনাদিগকে দেখিলে যেমন তেমন লোক বলিয়া বোধ হয় না! এমন স্কুদর চেহারা, হাতে চমংকার অস্ত্র আর শরীরে বোধ হইতেছে যেন কতই জার! এই ঋষ্যম্ক পর্বতে বানরের রাজা স্ত্রীব থাকেন। তাঁহার দ্রাতা বালী তাঁহাকে রাজ্য হইতে তাড়াইয়া দেওয়াতে তিনি মনের দ্বংখে বনে বনে ঘ্রিয়া বেড়াইতেছেন। স্ত্রীব খ্ব বীর, আর বড়ই ধার্মিক। তিনি আপনাদের সহিত বন্ধ্বা করিতে চাহেন এবং সেইজনাই আমাকে আপনাদের নিকট পাঠাইয়াছেন। আমি তাঁহার মন্ত্রী, আমার নাম হন্মান।''

হন্মানের কথা শ্নিরা লক্ষ্মণ বলিলেন, ''আমরাও স্থাীবকে খ্রিভিতেছি। আমরা অযোধ্যার রাজা দশরথের প্র । ই'হার নাম রাম, আমি ই'হার ছোট ভাই লক্ষ্মণ। সংমার ছলনায় ইনি বনে আসিয়াছেন। ই'হার স্থাী সীতা দেবীও সংগ্য আসিয়াছিলেন। কিন্তু কোন্দ্র রাক্ষস তাঁহাকে কোথায় লইয়া গিয়াছে, তাহার কিছ্ই জানি না। শ্নিয়াছি, তোমাদের রাজা স্থাীব খ্ব ব্লিখ্মান। হয়তো তিনি

সেই রাক্ষসকে জানেন। তাই রাম তাঁহার সহিত বন্ধন্তা করিতে আসিয়াছেন।'

হন্মান বলিল, ''স্থাীব অবশ্যই ই'হার সহিত বন্ধ্বতা করিবেন আর বানরদিগকে লইয়া সীতাকে খ্রিজয়া বাহির করিবেন। বালীর ভয়ে তিনি বনে বনে ঘ্রিয়া বেড়াইতেছেন, স্বতরাং আপনাদের আসাতে তাঁহারও উপকার হইতে পারে।''

তারপর হন্মান রাম লক্ষ্মণকে পিঠে করিয়া স্থাবির নিকট লইয়া গেল। স্থাবি রামের পরিচর পাইয়া বলিল, ''রাম, তুমি প্থিবীর মধ্যে সকলের বড়, আর আমি বানর। তুমি আমার সহিত বন্ধ্তা করিতে আসিয়াছ, আমার কী সৌভাগ্য!''

তখনই হন্মান দুইখানি কাঠ ঘসিনা আগন্ন জনালিল: সেই আগন্নের সম্মুখে সম্গ্রীব রামের সহিত কোলাকুলি করিয়া বলিল, ''তুমি আমার বন্ধ্ব হইলে। এখন হইতে তোমার যাহা ইচ্ছা, আমারও তাহাই ইচ্ছা হইবে। যাহাতে জোমার সম্খ হয়, তাহাতে আমারও সম্খ হইবে আরু যাহাতে তোমার দুঃখ হয়, তাহাতে আমারও দুঃখ হইবে।''

রাম বলিলেন, ''বন্ধনু, আমি বালীকে মারিয়া তোমার ভয় দ্রে করিব।''

স্ত্রীব বলিল, ''বন্ধ্, তুমি সাহায্য করিলে আমি যে আবার রাজ্য পাইব, তাহাতে সন্দেহ কী? তোমার কণ্টও দ্র করিয়া দিব। সীভা যেখানেই থাকুন, আমরা তাঁহাকে খ্রিজয়া বাহির করিবই করিব। সেদিন এইখান দিয়া রাবণ একটি মেয়েকে লইয়া যাইতেছিল। বোধহয় তিনিই সীতা। তিনি তোমার নাম ধরিয়া কাঁদিতেছিলেন আর আমা-দিগকে দেখিতে পাইয়া গায়ের চাদর আর গহনা ফেলিয়া দিলেন। আমরা তাহা পর্বতের গ্রহায় লুকাইয়া রাখিয়াছি।''

এই বলিয়া স্থাবি সেই সকল আনিয়া রামকে দেখাইল। সীতার গায়ের চাদর, তাঁহার দৃইখানি ন্পুর, তাঁহার কেয়্র আর কুণ্ডল--এ সকল দেখিয়া রাম চিনিতে পারিলেন। তখন তাঁহার দৃঃখ যেন আরও বাড়িয়া গেল। স্থাবি তাঁহাকে অনেক ব্ঝাইয়া বলিল, ''বন্ধ্, দৃঃখ করিও না। আমরা নিশ্চয় সীতাকে আনিয়া দিব।''

তারপর সন্গ্রীব আর বালীর ঝগড়ার কথা উঠিল। একটা অস্বর ছিল, তাহার নাম মায়াবী। সে দৃন্দন্তি নামক দানবের বড় ছেলে। একবার বালীর সভেগ মায়াবীর যুন্ধ হয়। তখন বালীর তাড়া খাইয়া সে একটা প্রকান্ড গতের ভিতরে গিয়া ঢোকে। বালীও সন্গ্রীবকে সেই গতের মুখে রাখিয়া সেই অস্বরের সভেগ তাহার ভিতরে ঢ্বিল। স্থাীব এক বংসর সেই গতের মুখের কাছে বসিয়া রহিল কিন্তু বালী ফিরিল না। শেষে গর্তের ভিতর হইতে গরম রস্কু বাহির হইতে লাগিল, অস্ক্রদিগের ভয়ানক গর্জন শোনা গেল। তাহাতে স্থাীব মনে করিল, ব্বিঝ বালী মারা গিয়াছে। তথন সে অস্বরের ভয়ে গর্তের মুখে এক প্রকাণ্ড পাথর চাপা দিয়া কাঁদিতে কাঁদিতে কিভিকন্ধ্যায় ফিরিয়া আসিল। সেখানকার লোকেরা বালী মরিয়াছে জানিয়া স্থাীবকে রাজা করিল।

ইহার পর বালী ফিরিয়া আসিয়া দেখিল, স্থাীব রাজা হইয়াছে।
তথন সে বালল, ''আমি স্থাীবকৈ গর্তের মুখে রাখিয়া অস্র
মারিতে গিয়াছিলাম। ইহার মধ্যে হতভাগা আমার রাজ্য লইবার ফিন্দ
করিয়া আমাকে পাথর চাপা দিয়া আসিয়াছে!'' এই বালয়া সে
স্থাীবকৈ অনেক কণ্ট দিয়া তাড়াইয়া দিল। তাহার কোন কথাই
শ্বিল না।

তাহার পর হইতে স্থাীব বালীর ভয়ে ঋষ্যম্ক পর্বতে আসিয়া বাস করিতেছে। মতংগ মুনির শাপে বালী ঋষ্যম্ক পর্বতে আসিতে পারে না। কাজেই সেখানে থাকিলে স্থাীবের ভয় অনেকটা কম থাকে।

দর্শন্তি নামে মহিষের চেহারাওয়ালা একটা অস্বর ছিল। সে এমন প্রকান্ড ছিল যে, কেহই তাহার সঙ্গে যুন্ধ করিতে সাহস পাইত না। দর্শন্তি সম্বদ্রের সঙ্গে যুন্ধ করিতে গেল; সম্বদ্ধ হাতজ্ঞাড় করিয়া বলিল, ''আমি পারিব না, হিমালয়ের কাছে যাও।'' হিমালয়ের কাছে গেলে হিমালয় বলিল, ''আমি কি যুন্ধ জানি?'' তখন দর্শন্তি বলিল, ''তবে আমি কাহার সঙ্গে যুন্ধ করিব? শীঘ্র বল, নহিলে তোমাকে গ্রতাইয়া গ্রুড়া করিব।'' হিমালয় বলিল, ''কিছ্কিন্ধ্যায় বানরের রাজা বালী থাকেন। তাঁহার কাছে যাওঁ। তিনি তোমার সঙ্গে যুন্ধ করিতে পারিবেন।''

দ্বন্তি তখনই কিন্দিন্ধায় আসিয়া বালীর দরজার সম্মুখে ভয়ানক গজন করিতে লাগিল। গজন শ্বনিয়া বালী সেখানে আসিলে দ্বন্তি বলিল, ''তোমার সংগ্য যুব্ধ করিব।'' তখন বালী দ্বই হাতে তাহার দ্ইটা শিং ছি'ড়িয়া ফেলিল। তারপর তাহার লেভ ধরিয়া তাহাকে মাটিতে খালি আছাড়ের পর আছাড়—ঠিক ফেমন করিয়া ধোপা কাপড় কাচে। এইর্পে সেটা মরিয়া গেলে পর সেই লেজে ধরিয়াই ঘ্রাইতে ঘ্রাইতে তাহাকে একেবারে চার কোশ দ্রে ছ্বিড়য়া ফেলিয়া দিল।

সেই সময় দুন্দ্বভির রক্ত মতৎগ মুনির আশ্রমে গিয়া পড়ে। তাহাতে সেই মুনি বালীকে এই বলিয়া শাপ দেন যে, সে সেখানে গেলেই তাহার মাথা ফাটিয়া যাইবে। মাথা ফাটিবার ভয়ে বালী আর সেখানে আসে না। দ্বন্দ্বভির হাড়গর্বলি তখনও ঋষাম্ক পর্বতে পড়িয়া ছিল। স্থাীব রামকে তাহা দেখাইল। বালীর গায়ে কি যেমন-তেমন জাের ছিল! সাতটা বড় বড় তালগাছ একসঙ্গে ধরিয়া বালী তাহাতে এগনি নাড়া দিতে পারিত যে, সেই নাড়াতেই তাহাদের সমস্ত পাতা ঝরিয়া পড়িত।

কাজেই বালীকে স্থাীব এত ভয় করিত। আর সেইজনাই রাম তাহাকে মারিতে পারিবেন কি না, সে বিষয়ে তাহার সন্দেহ হইল। তাহার ভয় দেখিয়া লক্ষ্মণ জিজ্ঞাসা করিলেন, ''আচ্ছা, কী করিলে তোমার বিশ্বাস হইবে যে দাদা বালীকে মারিতে পারিবেন?''

সন্থাীব বালিল, ''রাম যাদ ঐ দ্বন্ধ্বিভর হাড় দ্বইশত ধন্ব দ্রে ফোলতে পারেন তবে ব্রিঝব তিনি বালীকে মারিতে পারিবেন।''

এই কথা শ্নিয়া রাম হাসিতে হাসিতে পায়ের ব্ডা আঙ্বল দিয়া দ্বল্বভির সেই পাহাড়ের মতন হাড়গ্রনিকে ঠেলিয়া দিলেন আর সেগ্রনি একেবারে চল্লিশ কোশ দ্বে গিয়া পড়িল। কিল্তু তাহাতেও স্বাীবের সন্দেহ গেল না। সে বলিল, ''ঐ যে সাতটা তালগাছ দেখিতেছ, বালী বাণ মারিয়া এক একটাকে একেবারে এপিঠ-ওপিঠ করিয়া ফ্রাড়িয়া ফেলিতে পারেন। রাম উহার একটা তালগাছ ফ্টাকর্ক দেখি!''

তাহা শ্বিয়া রাম একটা বাণ মারিলেন। সে বাণ একেবারে সেই সাতটা তালগাছকে ফ্র্ডিয়া, পাহাড়টাকে স্বৃশ্ধ ফ্র্ডিয়া পাতালে ঢ্বিয়া গেল। পাতালে গিয়াও সে থামিল না, থামিল আসিয়া রামের ত্ণে। তথন স্কাবি তাড়াতাড়ি রামের পায়ের ধ্লা লইতে পারিলে বাচে। সে ব্বিতে পারিল যে, ভাল করিয়া রামের এক বাণ খাইলে বালী নিশ্চয়ই মরিয়া যাইবে।

তবে আর কীসের ভয়! স্তরাং সকলে মিলিয়া কিৎ্কিন্ধ্যায় চলিল।

সেখানে আসিয়া স্থাবি কোমরে কাপড় জড়াইয়া আকাশ ফাটাইয়া চিংকার করিতে লাগিল, ''কোথায় গেলে দাদা? আইস দেখি, একবার ষ্মধ করি!'' তাহা শ্নিয়া রাগে বালীর রম্ভ গরম হইয়া উঠিল। আর কি সে বিসয়া থাকিতে পারে! তথনই দাঁত কড়মড় করিতে করিতে আসিয়া উপস্থিত হইল। তারপর দ্ইজনে কী ভয়ানক ষ্মধ হইল, তাহা কী বিলব! কিল আর চড়ের চোটে দ্ইজনের মৃথ দিয়াই রম্ভ উঠিতে লাগিল।

এদিকে বালী আর স্থাবি দেখিতে একই রকম। রাম মনে করিয়া-ছিলেন যে যুদ্ধের সময় বালীকে বাগ মারিবেন। কিল্তু এখন কোন্টা

টায়্বলিল ''তবে রে দ্বুণ্ট রাক্ষস !...''



যে বালী, তাহা তিনি ব্ৰিষতেই পারিতেছেন না। বাণ মারিলে তাহাতে বালী না মরিয়া যদি স্থাীব মরিয়া যায়, তবে তো সর্বনাশ!

কাজেই সে-যাত্রা সন্ত্রীবকে কেবল অনেকগন্নল কিল, চড় খাইয়াই ঋষামন্ক পর্বতে পলাইয়া আসিতে হইল। সেখানে আসিয়া সে রামকে বলিল, ''বন্ধন, তোমার কথায় আমি বালীর সঞ্জে যুন্ধ করিতে গিয়া এতগন্নি মার খাইলাম আর তুমি চুপ করিয়া তামাসা দেখিলে!''

তখন রাম তাহাকে ব্ঝাইয়া বলিলেন, "বন্ধা, রাগ করিও না। তুমি আর বালী দেখিতে ঠিক একই রকম। কাজেই তোমাদের কোন্টি কে, আমি কিছাই ব্ঝিতে পারি নাই। তুমি আবার যাও, আর এমন কোন চিহ্ন লইয়া যাও যাহাতে আমি তোমাকে চিনিতে পারি। তাহা হইলে এক বাণেই আমি বালীকে মারিয়া ফেলিব।"

এই কথা বালিয়া তিনি লক্ষ্যাণকে বালিলেন, ''লক্ষ্মণ, তুমি মলে-সাক্ষি ঐ নাগপ্ৰপী লতাটি আনিয়া সাগ্ৰীবের গলায় বাঁধিয়া দাও।''

এবারে স্থাবৈর মনে খুবই সাহস। স্তরাং সে আগের চেয়ে অনেক বেশী করিয়া চেণ্চাইতে লাগিল। তাহা শ্নিয়া বালীও বাহির হইয়া আসিতে আর বিলম্ব করিল না। রাগ দ্-জনেরই সমান। দ্-জনেই বলে, ''ঘ্নিস মারিয়া তোর মাথা গাড়া করিয়া দিব!'' আর, যাদুও যেমন-তেমন হইল না! কিল, চড়, লাথি, গাড়া, আঁচড়, কামড়, তারপর আবার গাছ-পাথর লইয়াও যাদ্ধ হইল। কিল্ডু বালীর গায় জার বেশী থাকাতে, শেষে সাগ্রীব কাব্য হইয়া পড়িতে লাগিল।

এমন সময় রামের বাণ ভয়ানক শব্দে বালীর ব্বকে আসিয়া বিশিধল। বাণের ঘায় বালীকে মাটিতে পড়িতে দেখিয়া রাম-লক্ষ্যণ তাহার নিকট ছুটিয়া আসিলেন। তখন বালী রামকে অনেক গালি বল।

সে বলিল, 'তুমি কেমন লোক! চুরি করিয়া কেন আমার উপর বি মারিলে? সামনে আসিয়া যুদ্ধ করিতে, তবে দেখিতাম! আমাকে তোমার কী লাভ হইল?''

রাম বলিলেন, ''তুমি দ্বুট লোক, তোমাকে মারাতে কোন অন্যায় নাই। আমি প্রতিজ্ঞা করিয়াছিলাম যে তোমাকে মারিব, কাজেই মারিয়াছি।''

বালীকে নারিয়া বন্ধরে উপকার করিয়াছেন, কাজেই ইহাতে রামের ন কন্ট না হইতে পারে। কিন্তু শেষে যখন বালীর স্ত্রী তারা আর হার প্ত অন্যাদ সেখানে আসিয়া কাঁদিতে লাগিল, তখন স্ত্রীবও ক্র জল রাখিতে পারিল না।

মরিবার সময় বাল্রীর ভাল বৃশ্ধি হইয়াছিল। তথন সে সৃহ্রীববে

ভাকিয়া বলিল, ''ভাই, বৃশ্বির দোষে অন্যায় করিয়াছি, ক্ষমা কর। আমার অগ্যদকে তোমার নিকট রাখিয়া গেলাম। তাহাকে তুমি তোমার প্রের মতন দেখিও।'' এই বলিয়া সে নিজের গলার সোনার হার স্ত্রীবের গলায় পরাইয়া দিল।

বালীর মৃত্যুর পর রাম স্গ্রীবকে কিণ্কিণ্ধ্যার রাজা আর অগ্গদকে যুবরাজ করিলেন।

তারপর সীতাকে খুজিবার আয়োজন হইতে লাগিল। স্ত্রীব হন্মানকে ডাকিয়া বলিল, ''হন্মান, শীঘ্র বানরদিগকে সংবাদ দাও যে সকল বানর খ্ব শীঘ্র চলিতে পাবে, তাহারা দশ দিনের ভিতরে প্থিবীর সকল বানরকে ডাকিয়া উপাদ্থিত কর্ক। মহেন্দ্র পর্বতে হিমালয়ে, বিন্ধাচলে, কৈলাসে আর মন্দর পর্বতে যে সকল বানর আছে; সম্দ্রের পাবে উদয় পর্বতে আর অসত পর্বতে, অঞ্জন পর্বতে আর পশ্মাচলে কালো কালো হাতিব মতন যে সকল বানব আছে পর্বতের গ্রহাব ভিতরে স্থামর্ব পাশে যে সকল বানর আছে; আর মহার্বণ পর্বতে যে সকল ভয়ঙ্কর বানর আছে, তাহারা সকলে এখানে আস্বক

তখনই চারিদিকে দ্তসকল ছ্বিয়া চলিল, আর দেখিতে দেখিতে প্রথিবীর সকল বানর আসিয়া কিৎিকন্ধ্যায় উপস্থিত হইতে লাগিল

অঞ্জন পর্বত হইতে আসিল তিন কোটি বানর; কৈলাস হইতে আসিল এক হাজার কোটি; অস্তাচল হইতে দশ কোটি; হিমালয়ের বানর ফল মূল খায়, কিন্তু সিংহের মতন জোরালো—সেই বানর এক হাজার খর্ব গর্জন কবিতে করিতে আসিয়া উপস্থিত হইল; বিন্ধা পর্বতের কালো বানর এক হাজার কোটি আসিল; ক্ষীরোদ সম্দ্রের পারে যে সকল বানর নারিকেল খাইয়া থাকে, তাহারাও আসিল।

পৃথিবীর বানর আর আসিতে কেহ বাকী নাই। তাহা ছা কিল্ফিল্ডায় কত বানর আছে, তাহার হিসাব কে করিবে? বাননে পারের ধ্লায় আকাশ অন্ধকার, সূর্য দেখা বায় না। কিল্কিন্ধ্যা আর স্থান নাই।

তারপর সর্গ্রীব সীতাকে খর্জিবার জন্য চারিদিকে বে পাঠাইল। প্রের্বে, দক্ষিণে, পশ্চিমে, উত্তরে, কোনখানেই লোক পাঠাই বাকী রহিল না। সর্গ্রীব তাহাদিগকে বলিল, ''এক মাসের মধ্যে তে দের ফিরিয়া আসা চাই; না আসিলে প্রাণদণ্ড হইবে।''

এই সকল বানরের মধ্যে হন,মানও ছিল। স্থাবি তাহাকে ডার্ বিলল, ''হন,মান্, তুমি জলে, শ্নো, স্বগের্, সকল স্থানেই যাই পার আর সকল স্থানের থবরই জান। তোমার মতন বীর কে আরে / যাহাতে খ্ব ভাল করিয়া সীতার খোঁজ হয়, তুমি সেইর্প করিবে।''

হন্মানকে দেখিয়া রামও ব্রিঝয়াছিলেন যে, সে নিশ্চয়ই সীতার সংবাদ আনিতে পারিবে। তাই তিনি তাহার হাতে তাঁহার নিজের নাম লেখা একটি আংটি দিয়া বলিলেন, ''এই আংটি দেখিলেই সীতা তোমাকে আমার লোক বলিয়া জানিতে পারিবেন।'' হন্মান জোড় হাতে আংটিটি লইয়া রামকে প্রণাম করিল।

তারপর বানরেরা সীতার খোঁজ করিবার জন্য গর্জন করিতে করিতে চারিদিকে ছ্বিটয়া চলিল। তাহাদের কেহ বলে, 'আমি রাবণকে মারিয়া সীতাকে আনিব।' কেহ বলে, 'আরে না! তোমরা থাক, আমিই সব করিব।' কেহ বলে, 'আমি পাহাড় গ'বড়া করিব।' কেহ বলে, 'আমি এক যোজন লাফাইব।' কেহ বলে, 'আমি দশ যোজন লাফাইব।' কেহ বলে, 'আমি দশ হাজার যোজন লাফাইব।'

এইর্প করিয়া বানরেরা সীতাকে খবজিতে বাহির হইল। ক্ষ্ধা হইলে তাহারা ফল থায়; রাগ্রিতে গাছেই ঘ্নায়। এক মাস পর্যন্ত এমনি করিয়া খবজিয়া, তাহারা প্থিবীর কোন স্থান দেখিতে বাকী রাখিল না। কত দেশে, কত বনে, কত পাহাড়ে যে তাহারা গিয়াছিল, তাহার সংখ্যা নাই।

সমন্দ্রে যে সকল দ্বীপ আর পাহাড় আছে, সেখানে ভয়ঙ্কর কালো কালো জন্তু থাকে,—তাহাদের কান পর্দার মত হইয়া ঠোঁট অর্বাধ ঝুলিয়া পড়িয়াছে, তাহাদের একটা বই পা নাই কিন্তু তব্ও তাহারা বাতাসের মত ছোটে,—সেইখানে তাহারা সীতাকে খার্কিয়াছিল।

যেখানে পিংগলবর্ণ কিরাতেরা থাকে আর কাঁচা মাছ খায়, সেইখানে ভোহারা সীতাকে খঃজিয়াছিল।

বাঘম্বথো মান্বের দেশে, নব দ্বীপে, স্বর্ণ দ্বীপে, রোপ্য দ্বীপে হাহারা সীতাকে খ‡জিয়াছিল।

মি ইক্ষ্মমন্দ্রের ধারে বিকট রাক্ষসেরা থাকে. তাহারা জন্তুর ছায়।
রিয়া টানিয়া তাহাকে খায়। সেইখানে তাহারা সীতাকে খ্রিজয়াছিল।
ইয়া তারপর লাল সমন্দ্র। সেখানে রাক্ষসেরা পাহাড়ের চ্ড়া ধরিয়া
তৌদ্বড়ের মতন ঝ্রলিতে থাকে। স্থেরি তেজে তাহাদের মাথা গ্রম

য়া গেলে তাহারা সম্দ্রের জলে পড়িয়া যায়; সেখান হইতে ঠাণ্ডা মন্বেয়া আবার পাহাড়ে উঠিয়া ঝ্লিতে থাকে। সেই লাল সম্ব্রে শ্বাহারা সীতাকে খ্রিজয়াছিল।

্রী তারপর ক্ষীরোদ সম্দু। তারপর জলোদ সম্দু। সেথানে অতি বিশাল একটা ঘোড়ার মুখ হইতে ক্রমাগত আগন্ন বাহির আর তাহা দেখিয়া সম্দ্রের জন্তুসকল ভয়ে চিংকার করিতেছে। সেই জলোদ সম্দ্রে তাহারা সীতাকে খুঁজিয়াছিল।

ষেখানে সূর্যে উদয় হয়, সেই সোনার পর্বতে তাহারা সীতাকে খ্রিজয়াছিল। তাহার পরে কেবলই অন্ধকার, সেখানে কেহই যাইতে পারে না।

ব্যুন্ত পর্বত লেখিতে যাঁড়ের মতন, তাহাতে গন্ধবেরা থাকে। সেখানে নানারকম ৮ন্দন গাছ আছে কিন্তু তাহার কথা কাহাকেও জিজ্ঞাসা কবিলে বড়ই বিপদ হয়। সেখানেও তাহারা সীতাকে খ্রীজয়াছিল।

উওরকুর, দেশে নদীতে সোনার পদ্ম ফোটে আর তাহার তীরে। মাক্তা ছড়ানো থাকে। সেই দেশে ভাহারা সীতাকে খাঁজিয়াছিল।

সংমেবং পর্বত পার হইলে অস্তাচল, সেখানে স্যা অস্ত যান। ততদ্র পর্যান্ত তাহারং স্থাতিকে খ্লিতে গিয়াছিল। তাহাব পর কেবলই অধ্বকার, সেখানে কেহই যাইতে পারে না।

এইর্প করিয়া ভাহারা সীতাকে খ্রিজয়া বেড়াইল কিন্তু কোথাও তাহার সন্ধান পাইল না। এক মাস পরে আর সকলেই কিন্কিন্ধ্যায় ফিরিয়া আসিল; কেবল হন্মান আর তাহার সগে যাহারা গিয়াছিল. তাহারা এখনও ফিরে নাই।

হন্মান, অভগদ, তার আর জাদ্ববান অনেক বানর লইয়া দক্ষিণ দিকে গিয়াছিল। তাহারা অনেক খ্রাজ্যাও সীতাকে দেখিতে পাইল না। প্রথমে ভ্রানক একটা বনের ভিতর ঘ্রিয়া ঘ্রিয়া তাহারা কাহিল হইল। তারপব সেখান হইতে যে জায়গায় আসিল, তাহা আরও ভ্রাক্রর। সে পোড়া দেশে গাছপালা নাই, জীবছনত জন্মাইতে পায় না, নদীসকল শ্কাইয়া গিয়াছে, এক ফোঁটা জল প্রতি পাইবার জানাই! কবে কন্ড্র বলিয়া এক ম্বান ছিলেন, এই হতভাগ্য দেশে তাহার প্রের মৃত্যু হয়। সেই প্রের শোকে বন্তু ম্বান দেশটাকে শাপ দিয়া তাহার এই দশা করিয়া গিয়াছেন। যাহা হউক, সেখানেও তাহারা সীতার সংধান পাইল না।

সেখান হইতে ভাষারা আর একটা বনে গিয়া ঢাকিবামারই একট বিকটাকার অসার তালাদিগকে তাড়িয়া মারিতে আসিল। অংগদ মনে করিল, বা্নি এটাই রাবণ। এই মনে করিয়া সে তালা ভালি এব চড় মারিল যে, সে চড় খাইয়া তাহার আর উঠিয়া যাইতে ভালা। এব চড়েই অসারের বাছা মাটিতে পড়িয়া ছটফট করিয়া ভাগিব।

কিন্তু এত খাজিয়াও সীতার সন্ধান পাওয়া গেল না। এদিবে ক্ষাধা তৃষ্ণায় তাহাদের প্রাণ যায়, আর চলিবার শক্তি নাই। এমন সময়ে তাহারা একটা প্রকাণ্ড গর্তের কাছে আসিয়া উপস্থিত হইল। সে গর্তের নাম ঋক্ষ বিল। তাহার ভিতর হইতে হাঁস, সারস প্রভাত পক্ষী উড়িয়া বাহির হইতেছিল। সে সকল পক্ষীর শ্রীরে জল দেখিয়া তাহারা মনে করিল যে, নিশ্চয়ই এই গর্তের ভিতরে জ্বল আছে।

এই মনে করিয়া তাহারা সেই গতের ভিতর ঢ্রাকল। গতেব মুখের কাছে খানিক দূর পর্যন্ত ভয়ানক অন্ধকার, কিন্ত সেই অন্ধ-কারের পরেই একটি অতি স্বন্দর এবং আশ্চর্য স্থান। সেথানকার সকলই সোনার। গাছপালাও সোনার, জলে মাছও সোনার, পশ্মফালও সোনার। কেবল পদেমর কাছে যে মোমাছি উড়িতেছে তাহা মানিকের।

সেই স্থানে ঘ্রারতে ঘ্রারতে তাহারা একটি তপস্বিনী দেখিতে পাইল। তাঁহার শরীরে এত তেজ যে, দেখিলে মনে হয় যেন আগত্বন জনলিতেছে। তাহারা তপাস্বনীকে প্রণাম কবিয়া জোড়হাতে বলিল, ''মা, আমরা ক্ষুধা তৃষ্ণায় কাতর হইয়া এখানে আসিয়াছি। এ আশ্চর্য দেশ কাহার, আর এ সকল জিনিস কী করিয়া সোনার হইল, তাহা জানিতে আমাদের বড়ই ইচ্ছা হইতেছে।''

তপস্বিনী বলিলেন, ''বাছা, এ স্থান ময় নামক দানবের তৈয়াবী। তোমরা এখানে কেন আসিয়াছ? ইহা যে অতি ভয়ঙ্কর স্থান!'' এই বলিয়া তিনি নানারকম মিষ্ট ফল আর ঠান্ডা জল আনিয়া বানরদিগকে খাইতে দিলেন। বানরেরা তাহা খাইয়া তাঁহাকে অনেক ধন্যবাদ দিল। তারপর আব এক নতেন বিপদ উপস্থিত। সেই গতেরি ভিতরে ঘুরিয়া ঘুরিয়া তাহাদের এক মাস চলিয়া গেল, তবুও তাহারা বাহিরে আসিবার পথ পায় না। তাহা দেখিয়া সেই তপদ্বিনী তাহাদিগকে র্বাললেন, ''বাছাসকল, এ গড়ের ভিতর একবার আর্সিলে কেহই জীবন্ত বাহিরে যাইতে পারে না। যাহা হউক, তোমরা খানিক চোখ বুজিয়া থাক, আমি তোমাদিগকে বাহিরে লইয়া যাইতেছি।'' এই কথা শুনিয়া বানরেরা সেখানে চোখ বর্জিয়া রহিল: তারপর চাহিয়া দেখিল যে, তাহারা বাহিরে বিন্ধা পর্বতের কাছে আসিয়া উপস্থিত হইয়াছে। নিকটে সম্ভদ্র, তাহার গর্জন শোনা যাইতেছে।

গতেরি বাহিরে আসিয়া কিন্তু তাহাদের একট্রও আনন্দ হইল না; বরং নানা চিন্তায় তাহাদের মন অস্থির হইয়া উঠিল। তাহাদের তখন বারবার এই কথা মনে হইতে লাগিল, এখন দেশে গিয়া কী বলিব? এক মাদ তো চলিয়া গেল কিন্তু হায়, সীতার কোন সংবাদই পাওয়া গেল না। এখন কোন মুখে দেশে ফিরিব? সুগ্রীব আগেই বলিয়াছেন যে এক মাসের ভিতর না ফিরিলে তিনি মাবিয়া ফেলিবেন!

সতেরাং তাহারা স্থির কবল যে, তাহারা আব দেশে না গিয়া

সেইখানেই না খাইয়া মরিবে। এইর্পে মরিবার জন্য প্রস্তৃত হইয়া তাহারা খাওয়াদাওয়া ছাড়িয়া দিয়া দক্ষিণ মুখে সমুদ্রের ধারে বসিয়া রহিল।

সেইখানে বিন্ধ্য পর্বতের উপরে জটায়্বর দাদা সম্পাতি পাখি থাকিত। সে বানর্রাদগকে দেখিয়া বলিল, ''অনেক দিন পরে আমার জন্য এতগর্বাল খাবার জিনিস আসিয়া উপস্থিত হইয়াছে। আমার বড়ই ভাগ্য। এইসকল বানরের এক একটা মরিবে আর আমি খাইব।''

এই কথা শর্নিয়া অজ্ঞাদ হন্মানকে বলিল, ''ঐ দেখ যম নিজেই পাখি সাজিয়া আমাদিগকে লইতে আসিয়াছে। আমাদের প্রাণ গেল, তব্বও রামের কাজ হইল না। জটায়্ব যুদ্ধ করিয়া সীতার জন্য প্রাণ দিয়াছিল, জটায়াই স্বখী!"

জ্ঞায়র নাম শ্রনিয়া সম্পাতি কাঁদিতে কাঁদিতে বলিল, ''হায়! কে তোমরা আমার প্রাণের ভাই জ্ঞায়রর মৃত্যুর কথা বলিতেছ? জ্ঞায়র কেমন করিয়া মরিল? আমার পাখা প্রভিয়া গিয়াছে, আমি উড়িতে পারি না। তোমবা আমাকে ধরিয়া নামাও।''

তখন অংগদ সম্পাতিকে পাহাড় হইতে নামাইয়া আনিল। তারপর নিজেদের পরিচয় দিয়া, বামের বনবাসের কথা, রাবণের সাঁতাকে লইয়া যাইবার কথা, জটায়্র মৃত্যুর কথা, স্গ্রীবের আর রামের বন্ধ্বতার কথা, বালীব মৃত্যুর কথা, সাঁতাকে খ্রিজবার কথা, এক এক করিয়া সকলই তাহাকে বলিল।

অজ্যদের কথা শ্বনিয়া সম্পাতি বলিল, ''তোমরা যে জ্টায়্র কথা বলিতেছ, সে আমার ভাই। তাহাকে যে মারিয়াছে, তাহার শাস্তি দিই এমন শক্তি আমার আর এখন নাই। ছেলেবেলায় আমরা দ্বই ভাই মিলিয়া ইন্দ্রকে জয় করিয়াছিলাম। ফিরিবার সময় স্থের নিকট দিয়া আসিতে গিয়া তাহার তেজে জটায়্ব অজ্ঞান হইয়া গেল। তাহাকে ঢাকিতে গিয়া আমিও পাখা প্রভিয়া এখানে পড়িলাম। সেই অবধি আমি এখানে পড়িয়া আছি, জটায়্ব কী হইয়াছে আমি জানি না।''

ইহা শ্বনিয়া অঙ্গদ বলিল, ''রাবণ কোথায় থাকে তুমি জান কি?''

সম্পাতি বলিল, ''একদিন রাবণকে আমি একটি মেয়েকে লইয়া ষাইতে দেখিয়াছি। মেয়েটি 'হা রাম! হা লক্ষ্মণ!' বলিয়া কাঁদিতেছিলেন, নিশ্চয় তিনিই সীতা। রাবণ সীতাকে লইয়া যাইবার সময় আমার প্র স্থাশ্ব তাহার পথ আটকাইয়াছিল কিন্তু রাবণ মিনতি করাতে ছাড়িয়া দিল। আমার পাখা নাই, আমি আর কী করিতে পারি?

আমি কেবল ম্খের কথা বলিয়াই রামের উপকার করিব। সামনের এই সম্দ্র এক শত যোজন চওড়া; তার পর লঙ্কাদ্বীপ, সেই লঙ্কায় রাবণের বাড়ি। তোমরা এই সম্দুর পার হইয়া লঙ্কায় যাও। আর বিলম্ব করিও না, যাহা করিলে রামের কাজ হইতে পারে তাহা কর।''

এই কথা বলিয়া সম্পাতি আবার বলিল, ''সীতাকে যে রাবণ লইয়া যাইবে, এ কথা নিশাকর নামে এক মনুনি আমাকে অনেক দিন আগেই বলিয়াছিলেন। আট হাজার বংসর আগে এখানে নিশাকর মুনির আশ্রম ছিল। ছেলেবেলায় আমি আর জ্ঞটায়ন্তাঁহাকে প্রণাম করিতে যাইত।ম, তিনিও আমাদিগকে বড়ই স্নেহ করিতেন। আমার ধ্যন পাখা প্রিয়া গেল, তখন তিনি বলিলেন, 'তুমি এখান হইতে কোথাও যাইও না। আমি তপস্যা করিয়া জানিয়াছি যে, রাজা দশ্রথের প্রে বামের স্থা সীতাকে রাবণ চুরি করিয়া লইয়া যাইবে। সেই সীতাকে খ্রাজবার জন্য রামের দ্তেরা এখানে আসিলে, তুমি তাহাদিগকে তাঁহার সম্ধান বলিয়া দিও। তাহা হইলেই তোমাব আবার পাখা হইবে।' সেই অর্বাধ আমি তোমাদিগের জন্য এইখানে বসিয়া আছি।''

কী আশ্চর্য! এই কথা বলিতে বলিতে সম্পাতির স্কুদর লাল রঙ্কের পাখা হইল। তথন সে বানর্রাদগকে ডাকিয়া বলিল, ''দেখ দেখ! মর্নির ববে আমার আবার পাখা হইয়ণছে, আর গায়ে যেন সেই আমার প্রথম ব্যসের মতন জোর পাইতেছি। তোমরাও নিশ্চয়ই সীতার সন্ধান পাইবে।'' এই বলিয়া সম্পাতি আনন্দে নীল আকাশে উড়িয়া চলিয়া গেল।

কিন্তু কী করিয়া সীতার থবর পাওয়া যাইবে? এক শত যোজন সম্দ্র ডিগুইতে পারিলে, তবে তো লঙ্কা! আর সেই লঙ্কায় গেলে, তবে তো সীতার সন্ধান হয়! এ কাজ কে করিবে?

তখন অংগদ বলিল, ''তোমরা তো সকলেই খ্ব বীর। বল দেখি ভাই, কে কত দূর লাফাইতে পার?''

অৎগদের কথা শ্রনিয়া তার বিলল, ''আমি দশ যোজন পারি।'' গবাক্ষ বিলল, 'আমি কুড়ি যোজন পারি।' শরভ বিলল, 'আমি তিশ যোজন পারি।' ঋষভ বিলল, 'আমি চিপ্লিশ যোজন পারি।' ঋষভ বিলল, 'আমি চিপ্লিশ যোজন পারি।' কেন্দ্র বিলল, 'আমি ষাট যোজন পারি।' দিববিদ বিলল, 'সত্তর যোজন পারি।' স্ব্যেণ বিলল, 'আমি যোজন পারি।' জান্ববান বিলল, 'নব্বই যোজন পারি।' সকলের কথা শ্রনিয়া অৎগদ বিলল, ''আমি একশত যোজন সমৃদ্র ডিঙাইতে পাবি: কিন্তু কিরিয়া আসিতে পারিব কি না, সে

বিষয়ে সন্দেহ হইতেছে।"

তখন জাম্ববান বলিল, ''রাজপুর, তুমি ইচ্ছা করিলে এক হাজার যোজন পার হইতে পার, কিন্তু নিজে তাহা করিতে যাইবে কেন? তুমি হুকুম দিবে, আমরা কাজ করিব। যে এ কাজের যোগ্য লোক, আমি তাহাকে ঠিক করিয়া দিতেছি।''

এই বলিয়া সে হন্মানকে বলিল, ''বাপ্র হন্মান, তুমি চুপ করিয়া বসিয়া আছ, তাহার কারণ কী? তুমি তো যেমন-তেমন লোক নহ!''

বাস্তবিকই হন্মান যেমন-তেমন লোক ছিল না। যখন তাহার জন্ম হয়, তখন স্থ উঠিতেছিল। লাল স্থ দেখিয়া সে মনে করিল, বৃঝি তাহা কোনর্প ফল। তাই সে লাফাইয়া তাহা ধরিতে গেল। স্থের তেজে তাহার কিছুই হয় নাই কিন্তু ইন্দ্র তাহাকে দেখিয়া বজ্র ছুর্জিয়া মারিলেন। বজ্র খাইয়াও সে মরিল না, কেবল পর্বতের উপরে পজিয়া তাহার বা পাশের হন্ব অর্থাৎ চোয়াল ভাঙিয়া গেল। সেজনা তাহার নাম হইল হন্মান।

হন্মান পবন দেবতার প্র। ইন্দ্র হন্মানকে বজ্র মারাতে, পবন রাগ করিয়া সমস্ত বাতাস বন্ধ করিয়া দিলেন। তাহাতে সংসারের লোক নিন্বাস ফেলিতে না পারিয়া অস্থির হইয়া উঠিল। তখন দেবতারা দেখিলেন বড় বিপদ! কাজেই তাঁহারা পবনকে সন্তুষ্ট করিবার জন্য হন্মানকে বর দিলেন। ব্রহ্মা বলিলেন, ''কোনও অন্তে হন্মানের মৃত্যু হইবে না।'' আর, ইন্দ্র বলিলেন, ''তাহার নিজের ইচ্ছা ভিন্ন কিছ্কতেই তাহার মৃত্যু হইবে না।''

বড় হইয়া হন্মান অসাধারণ বীর হইয়াছে। সে যেখানে ইচ্ছা সেইখানেই যাইতে পারে, কিছুতেই তাহাকে আটকায় না। সেই হন্মানকে ডাকিয়া এখন জাম্ববান বলিল, ''বাছা, তুমি এ কাজটি করিলে আমাদের প্রাণ বাঁচে।''

তথন হন্মান বলিল, ''ঐ যে মহেন্দ্র পর্বত দেখা যাইতেছে, উহা খ্ব উ'চু আর মজবৃত। ঐ স্থান হইতে লাফাইবার স্ববিধা হইবে।'' এই কথা বলিয়া সে মহেন্দ্র পর্বতে গিয়া উঠিল। মহেন্দ্র পর্বতে উঠিয়া হন্মান একটি ছোট মাঠের উপর দাঁড়াইল। তারপর জোড়হাতে দেবতাদিগকে প্রণাম করিয়া সে লাফ দিবার জন্য প্রস্তুত হইল। সে সময়ে তাহার শরীর এত বড় হইয়াছিল যে, তাহার ভার মহেন্দ্র পর্বতের সহ্য হইল না। সেই পর্বতের ভিতর হইতে তখন এমনি করিয়া জল বাহির হইয়াছিল যে, ভিজা গামছাকে নিং-ড়াইলে তাহার চেয়ে বেশী করিয়া জল বাহির হয় না। সেখানকার জীবজন্তুরা মনে করিল, ব্বিঝ প্থিবীর শেষ উপস্থিত। ম্বনিরা পর্বত ছাড়িয়া দ্রে গিয়া তামাসা দেখিতে লাগিলেন।

তারপর হন্মান দুই হাত মাটিতে ভর দিয়া, লেজ মোটা করিয়া, শরীর কোঁচকাইয়া, পা গুটাইয়া এমনই ভয়ানক লাভ দিল যে, তাহার কথা মনে করিলেও যার-পর-নাই আশ্চর্য বোধ হয়। সেই লাফের চোটে পর্বতের গাছপালা অবধি তাহার পিছ্ব পিছ্ব ছুর্টিয়া চলিল; সম্দ্রের জল গিয়া আকাশে উঠিল। তখন হন্মানকে দেখিয়া মনে হইতোছল, যেন একটা পর্বত আকাশের ভিতর দিয়া ছুর্টিয়া চলিতেছে! সেজন্য দেবতারা তাহার কতই প্রশংসা করিলেন।

এদিকে সম্দ্র মৈনাক পর্বতিকে ডাকিয়া বলিল, ''মৈনাক, তুমি শীঘ্র জলের ভিতর হইতে মাথা জাগাইয়া দাও। হন্মানের বোধহয় পরিশ্রম হইয়াছে, সে তোমার চূড়ায় বিসয়া বিশ্রাম করিবে।''

মৈনাক পর্বত সম্বদ্রের জলের নিচে থাকে। সম্বদ্রেব কথায় সে তথনই জল হইতে উঠিয়া হন্মানের সম্মুখে মাথা তুলিয়া দাঁড়াইল। কিন্তু হন্মানের বিশ্রামের কিছ্মাত্র দরকার নাই, তাহার উপরে আবার তাহার বড় তাড়াতাড়ি। কাজেই সে মৈনাককে ব্বকের ধাকায় সরাইয়া দিল।

তখন মৈনাক বলিল, ''হন্মান, সত্য যুগে যখন সকল পর্ব তেরই পাখা ছিল, তখন তাহারা যেখানে ইচ্ছা চলিয়া বেড়াইত আর তাহা-দের চাপে অনেক জীবজন্তু মারা যাইত। এইজনা ইন্দ্র বজ্র দিয়া সকল পর্ব তেরই পাখা কাটিয়া দেন। কিন্তু তোমার পিতা পবনদেব দয়া করিয়া আমাকে সমুদ্রের জলে উড়াইয়া ফেলাতে ইন্দ্র আমার পাখা কাটিতে পারেন নাই। হন্মান, তোমার পিতা আমার এই উপকার করিয়াছিলেন। তুমি কি আমার চ্ড়ায় একট্ব বিশ্রাম করিয়া আমাকে সুখী করিবে না?'' হন্মান বলিল, ''মৈনাক, তোমার কথা শ্রনিয়াই আমার মনে যার-পর-নাই স্থ হইয়াছে। কিন্তু ভাই, আমি বাস্ত আছি, এখন বাসতে পারিব না; আমাকে মাপ কর।'' এই বলিয়া মৈনাককে ছুইয়া হন্মান আবার ছুটিয়া চলিল।

দেবতারা দেখিলেন যে, হন্মান বড়ই ভয়ানক কাজ করিতে চলিয়াছে। এ কাজ সে করিয়া আসিতে পারিবে কি না তাহা পরীক্ষা করিয়া দেখিতে তাঁহাদের বড়ই ইচ্ছা হইল। তাই তাঁহারা নার্গদিগের মাতা স্বসাকে ডাকিয়া বলিলেন. ''স্বসা ঠাকর্ন, আপনি অন্গ্রহ করিয়া একটিবার হন্বর পথটা আগলাইয়া দাঁড়ান তো! দেখি সে কেমন বীর।''

দেবতাদের কথায় স্রমা ভয় জ্বর রাক্ষসীর বেশে, হাঁ করিরা হন্মানের সম্মুখে আসিয়া দাঁড়াইলেন। হন্মান তাহা দেখিয়া নিজের শরীরটাকে দশ যোজনের বড় করিয়া ফেলিল। সে মনে করিয়াছিল যে, এত বড় হইলে আর রাক্ষসী তাহাকে গিলিতে পারিবে না। কিন্তু রাক্ষসী তথনই তাহার দশ যোজনের জায়গায় বিশ যোজন হাঁ করিয়া বসিল।

কী বিপদ! হন্মান যতই বড় হয়. রাক্ষসী অমনি তাঁহার চেয়েও বড় হাঁ করে! দশ যোজন, বিশ যোজন, ত্রিশ যোজন, চল্লিশ যোজন, পঞ্চাশ যোজন, ষাট যোজন, সত্তর যোজন, আশী যোজন—হন্মান যতই বড় হইতেছে, রাক্ষসী তাহার চেয়েও বড় হাঁ করিতেছে! হন্মান যথন নক্বই যোজন হইল, রাক্ষসীর হাঁ তথন একশত যোজন। কাজেই শেষে হন্মান মনে করিল, 'আর বড় হইয়া কী হইবে? অন্য উপায় দেখা যাউক।'

তখন সে হঠাৎ বুড়ো আঙ্বলটির মতন ছোটু হইয়া রাক্ষসীর পেটের ভিতব ঢ্কিয়া, আবার তখনই বাহির হইয়া আসিল। হন্মান খুবই তাড়াতাড়ি ছোট হইল, রাক্ষসীর মসত হাঁ-টাকে গুটাইয়া লইতে বোধহয় তাহার চেয়ে অনেক বিলম্ব হইয়াছিল। কাজেই হন্মানকে গিলা আর তাহার হয় নাই। তারপর হয়তো আবার বুড়া আঙ্বলের মতন ছোট হন্মানটি কোন্ খান দিয়া ঢ্কিয়া গিয়াছে, রাক্ষসী তাহা টের পায় নাই। যেমন করিয়াই হউক, নাগের মা ঠাকর্বকে হন্মান বড়ই ফাঁকিটা দিয়াছিল।

স্বরসাকে ফাঁকি দিয়া বেশী দ্র যাইতে না যাইতেই হন্মান আর একটা রাক্ষসীর হাতে পড়িল। এটার নাম সিংহিকা। হন্মান শ্নো ছ্বটিয়া চলিয়াছে, ইহার মধ্যে সিংহিকা তাড়াতাড়ি আসিয়া তাহার ছায়া ধরিয়া বসিল। হন্মান হঠাৎ দেখিল যে, সে আর চলিতে পারিতেছে না আর সম্দ্রের ভিতর হইতে একটা ভয়ানক রাক্ষসীও উঠিয়া আসিতেছে। সে জানিত যে, এক রকম ভয়ঙ্কর রাক্ষস আছে. তাহারা জঙ্তুর ছায়া ধরিয়া তাহাকে আটকাইয়া ফেলিতে পারে। স্বতরাং, সে ব্বিঝতে পারিল যে, এটা সেইরকম রাক্ষসী।

তথন হন্মান তাহার শরীর বড় করিতে লাগিল। রাক্ষসীও অমনি ঘোরতর গর্জনের সহিত একেবারে আকাশ-পাতাল জোড়া ভয়ণ্কর এক হাঁ করিয়া হন্কে গিলে আর কি! তাহা দেখিয়া হন্মান খ্ব ছোট হইয়া রাক্ষসীর পেটের ভিতর ঢ্রিকল। স্বতরাং, রাক্ষসী যে হন্কে খাইতে চাহিয়াছিল, সে কাজ তাহার হইয়াছিল বলিতে হইবে কিন্তু দ্ঃখের বিষয়, হন্ব তাহার পেটের ভিতর গিয়াই তাহার নাড়ি ভুড়ি সব ছিড়িয়া প্রাণ বাহির করিয়া দিল।

এতক্ষণে হন্মান লঙ্কার খুব কাছে আসিয়াছে। দ্র হইতে সম্দ্রে তীরে স্কুদর স্কুদর গাছপালা দেখা যাইতেছে। তখন হন্মান ভাবিল, এই প্রকান্ড শরীর লইয়া লঙ্কায় গেলে রাক্ষসেরা কী মনে করিবে? স্কুতরাং, নামিবার পূর্বে সে তাহার শরীরটাকে খুব ছোট করিয়া লইল।

সমন্দ্র পার হইয়া হন্মান যেখানে নামিল সেটা একটা পর্বত। এই পর্বতের নাম লম্ব পর্বত। আবার ইহাকে গ্রিক্ট পর্বতও বলে। এখান হইতে লঙ্কাপ্রী বেশ দেখিতে পাও্যা যায়। নিজে বিশ্বকর্মা সেই লঙ্কা তৈয়ারী করিয়াছিলেন। উহা স্বর্গের মতন স্কুন্দর, আবার তেমনি মজবুত। লম্ব পর্বতের উপরেই শহর, তাহার চারিদিকে সোনার দেওয়াল। বড় বড় সিংহ-দরজা আছে, তাহাও সোনার। শহরের চারিধারে রাদ্ধসেরা অস্ত্রশস্ত্র লইয়া পাহারা দিতেছে।

দ্র হইতে কিছুকাল লঙ্কার শোভা দেখিয়া তারপর হন্মান ধীরে তাহার উত্তর দরজার নিকট গিয়া উপস্থিত হইল। কিন্তু তথনও বেলা ছিল থলিয়া প্রীর ভিতর দুকিল না। এত আলোর মধ্যে লঙ্কায় দুকিতে গেলে রাক্ষসেরা তাহাকে দেখিতে পাইয়া তাহার কাজই মাটি করিয়া দিত। তাই বাকী বেলাটুকু সে চুপি-চুপি বাহিরেই কাটাইল। তারপর যথন নগরে দুকিতে গেল, তথন বেশ অন্ধকার হইয়াছে। তথন যে সে শহরে দুকিল, তাহাও একটি বিড়ালছানার মতন ছোট হইয়া।

লঙ্কার বাড়ি-ঘর যেমন বড় বড়, তেমনি স্কুদর। দরজা জানালা সোনার, রোয়াক পান্নার, সি'ড়িগর্বল মানিকের। হন্মান এ সকলের শোভা দেখিতে দেখিতে চলিয়াছে, এমন সময় একটা বিকট রাক্ষসী কোথা হইতে আসিয়া তাহার পথ আটকাইয়া বলিল, ''কে রে তুই বানর? এথানে কী করিতে আসিয়াছিস? সত্য বল, নহিলে তোকে মারিয়া ফেলিব।''

হন্মান বলিল, "বলিতেছি। আগে বল তুমি কে?"

রাক্ষসী বলিল, ''আমি এই স্থানের দেবতা, আমারই নাম লংকা। এ স্থানের লোকেরা আমারই পূজা করে, আমি এখানে পাহারা দিই।''

হন্মান বলিল, ''এই স্ফুদর নগরটি দেখিতে আমার বড় ইচ্ছা হইয়াছে।''

রাক্ষসী কহিল, ''আমাকে হারাইতে না পারিলে তুই নগর দেখিতে পাইবি না।''

হন্মান মিনতি করিয়া বলিল, ''ঠাকর্ন, আমি একবার দেখিয়াই চলিয়া যাইব।''

এ কথায় রাক্ষসী রাগিয়া হন্মানকে এক চড় মারিল। কাজেই তখন হন্মানেরও রাগ হইবে না কেন? তবে রাক্ষসী স্থালাক বলিয়া তাহাকে হন্মান বাঁ হাতে আসেত একটি কিল মারিল। তাহাতেই বেচারী মাটিতে পড়িয়া, মুখ সিটকাইয়া একেবারে অজ্ঞান! জ্ঞান হইলে সে বলিল, "রক্ষা কর বাবা, আর না! তুমি প্রীর ভিতর গিয়া বাহা ইচ্ছা কর। ব্রহ্মা আমাকে বলিয়াছিলেন বে, বখন আমি বানরের কাছে হারিব, তখন রাক্ষসদের বড় বিপদ হইবে। এখন সেই বিপদের সময় উপস্থিত দেখিতেছি।"

তথন হন্মান লঙকার ভিতর প্রবেশ করিল। সেখানে ঘরে ঘরে তিল তিল করিয়া খংজিল, কিন্তু কোথাও সীতার দেখা পাইল না।

সে-সকল ঘরের কোথাও লোকজন গোলমাল করিতেছে, কোথাও পড়াশনুনার শব্দ হইতেছে, কোথাও গৃ্পতচরেরা অস্থাশস্ত্র লইরা বসিয়া আছে। কোথাও সকলে মিলিয়া আমোদ করিতেছে; তাহাদের বাজনার শব্দ এমনি মিষ্ট বে, তাহাতে আপনা হইতে ঘুম আসিতে চায়। হন্-মান এইর্প কত স্থান দেখিল, কিন্তু কোথাও সীতাকে দেখিতে পাইল না।

এক জায়গায় রাবণের প্রশেক রথ রহিয়াছে। বিশ্বকর্মা তাহা বুন্মার জন্য মণি-মুক্তা দিয়া প্রস্তৃত করিয়াছিলেন। ব্রহ্মা সেই রথ কুবেরকে দেন। কুবেরের নিকট হইতে রাবণ তাহা কাড়িয়া আনে। হনুমান সেই রথের উপর উঠিয়া দেখিল।

রাবণের বাড়িতে সকলে খাওয়াদাওয়া সারিয়া ঘ্রমাইয়াছে। সেখানে কত আশ্চর্য জিনিসই হন্মানের চোখে পডিল! সোনার জানালা, মানিকের সির্ভিড়, হাতির দাঁতের ম্তি, স্ফটিকের থাম—সকলই আশ্চর্য! ইহার মধ্যে আবার সকলের চেয়ে আশ্চর্য, রাবণের

শ্বেবার স্থানটি; স্ফটিকের বেদী, তাহার উপরে নীলকানত মণির খাট, তাহাতে সোনালী কাজ-করা হাতির দাঁতের খ্রিট। কলের প্রতুল সকল পাথা হাতে লইয়া সেই খাটে বাতাস করিতেছে।

রানী মন্দোদরীকে দেখিয়া একবার হন্মান মনে করিল, এই বৃঝি সীতা! কিন্তু আবার ভাবিল, সীতা এমন স্থে ঘ্নাইতেছেন, তাহা কখনই হইতে পারে না। ইনি নিশ্চয়ই অন্য কেহ হইবেন।

এইর্প ভাবিতে ভাবিতে সে রাবণের খাবার ঘরে গেল। সোনার থালা ঘটিতে, মাণর কাজ করা স্ফটিকের বাটিতে কতরকম খাবার জিনিস রহিয়াছে তাহা বালিয়া শেষ করা যায় না। মাংসের ব্যঞ্জনই বা কত রকমের—হরিণের মাংস, শ্রারের মাংস, মহিষের মাংস, গণ্ডা-রের মাংস। তাহা ছাড়া মাছ তো আছেই।

সেখানে অনেক মেয়ে রহিয়াছেন। কেহ দেবতার কন্যা, কেহ নাগের কন্যা: দেখিতে সকলেই স্ফুলর। আবার বিকট চেহারা এবং ভয়ঙ্কর দাঁতওয়ালা রাক্ষসের মেয়েও অনেক আছে। কিন্তু সীতা কোথাও নাই।

হন্মান অনেক করিয়া খুজিল। ঘরের পর বাগান, বাগানের পর ঘর, কিছ্ই সে বাকি রাখিল না। কিন্তু দেখিল, সীতা কোথাও নাই। তখন মনের দ্বংখে সে বালল, 'হায় হায়! এত করিয়াও সীতাকে দেখিতে পাইলাম না! হয় রাবণ তাঁহাকে মারিয়া ফেলিয়াছে, না হয় তিনি নিজেই মরিয়াছেন। এখন আমি কোন্ মুখে ফিরিয়া যাইব?' তারপর আবার সে মনে করিল, না, এখনও তো সকল প্থান দেখা হয় নাই। আরো ভাল করিয়া খুজি!

এই বলিয়া সে আবার প্রাণপণে খ'্জিতে খ'্জিতে একটি অশোক বন দেখিতে পাইল। সেই বনে যাইবামাত্র তাহার মনে হইল, এইখানে বোধহয় সীতাকে দেখিতে পাইব। হয়তো এই দিক দিয়া তিনি আসিবেন। এই মনে করিয়া সে একটি শিংশপা অর্থাৎ শিশ্ব গাছের পাতার আডালে লুকাইয়া চারিদিক দেখিতে লাগিল।

এমন সময় একটি মেয়ে সেইদিক দিয়া আসিলেন। না খাইয়া তাঁহার শরীর ভয়ানক রোগা আর ময়লা হইয়া গিয়াছে কিন্তু তব্ও তিনি দেখিতে আশ্চর্যরূপ স্কুলর। রাক্ষসীরা তাঁহাকে ঘিরিয়া আছে আর তিনি ক্রমাগত নিশ্বাস আর চোথের জল ফেলিয়া যেন কাহার কথা ভাবিতেছেন। চুল বাঁধেন নাই. একখানি মাত্র হলদে রঙের ময়লা কাপড় পরিয়া আছেন। হন্মান তাঁহাকে দেখিয়াই ব্ঝিতে পারিল যে, ইনিই সীতা। কারণ, তাহারা ঋষাম্ক পর্বতে থাকিয়া যে মেয়েটিকে দেখিতে পাইয়াছিল, ইনি তাঁহারই মতন দেখিতে।

ততক্ষণে রাত্রি প্রভাত হইয়া গিয়াছে, স্তরাং তখন আর সীতার সহিত কথা বলিবার স্বিধা হইল না। তাই হন্মান আবার রাত্রির জন্য অপেক্ষা করিতে লাগিল। এদিকে সীতা বসিয়া বসিয়া কেবল কাঁদিতেছেন। ভয়৽কর রাক্ষসীরা তাঁহাকে ঘিরয়া রহিয়াছে। তাহাদের কোনটা লম্বা, কোনটা কৃ'জো, কোনটা কানা। কোনটার ম্খ শ্রারের ম্থের মতন, কোনটার ম্খ শেয়ালের মতন, কোনটার ম্খ বাঘের ম্থের মতন, কোনটার ম্খ শেয়ালের ম্বের মতন। কোনটার গলা হাড়গিলার গলার মতন লম্বা। কোনটার গায় এত লোম যে, দেখিলে মনে হয় যেন কম্বল পরিয়াছে। কোনটার হাতির পায়ের মতন পা, কোনটার আবার হাতির শায়ের মতন শায়্রড়ও, আবার কোনটার জিহ্বা লক-লক করিয়া ঝ্লিতেছে। চারিধারে এইসকল রাক্ষসী অস্ত্রশস্ত্র লইয়া দাড়াইয়া আছে। তাহাদের মাঝখানে সীতা সেই শিংশপা গাছের তলায় বসিয়া কেবলই কাঁদিতেছেন।

তারপর যথন অনেক রাত্রি হইল, তখন রাবণ সেখানে আসিল। সে আসিয়া সীতাকে খুশী করিবার জন্য কতই মিণ্ট কথা কহিল, আবার কত লোভও দেখাইল। কিন্তু সীতা তাহার কোন কথাই শর্নালেন না। তিনি তাহাকে বলিলেন, ''ওরে দৃণ্ট, তুমি যেমন লোক, রাম-লক্ষ্মণ আসিয়া ভোমাকে তেমনি সাজা দিবেন। যদি তুমি ভাল চাহ, এখনই আমাকে ফিরাইয়া দিয়া রামকে সন্তুষ্ট কর; নতুবা তোমার আর রক্ষা নাই। তুমি তো মরিবেই, তোমার লংকায় আর একটি লোকও বাঁচিয়া থাকিবে না।''

এ কথায় রাবণ ভয়ানক রাগিয়া বলিল, ''আমি আর দ্ব-মাস দেখিব। তাহার পরে যদি তুমি আমার সংগে ভাল করিয়া কথা না বল, তবে তোমাকে কাটিয়া রাধিয়া খাইব!''

সীতা বলিলেন, ''আমার এমন ক্ষমতা আছে যে, আমি তোমাকে এখনি ভঙ্গম করিতে পারি। কেবল রাম আমাকে অনুমতি দেন নাই বলিয়া চুপ করিয়া আছি। তুমি কুবেরের ভাই আর নিজে এমন বীর, তুমি কেন রামকে ফাঁকি দিয়া আমাকে লইয়া আসিলে?''

রাবণ দেখিল যে, সীতা কিছ্মতেই তাহার কথায় সন্তুষ্ট হইতে-ছেন না। তখন সে রাক্ষসীদিগকে আরো বেশী করিয়া সীতাকে ব্যুঝাইতে বলিয়া চলিয়া গেল।

রাবণ গোলে পরে রাক্ষসীরা আসিয়া সীতাকে বাকিতে লাগিল। একজন বালিল, ''তোমার মতন এত বোকা তো দেখি নাই! এমন রাজা রাবণ, তাহাকে তুমি ভালবাসিতে চাহ না!'' আর একজন বালিল, ''আমার কথা শোন, তোমার জেদ ছাড়িয়া দাও। তাহা হইলে তুমি সকলের রানী হইবে।'' বিকটা বলিল, ''তুই অভাগী রাবণকে কেন ভালবার্সিব না?'' দুর্ম খী বলিল, ''আমাদের কথা রাখ্, নহিলে তোকে মারিয়া ফেলিব!''

কিন্তু সীতা ইহাদের কোন কথাতেই কান দিলেন না। তাহা দেখিয়া রাক্ষসীরা নিজ নিজ ঠোঁট চাটিতে চাটিতে কুড়াল লইয়া তাঁহাকে ভয় দেখাইতে লাগিল। নিন্দোদরী বলিল, ''তোকে খাইব!'' চন্ডোদরী বলিল, ''এটাকে মারিয়া ইহার যক্ত, প্লীহা ও ব্রক সব চিবাইয়া খাইব!''

সীতা বলিলেন, ''তোমরা এখনই আমাকে মারিয়া খাইয়া ফেল। আমার বাঁচিয়া কী কাজ?'' রাক্ষসীরা বলিল, ''আর দ্বই মাস থাক, তারপর তোর মাংস ছি'ডিয়া খাইব।''

এমন সময় ত্রিজটা নামে এক বৃড়ী রাক্ষসী সেখানে আসিয়া বলিল, ''তোমরা সীতাকে কণ্ট দিও না। আজ আমি বড় ভয়ানক দ্বন্দ দেখিয়াছি। বোধহয় রাবণ মরিয়া যাইবে আর লঙ্কাও ছারখার হইবে। তোমরা সীতাকে বাকিয়াছ, এখন ইহার পায়ে ধরিয়া ক্ষমা চাহ। তাহা হইলে হয়তো তিনি তোমাদিগকে ক্ষমা করিবেন।''

সীতা বলিলেন, ''গ্রিজটা, তোমার কথা সত্য হইলে আমি তোমা-দিগকে ক্ষমা করিব।'' এই কথা .বলিয়া তিনি আবার কাঁদিতে লাগিলেন।

হন্মান শিংশপা গাছে বসিয়া সবই দেখিয়াছে, আর মনে মনে ভাবিতেছে, কী করিয়া সীতাকে একট্ব শাল্ত করিবে। সে একট্ব নামিয়া সীতার আর একট্ব কাছে আসিয়া আন্তে আন্তে মিণ্ট কথায় বলিতে লাগিল, ''মহারাজ দশরথের পরে রামচন্দ্র বনে আসিয়াছিলেন। সংগ ছিলেন লক্ষ্মণ ঠাকুর আর মা সীতা। দ্বুণ্ট রাবণ রামকে ফাঁকি দিয়া সীতাকে লইয়া আসিল। রাম তাঁহাকে খর্জিতে খর্জিতে আসিয়া স্ব্রীবের সহিত বন্ধ্তা করিলেন। তারপর সীতার সন্ধান করিবার জন্য স্ব্রীব আমাদিগকে পাঠাইলেন। কতু দেশে, কত বনে আমরা সীতা মাকে খর্জিয়াছি। শেষে সম্পাতি পাথির কথায় সাগর পার হইয়া, এখানে আসিয়া ব্রিঝ মায়ের দেখা পাইলাম!'' এই বলিয়া হনুমান চুপ্থ করিল।

হন্মানের কথায় সীতা আশ্চর্য হইয়া চারিদিকে চাহিয়া দেখিতে লাগিলেন। দেখিলেন, একটি নিতান্ত ছোট বানর গাছের ডালে বসিয়া তাহাকে নমুম্কার করিতেছে। তাহার গায়ের রঙ অশোক ফুলের মতন লাল, চোখ সোনালী, পরনে সাদা কাপড়। ইহা দেখিয়া প্রথমে সীতার বড় ভয় হইল। কিন্তু শেষে অনেক ভাবিয়া তিনি বলিলেন. ''হে দেবতা ব্হস্পতি, হে রন্ধা, হে ইন্দ্র, হে অণ্নি, দোহাই আপনাদের! এই বানর যাহা বলিতেছে তাহা সত্য হউক!''

তথন হন,মান গাছ হইতে নামিয়া সীতাকে প্রণাম করিয়া বলিল, ''আপনি কে মা? কেনই বা এই বনে থাকিয়া এত দৃঃখ করিতেছেন? আপনি যদি রামের সীতা হন, তবে আমার কথার উত্তর দিন।''

এই কথা শর্নিয়া সীতা বলিলেন, ''আমি রাজা দশরথের প্রথম। আমার পিতার নাম জনক, স্বামী রামচন্দ্র। বিমাতার কথায় রাম বনে আসিয়াছিলেন; আমি আর লক্ষ্মণ তাঁহার সঙ্গে আসিয়াছিলাম। সেখান হইতে দৃষ্ট রাবণ আমাকে ধরিয়া লঙ্কায় আনিয়াছে।''

হন্মান সীতার সহিত ভাল করিয়া কথা কহিবার জন্য একট্ একট্ব করিয়া কাছে আসিতে লাগিল। কিন্তু তাহাতে আবার সীতা ভয় পাইরা বলিলেন, ''হায়! ইহার সহিত কেন কথা কহিলাম? এ হয়তো সেই দ্বুণ্ট রাবণই বানর সাজিয়া আসিয়াছে!''

তাহা শ্রনিয়া হন্মান জোড়হাতে তাঁহাকে অনেক ব্ঝাইল। শেষে রামের সেই আংটিটি তাঁহার হাতে দিল।

আংটি দেখিয়া আনন্দে সীতার স্নদর ম্খখানি উল্জ্বল হইয়া উঠিল, মনে আর কোন সন্দেহ রহিল না। তথন তিনি মন খ্রালয়া হন্মানকে রামের সংবাদ জিজ্ঞাসা করিতে লাগিলেন। রাম লক্ষ্যণ কেমন আছেন? তাঁহারা কেন আসিয়া রাবণকে মারিয়া ফেলিতেছেন না? সীতাকে না দেখিয়া রামের শরীর বেশী রোগা হইয়া যায় নাই তো? এইর্প কত প্রশ্নই তিনি করিলেন। রামের কথা যত জিজ্ঞাসা করেন, ততই তাঁহার আরো জিজ্ঞাসা করিতে ইচ্ছা করে।

় হন্মান বলিল, ''মা, আস্বন, আপনাকে পিঠে করিয়া রামের কাছে লইয়া যাই।''

তাহা শ্রনিয়া সীতা আশ্চর্য হইয়া জিজ্ঞাসা করিলেন, ''এতট্বকু বানরটি হইয়া তুমি কী করিয়া আমাকে লইয়া যাইবে?''

হন্মান বলিল, ''ইচ্ছা করিলেই, মা, আমি ঢের বড় হইতে পারি।' এই বলিয়া সে দেখিতে দেখিতে পর্বতের মতন বড় হইয়া বলিল, ''মা, আপনার আশীর্বাদে রাবণ আর তাহার লোকজন ও ঘরবাড়ি-স্মুখ এই লংকাটাকে আমি মাথায় করিয়া লইয়া যাইতে পারি। আপনার কিছ্ম ভব্ন নাই! আমার পিঠে উঠিয়া বস্ন।''

সীতা বলিলেন. ''তুমি যে পারিবে তাহা ব্বিয়াছি। কিন্তু সম্দের উপর দিয়া যাইবার সময় আমি নিশ্চয়ই মাথা ঘ্রিয়া পড়িয়া ষাইব। কাজেই আমার যাওয়া ঠিক নহে। তুমি শীঘ্র তাঁহাদিগকে এখানে লইয়া আইস।''



হন্মান বলিল, ''মা, আপনি ঠিক বলিয়াছেন। আচ্ছা, তবে আমাকে এমন একটা কিছ্ব জিনিস দিন, যাহা দেখিয়া রামের বিশ্বাস হইবে যে আমি যথার্থই আপনাকে দেখিয়া গিয়াছি।''

এ কথায় সীতা তাঁহার মাথার মণি খুনিয়া হন্মানের হাতে দিলেন। হন্মান সেই মণি লইয়া, সীতাকে প্রণাম করিয়া তাঁহার নিকট বিদায় লইল। যাইবার সময় তাঁহাকে অনেক সাহস দিয়া বলিল, ''মা, আপনার কোন চিন্তা নাই। শীঘ্রই আপনার কণ্ট দূর হইবে।''

সীতার নিকট বিদায় লইয়া খন্মান ভাবিতে লাগিল, সীতার সন্ধান তো পাইয়াছি। এখন রাক্ষসেরা কেমন যুন্ধ জানে, তাহার কিছু খবর লইয়া যাইতে পারিলে মন্দ হয় না।

এই ভাবিয়া হন্মান বিষম হৃপ-হাপ্, দৃশ্-দাপ্, চড়্-চড়্, মড়্-মড়্ শব্দে সেই স্কর অশোক বর্নাট ভাঙিতে আরম্ভ করিল। দেখিতে দেখিতে সে সেই বনেব এমন দৃদ্শা করিল যে, আগ্রন দিয়া পোড়াইলেও তাহার চেয়ে বেশী হয় না। এইর্পে সমস্ত বাগানটিকে ছারখার করিয়া, সে একটি সিংহ-দরজার উপরে বসিয়া দেখিতে লাগিল, রাক্ষসেরা তখন কী করে।

এদিকে রাক্ষসেরা বন ভাঙার শব্দে সেখানে আসিয়া দেখিল যে, হন্মান তাহার কাজ শেষ করিয়া সিংহ-দরজায় চড়িয়া গর্জন করি-তেছে। তখন তাহারা উধর্শবাসে গিয়া রাবণকে বালল, "মহারাজ, একটা ভয়ঙ্কর বানর আসিয়া অশোক বন লন্ডভন্ড করিয়াছে! বোধহয় সে রামের লোক, কেননা সে সীতার সহিত কথা কহিয়াছে আর
তিনি যেখানে আছেন সে জায়গাট্কু ভাঙে নাই।"

এ কথা শ্নিয়া রাবণ রাগে তাহার কুড়ি চোথ লাল আর কুড়ি পাটি দাঁত কড়্-মড়্ করিয়া তথনি হ্নুকুম দিল, ''শীঘ্র ওটাকে বাঁধিয়া আন।''

হৃকুম পাওয়ামাত্রই বড় বড় রাক্ষসেরা মহা তেজের সহিত হন্মানকে বাধিয়া আনিতে চলিল। তাহাদিগকে দেখিয়া হন্মান সেই সিংহ-দরজার বিশাল হৃড়কাটা হাতে লইয়া বলিল, ''জয় রামচন্দের জয়!''

তারপর আর কয়েক মুহ্তের মধ্যে সে রাক্ষসগর্বালর মাথা গংড়া করিয়া আবার সেই সিংহ-দরজায় উঠিয়া ভাল মানুষের মতন বসিয়াছে—যেন সে কিছুই জানে না।

খানিক পরে তাহার মনে হইল যে, ঐ যে পাহাড়ের মতন বড় বাড়িটা দেখা যাইতেছে, সেটাকে ভাঙিতে পারিলে তো বেশ হয়! যেমন কথা তেমনি কাজ। অমনি সেই বাড়িটাকে চুরমার করিয়া হন্ আবাব সিংহ-দরজায় উঠিয়া বিসয়া আছে।

ততক্ষণে অসংখ্য পাহারাওয়ালা অস্ত্রশস্ত্র লইয়া সেখানে আসিয়া উপস্থিত হইল। হন্মানও আর কিছ্ন না পাইয়া, সেই ভাঙা বাড়ির একটা সোনার থাম লইয়াই সে সকল পাহারাওয়ালাকে পিষিয়া দিল।

এদিকে রাবণ জাদ্ব্মালীকে যুদ্ধে পাঠাইয়াছেন। কিন্তু তাহার ব্রক পরিষের ঘায় ভাঙিতে হন্মানের অধিক সময় লাগিল না। তারপর মন্ত্রীর ছেলেরা যুদ্ধ করিতে আসিয়াছিল। তাহাদিগকেও হন্মান ক্রেকটি কিল চড়েই শেষ করিয়া আবার সেই সিংহ-দরঞ্জায় উঠিয়া বসিয়া রহিল।

এইর্পে হন্মান লংকায় যে কী ভয়ংকর কাণ্ড বাধাইল তাহা কী বলিব! বড় বড় বীরেরা যুন্ধ করিতে আসে আর হন্ তাহাদিগকে গ্র্ডা করিয়া দেয়। ঘোড়া দিয়া ঘোড়া মারে, হাতি দিয়া হাতি মারে, রাক্ষস দিয়া রাক্ষস মারে!

দ্ধর, প্রঘস, বির্পাক্ষ, ভাসকর্ণ আর য্পাক্ষ, ইহাদের এক এক জন অসাধারণ যোদ্যা। হন্মান দ্ধরের রথের উপর খালি লাফাইরা পড়িয়াই রথ আর ঘোড়া-স্ম্থ তাহাকে থেংলা করিয়া দিল। তারপর শালগাছ দিয়া বির্পাক্ষ ও য্পাক্ষকে শেষ করা, পর্বতের চ্ড়া দিয়া প্রঘস ও ভাসকর্ণকে পেষা, আর এটাতে ওটাতে ঠোকাঠ্রিক করিয়া সঙ্গের রাক্ষসগর্লর মাথা ফাটানো, এ সকল তো হন্র পক্ষে কেবল খেলা! সে-কাজ সে চক্ষের পলকে সারিয়া আবার সেই সিংহ-দরজায় উঠিয়া বসিল।

ইহার পর রাবণের প্র অক্ষ আট ঘোড়ার রথে চড়িয়া যুন্ধ করিতে আসিল। সে প্রথমে অনেক বাণ মারিয়া হন্মানকে একট্ব ব্যুস্ত করিয়াই তুলিয়াছিল কিন্তু ভাহার পরেই হন্মান এক চড়ে ভাহার রথের আটটা ঘোড়াকে, আর আট কিল মারিয়া রথখানিকে গ্রুড়া করিয়া দিল। তখন অক্ষ রথ হইতে না নামিয়া আর যায় কোথায়? আর হন্ত তখন ভাহার পা ধরিয়া ভাহাকে মাটির উপর এমনি এক আছাড় দিল যে, ভাহাতেই বেচারা একেবারে চুরমার!

অক্ষের মৃত্যুর কথা শ্নিরা রাবণ তাহার বড় ছেলে ইন্দ্রজিংকে য্নেধ পাঠাইরা দিল। ইন্দ্রজিতের মতন যোন্ধা লণ্কায় আর কেই ছিল না। কিন্তু সে আসিয়াও প্রথমে হন্মানের কিছ্ করিতে পারে নাই। আর, কী করিয়াই বা পারিবে? বাণ আসিবার আগেই হন্মান সরিয়া বিসয়া থাকে, কাজেই তাহা আর তাহার গায় লাগিতে পারে না। তাহা দেখিয়া ইন্দ্রজিং রাগের ভরে একেবারে রক্ষান্দ্র ছাড়িয়া দিল। রক্ষা তাহাকে সেই অন্ট্র দিয়াছিলেন। সে অন্ত্রকে কেহ আটকাইতে পারে

না; কাজেই হন্মানও তাহা আটকাইতে পারিল না। আবার হন্-মানকে ব্রহ্মা বর দিয়াছিলেন যে, কোন অস্তেই তাহার মৃত্যু হইবে না। স্বতরাং, ব্রহ্মাস্ত্রও তাহাকে মারিতে না পারিয়া, খালি বাঁধিয়া ফেলিল।

ব্হ্মান্দ্রে বাঁধা পড়িয়া হন্মান ভাবিল, ''বেশ হইয়াছে! এখন এরা আমাকে রাবণের কাছে লইয়া যাইবে, আর আমিও তাহার সহিত দ্টা কথাবার্তা কহিতে পারিব।''

হন্মান বাঁধা পড়িয়াছে দেখিয়া রাক্ষসেরা আনন্দে নাচিতে লাগিল। তাহারা মোটা মোটা দড়ি আনিয়া তাহাকে তো শক্ত করিয়া বাঁধিলই, তাহা ছাড়া তাহাদের যতদ্রে সাধ্য গালি দিতে আর ভেঙ-চাইতেও ছাড়িল না। হন্মান কিছুই করে না, খালি চে চাইতেছে।

এদিকে কিন্তু ব্রহ্মান্তের বাঁধন খুলিয়া গিয়াছে। কারণ, সে বাঁধন এমনি রকমের যে, তাহার উপর আবার দড়ি দিয়া বাঁধিতে গেলে তাহা আপনি খুলিয়া যায়। যাহা হউক, বাঁধন যে খুলিয়া গিয়াছে, এ কথা হন্মান রাক্ষসদিগকে জানিতে দিল না। ইন্দ্রজিং টের পাইল বটে, কিন্তু অন্য রাক্ষসেরা তাহার কিছ্ই ব্রিঞ্ল না। তাহারা মনে করিল, বাঃ, ধ্ব মজব্ত করিয়া বাঁধিয়াছি! তারপর 'হে ইয়ো! হে ইয়ো!' করিয়া তাহারা হন্মানকে মারিতে মারিতে রাবণের সভায় লইয়া চলিল।

সেখানে রাক্ষসেরা তাহাকে দেখিয়া কী আশ্চর্যই হইল! কেহ বিলল, ''আরে. এটা এখানে কী করিতে আসিল?'' কেহ বিলল, 'এটাকে মারিয়া ফেল।'' কেহ বিলল, ''পোড়াইয়া ফেল!'' কেহ বিলল, ''খাইয়া ফেল!'' এই বিলয়া তাহারা হন্মানকে লইয়া টানা-টান করিতে লাগিল।

হন্মান কিছ্ বলে না। সে কেবল ক্রমাগত রাবণকে আর তাহার দভার ঘরখানি চাহিয়া দেখিতেছে। মণি-মানিকের কাজ করা স্ফটিকেব সংহাসনে রাবণ বাসিয়া আছে। তাহার দশ মাথায় দশটি ঝকঝকে সানার মকুট। শরীরটি কুচকুচে কালো, তাহাতে রক্তচন্দন মাখানো, তাহারে উপর সোনার হার। এক একটা মুখ যেন এক একটা জালা! তাহাতে আবার দাঁতগর্বলি ধারালো আর ঠোটগর্বলি ঝ্বিয়া পড়িয়াছে। হন্মান তাহাকে দেখিয়াই মনে মনে ভাবিল যে, এ ব্যক্তি যেমন-তেমন বীর নহে!

এদিকে রাক্ষসেরা হন্মানকে কত কথাই জিজ্ঞাসা করিতেছে—
''তুই কোথা হইতে আসিয়াছিস?'' ''এখানে আসিলি কী করিতে?''
''বন ভাঙিলি কেন?'' ''কে তোকে পাঠাইয়াছে?'' ''ঠিক করিয়া বল্,
তাহা হইলে এখনি তোকে ছাড়িয়া দিব, মিথ্যা কহিলে মারিয়া
ফেলিব!''

তাহা শর্নানয়া হন্মান রাবণকে বলিল, "রাজা রাবণ, আমি তোমাকে দেখিতে লঙ্কায় আসিয়াছিলাম। সহজে তোমার দেখা না পাইয়া বন ভাঙিয়াছি। তাহাতে রাক্ষসেরা আমার সঙ্গে যুন্ধ করিতে আসিল, কাজেই আমিও তাহাদিগকে মারিয়াছি। আমি রামের দৃত, পবনের পরে, আমার নাম হন্মান। তোমার ধনজন এত আছে, তোমার কি এমন অন্যায় কাজ করা উচিত? তোমার ভালোর জন্যই বলিতেছি, স্টিতকে রাখিও না; তাহা হইলে তোমার প্রাণ যাইবে। কী বলিব, রাম আমাকে অনুমতি দেন নাই, নহিলে আমি এখনি তোমার লঙ্কা গ্র্ডা করিয়া রাখিয়া যাইতাম।"

তথন রাবণ তাহার লাল লাল কুড়িটা চোথ ঘ্রাইয়া বলিল, ''কোথায় জল্লাদ সকল, কাট্ তো এটাকে!'' কিন্তু বিভাষণ তাহাকে বারণ করিল।

বিভীষণ বাবণের ছোট ভাই; সে অতি বৃদ্ধিমান লোক। সে বলিল, ''মহারাজ, করেন কী? দৃতকে কি কখনও মারিতে আছে? তাহাতে যে ভয়ানক পাপ! দৃতকে চাব্ক মারা যায়, তাহার মাথা মৃড়াইয়া দেওয়া যায়, শরীরের কোন স্থান খোঁড়া করিয়াও দেওয়া যায়, কিন্তু তাহাকে মারা কখনই হইতে পারে না। আর এটাকে মারিয়া ফোললে খবর লইয়া কে যাইবে? তাহা হইলে রাম লক্ষ্মণই বা কী করিয়া এখানে আসিবে, আর রাক্ষসেরাই বা কী করিয়া তাহাদিগকে মারিয়া নিজেদের বাহাদ্রির দেখাইবে!''

বিভীষণের কথা শ্নিয়া রাবণ বলিল, ''বিভীষণ, ঠিক বলিয়াছ। ইহাকে মারিয়া কাজ নাই। এই দুন্টের লেজ পোড়াইয়া দাও, তাহা হইলে দেশে গিয়া আর মুখ দেখাইতে পারিবে না!''

তখন রাক্ষসেরা বোঝা বোঝা নেকড়া আনিয়া হন্মানের লেজে
জড়াইতে লাগিল। যত জড়ায় হন্মানের লেজ ততই বড় হয়, আর বেশী
নৈকড়া লাগে। লংকার নেকড়া ফ্রাইয়া যাইবার গতিক আর-কি!
নেকড়া জড়ান হইলে তাহারা তাহাতে তেল ঢালিয়া আগ্ন ধরাইয়া
দিল।

সেই লেজের আগনে দিয়া হন্মান যে কী কাণ্ড করিবে, তাহা আগে জানিলে কখনই তাহারা এমন করিয়া তাহাতে আগনে ধরাইত না। হন্মান প্রথমেই তো সেই জন্ত্রলত লেজটি ঘ্রাইয়া রাক্ষসিদগকে মারিতে আরুভ করিল। যত মারে বাক্ষসেরাও ততই বেশী করিয়া তাহাকে বাঁধে, আর ভাহাকে দেখিয়া ছেলে বন্ডা স্থীলোকেরা হাততালি দিয়া হাসে। এইর্প করিয়া রাক্ষসেরা লঞ্কার গলি গলি হন্মনেকে লইয়া তামাসা দেখাইতে লাগিল। অবশ্য এ খবব সীতার

কাছে পেণছিতে অধিক বিলম্ব হইল না। তাহা শ্বনিয়া সীতা মনে মনে বলিলেন, ''হে দেবতা আগ্ন, আমি যদি কোন প্রণ্য কাজ করিয়া থাকি তবে তুমি হন্মানকে পোড়াইও না।''

এদিকে ইন্মান ভাবিতেছে, ''কী আশ্চর্য'! আমার লেজে এত আগ্ন, তব্ তাহাতে জ্বালা নাই কেন? আগ্ন যেন আমার কাছে হিমের মতন লাগিতেছে! ব্রিঝ্য়াছি, আমার পিতা প্রবন, আর রাম এবং সীতা, ই'হাদের দ্য়াতেই এইরূপ হইয়াছে।''

় তখন সে মুহুতের মধ্যে তাহার শরীরটাকে খুব ছোট করিয়া ফোলল। তাহাতে বাঁধনের দড়িগুর্নল আপনা হইতে খুনিলয়া পড়ায় রাক্ষসেরা আর তাহাকে ধরিয়া রাখিতে পারিল না।

বাঁধন ঝাড়িয়া ফেলিয়া হন্মান ভাবিল, ''এখন কী করি? সম্দ্র ডিঙাইয়া, ধন ভাঙিয়া, রাক্ষস অনেক মারিয়াছি। এখন এই লেজের মাগন্ন দিয়া এইসকল ঘর দ্যার পোড়াইতে পারিলেই কাজ শেষ যা।''

যেই এই কথা মনে করা, অমনি এক লাফে একেবারে ঘরের চালে গয়া উঠা। তারপর ঘর হইতে ঘরে, সেখান হইতে বাগানে, বাগান হইতে আবার ঘরের ছাদে, এইর্প করিয়া হন্মান লঙ্কায় আগন্ন দাগাইয়া ফিরিতে লাগিল। আগন্ন যতই জন্নিয়া উঠিল, বাতাসও তেই ছন্টিয়া চালল, আর হন্মানও ততই মনের সন্থে গর্জান কবিতে দাগিল।

সেদিন লংকায় কী সর্বনাশই উপস্থিত হইয়াছিল! যেদিকে ছিয়া দেখা যায়, সেইদিকেই আগন্ন দাউ-দাউ করিয়া জনুলিতেছে। ধাঁয়ায় আকাশ অন্ধকার, রাক্ষসেরা যে পথ দেখিয়া পলাইবে, তাহারও জা নাই। চারিদিকে কেবল বাতাসের শোঁশোঁ, পোড়া কাঠ ফাটার দটপট, বাড়িঘর পড়ার মড়-মড়, আর রাক্ষসিদিগের হায় হায়! বচারারা পাগলের মতন ছনুটাছনুটি করিতেছে আর বলিতেছে, ''হায় ায়! সর্বনাশ হইল!'' ''বাবা গো! এটা কী আসিল!'' ছেলে ব্ড়া তী প্রস্থুষ্ক কত রাক্ষস যে প্রভিয়া মরিল, তাহার লেখাজোখা নাই!

হন্মান তাহার লেজের আগন্ন সম্দ্রের জল দিয়া সহজেই বাইয়াছিল। কিন্তু লঙকার সে সর্বনেশে আগন্ন কেহই নিবাইতে রিল না। সেদিন আগন্নের তামাসা দেখিয়া হন্মানের মনে বড়ই বিনদ হইয়াছিল।

কিন্তু তাহার আনন্দ অধিকক্ষণ রহিল না। এতক্ষণ সে লঙ্কা শাড়াইতে ব্যুদ্ত ছিল, তাই সীতার কথা তাহার মনে হয় নাই। তাঁহার থা মনে হইবামাত্রই সে ভয়ে আর দুঃখে অস্থির হইয়া ভাবিতে লাগিল, হায় হায়! কী করিলাম? সীতাকে-সমুন্ধ ব্রিঝ পোড়াইয়া মারিলাম! সে অমনি দুই লাফে গিয়া সীতার নিকট উপস্থিত হইয়া দেখিল, কী আশ্চর্য! লঙ্কা প্রতিয়া ছারখার হইয়াছে কিল্কু সীতার কিছুই হয় নাই! ইহাতে হন্মানের যে কী আনন্দ হইল তাহা কী বলিব! তারপর সে সীতাকে অনেক সাহস দিয়া আর তাঁহার পায়ের ধূলা লইয়া সেখান হইতে বিদায় হইল।

লঙ্কার কাছেই আরণ্ট পর্বত। হন্মান সীতার নিকট বিদায় লইয়া সেই পর্বতে গিয়া উঠিল। তাহার মনে হইল যে, সেখান হইতে লাফ দিলে সমৃদ্র পার হওয়ার সূবিধা হইবে।

এদিকে হন্মানের সঙ্গের বানরেরা সম্দ্রের ধারে অপেক্ষা করি-তেছে। তাহারা কেবল ভাবিতেছে, কখন হন্মান ফিরিয়া আসিবে। এমন সময় দ্র হইতে তাহারা তাহার গর্জন এবং শোঁ শোঁ শব্দ শ্নিতে পাইল। তাহা শ্নিনিয়া জাম্ববান বালল, ''নিশ্চয় হন্মান সীতার সন্ধান পাইয়াছে; নহিলে এত চে'চাইবে কেন?''

জাশ্ববানের কথায় বানরেরা আনন্দে লাফালাফি করিতে লাগিল। তাহাদের কেহ গাছে চড়ে, লেজ নাড়ে, কেহ কাপড় উড়ায়, আবার কেহ কেহ মাথা তুলিয়া খালি হন্মানের পথের দিকে চাহিয়া আছে। এমন সময় হন্মান ঝড়ের মতন ছ্রিটয়া আসিয়ঃ চিপ করিয়া সেইখানে পড়িল।

তাহাকে দেখিয়া বানরেরা কি তাহাদের আনন্দ সামলাইয়ারাখিতে পারে! তাহাকে আদর আর সম্মান দেখাইতে কেহ তাহার বাসবার জন্য গাছের ডাল বিছাইয়া দেয়, কেহ ফল মলে আনিয়া দেয়, কেহ কেহ কিচিমিচি করে। অনেকে কেবল হাতজোড় করিয়া দাঁড়াইয়া আছে। হন্মান আগে জাম্ববান, অংগদ প্রভৃতি গ্রক্তনকে প্রণাম করিয়া তারপর সীতার এবং লংকার খবর সকলকে শ্নাইল।

এতদিনে বানর্রাদণের মনে আবার সুখ আসিয়াছে। তাহাদের কাজ হইয়াছে, এখন সংবাদ লইয়া দেশে ফিরিবার সময় উপস্থিত। ফিরিবার প্রের্ব একবার তাহারা মনে করিয়াছিল সীতাকে সঙ্গে করিয়া লইয়া ষাইবে কিন্তু শেষে ভাবিয়া দেখিল যে, রামের অনুমতি ভিন্ন তাহা করা উচিত নহে। স্তরাং, তাহারা তাড়াতাড়ি কিন্কিন্ধ্যায় ফিরিয়া চলিল।

তাহারা যখন কিষ্কিন্ধ্যার কাছে স্থাবির মধ্বনে আসিয়া উপস্থিত হইল, তখন তাহাদের উৎসাহ আর থামাইয়া রাখিতে পারিল না। অজ্যদ বলিল, ''তোমরা পেট ভরিয়া মধ্য থাও।'' তাহা শ্নিয় বানরেরাও আর তিলমাত্র বিলম্ব করিল না। পেট ভরিয়া মধ্য আর ফল তো তাহারা খাইলই, তাহার উপর আবার গাছপ।পা ভাঙিয়া বনের দুর্দশার একশেষ করিল।

সন্থাীবের মামা দধিমন্থ সেই বনের প্রহরী ছিল। সে তাহাদিগকে কত বারণ করিল, কত ধমকাইল, দৃই-এক জনকে মারিলও। কিন্তু বানবেরা কি তাহাতে থামে? বরং তাহারা উল্টিয়া দধিমন্থেরই নানা-রকম দন্দশা করিল। তাহাকে আঁচড়াইয়া কামড়াইয়া, লেজ ধরিয়া টানিয়া বেচারার আর কিছ্ব রাখিল না।

তখন বেচারা কাঁদিতে কাঁদিতে সংগ্রীবের নিকট গিয়া নালিশ করিল। শানিরা সংগ্রীব বলিল, ''মামা, তোমার কথা শানিরা বড় সংখী হইলাম। নিশ্চর উহারা সীতার সন্ধান পাইয়াছে, না হইলে কি এমন পাগলামি করিতে পারে? শীঘ্র গিয়া উহাদিগকে পাঠাইয়া দাও।''

দিধম্খও তাহা শ্নিরা ভাবিল, ''বা! তাই তো, উহারা নিশ্চর সীতার খবর আনিরাছে!'' তখন কোথার বা গেল তাহার বেদনা, কোখার বা গেল তাহার কামা। সে সকল দৃঃখ ভূলিরা অমনি হন্মান প্রভৃতিকে আনিতে ছ্টিরা চলিরাছে।

তাহারা আসিলে রাম লক্ষ্মণ আর স্থাবি সকল কথাই শ্নিতে শাইলেন। হন্মান রামকে সীতার সংবাদ বলিয়া সেই মণি তাঁহার হাতে দিল। রাম মণি হাতে লইয়া বার বার তাহা দেখিতে লাগিলেন। তারপর তাহা বৃকে চাপিয়া ধরিলেন, আর তাঁহার চক্ষ্ম দিয়া ঝর-ঝর করিয়া জল পড়িতে লাগিল। তারপর সকলে উৎসাহে আকাশ পাতাল কাঁপাইয়া লঙ্কায় চলিল।
সকলের আগে চলিল নল। সে পথ পরীক্ষায় বড়ই পশ্ডিত। কোন্
পথ ভাল, কোথায় পরিষ্কার জল, কোথায় মিষ্ট ফল, নলের সব মৃখ্যথ
আছে। নল যে পথে যাইতেছে, সেই পথ ধরিয়া অন্যেরা তাহার পিছ্
পিছ্ চলিয়াছে। হন্মান রামকে আর অঙ্গদ লক্ষ্মণকে পিঠে
করিয়া লইয়াছে। অন্য বানরেরা গাছের ফল খাইয়া, ফ্লের শোভা
দেখিয়া, মনের স্থে দল বাঁধিয়া চলিয়াছে। এইর্পে তাহারা সেই
মহেন্দ্র পর্বতের কাছে সম্দ্রে ধারে আসিয়া উপস্থিত হইল।

এদিকে রাবণ রাক্ষসদের সহিত বসিয়া পরামর্শ করিতেছে। সেবলিল, ''বড়ই যে মুক্লিল দেখিতেছি! লঙ্কায় আসিয়া প্রবেশ করা তো যেমন তেমন কঠিন কাজ নহে। সেই কাজ সামান্য একটা বানরে করিয়া গেল, ঘরবাড়িও ভাঙিল, এতগর্বলি রাক্ষসও মারিল! বল দেখি এখন কী করা যায়।''

রাক্ষসেরা বলিল, ''সে কী মহারাজ! আমাদের এত সৈন্য, এত অস্ত্র আর আপনি এমন বীর! প্থিবী, আকাশ, পাতাল আপনি জয় করিয়াছেন। বানর আর মান্যকে আপনার কীসের ভয়? আপনার নিজেরও যুন্ধ করিতে হইবে না, একা ইন্দ্রজিংই তাহাদিগকে মারিয়া শেষ করিবেন।''

প্রহৃত বলিল, ''আমি তাহাদিগকে মারিব।''

বজ্রদংগ্র বলিল, ''আমি একটা বৃণ্ধি করিয়াছি। জোয়ান জোয়ান রাক্ষসেরা ভরতের সৈন্য সাজিয়া উহাদের কাছে যাইবে। উহারা কিছ্বতে বৃথিতে পারিবে না। আর ইহার মধ্যে আমাদের লোকেরা এক সময় তাহাদিগকে বাগে পাইয়া মারিয়া শেষ করিবে।''

বাক্ষসেরা সকলেই এইর্প বলিতেছে. তাহা দেখিয়া বিভীষণ বলিল, ''মহারাজ, যাহার জোর নাই সে কি সাহস করিয়া লঙকায় যুল্ধ করিতে আসে? রামের সীতা রামকে ফিরাইয়া দিন, নহিলে বড়ই বিপদ হইবে। আপনি রামের এত অনিষ্ট করিয়াছেন, তাহাতেই তো রাম যুল্ধ করিতে আসিলেন। এ কাজ আপনার উচিত হয় নাই।'' বিভীষণের কথা শ্রনিয়া রাবণ রাগের ভরে সভা হইতে চলিয়া গেল।

পর্রদিন আবার মুখ্ত সভা। সেদিনও খোসামুদে রাক্ষসেরা বলিল, ''মহারাজ, কোন ভয় নাই, যুখ্ধ কর্ন।'' আর কেবল বিভীষণ বলিল, ''শীঘ্র সীতাকে ফিরাইয়া দিন।'' সেজন্য রাবণ রাগের ভরে তাহাকে যত ইচ্ছা গালি দিয়া শেষে বলিল, ''হতভাগা, আর কেহ যদি এই কথা বলিত, তাহা হইলে এখনি তাহাকে কাটিয়া ফেলিতাম!''

তখন বিভীষণ বলিল, ''মহারাজ, আপনি আমার গ্রেকন। আপনাকে ব্ঝাইতে পারি, আমার এমন সাধ্য কী? আমার অন্যায় হইয়া থাকিলে ক্ষমা করিবেন। ভাল কথা বলিতে গেলাম, তাহাতে আপনার এত রাগ হইল। এখন আপনার যাহা ইচ্ছা তাহাই কর্ন; আমি চলিলাম।'' এই বলিয়া বিভীষণ আর চারিজন রাক্ষস সংগ্যে লইয়া সেখান হইতে চলিয়া গেল।

রাবণের সভা ছাড়িয়া বিভীষণ আর সেই চারিজন রাক্ষস সম্দ্র পার হইয়া রামের নিকটে চলিয়া আসিল। সেখানে স্থাীব আর অন্য অন্য বানর্রাদগকে দেখিয়া বিভীষণ বালল, ''আমি রাবণের ভাই, আমার নাম বিভীষণ। আমি সীতাকে ফিরাইয়া দিবার কথা বলাতে রাবণ আমাকে গালি দিয়াছেন। তাই আমি রামের কাছে আসিয়াছি।''

এই কথা শানিয়া সাগ্রীব তাড়াতাড়ি রামের কাছে গিয়া সংবাদ দিল। বিভীষণকে সে বিশ্বাস করিতে পারে নাই। হন্মান ছাড়া বানরদিগের অন্য কেহ তাহাকে বিশ্বাস করে নাই। তাহারা সকলেই বিভীষণকে জায়গা দিতে রামকে বার বার নিষেধ করিল। খালি হন্মান বলিল, ''উহার মাখ দেখিয়া তো দ্বট লোক বলিয়া বোধ হয় না। ও যথার্থই আমাদের সহিত বন্ধ্বতা করিতে আসিয়াছে। উহাকে জায়গা দেওয়া উচিত।''

সকলের কথা শর্নিয়া রাম বলিলেন, ''যে আশ্রয় চায় তাহাকে আশ্রয় দেওয়া উচিত। সে যদি দৃষ্টও হয়, তথাপি তাহার এমন ক্ষমতা নাই যে আমার অনিষ্ট করে। তোমরা শীঘ্র তাহাকে ডাকিয়া আন।''

তথন বিভীষণ আসিয়া রামকে প্রণাম করিয়া বলিল, ''রাবণ আমারে অপমান করিয়াছেন, তাই আমি আপনার নিকট আসিয়াছি। এখন আপনার ইচ্ছা হয় আমাকে রাখ্বন, না হয় মারিয়া ফেল্বন।''

রাম মিষ্ট কথায় তাহার ভয় দ্রে করিয়া বলিলেন, ''বিভীষণ, স্মাম রাবণকে মারিয়া তোমাকে রাজা করিব।''

বিভীষণ বলিল, ''আমি প্রাণ দিয়া আপনার সাহায্য করিব।'' তথন রাম লক্ষ্মণকে বলিলেন, ''চল, আমরা এখানেই বিভীষণকে লঙ্কার রাজা করি।''

রাজা হইবার জনা স্নান করিতে হয়. সেই স্নানকে অভিষেক বলে। রামের কথায় লক্ষ্মণ তথনই সম্বদ্রের জলে অভিষেক করিয়া বিভীষণকে লঙ্কার রাজা করিলেন। তারপর সন্গ্রীব আর হন্মান বিভীবণকে জিজ্ঞাসা করিল, ''মহাশয়, সমৃদ্র পার হইব কী করিয়া?''

বিভীষণ বলিল, ''রাম যদি সম্দের প্রা করেন, তবে অবশ্য সম্দ্র পার হওয়া ষাইবে।''

বানরেরা তথনই প্জার জোগাড় করিয়া সম্দ্রের ধারে কুশাসন বিছাইয়া দিল। রাম তাহাতে বসিয়া সম্দ্রের প্জা আরম্ভ করিলেন। প্জা শেষ হইলো সম্দ্রেক প্রণাম করিয়া তিনি সেই কুশাসনের উপর শ্রুয়া রহিলেন। এক দিন, দ্বই দিন, তিন দিন, চার দিন রাম সেইখানে পড়িয়া আছেন, তব্ও সম্দু তাহার সংবাদ লয় না। তাহা দেখিয়া রাম বালিলেন, ''এত করিয়া প্জা করিলাম, আর তুমি গ্রাহাই করিলে না! তোমার এতই অহত্কার! আচ্ছা দেখি, তোমাকে শ্রিষয়া ফেলিতে কতক্ষণ লাগে!''

এই বলিয়া রাম ধন্ক লইয়া তাহাতে ব্রহ্মাস্ত জন্ডিলেন। সে অস্তের তেজে চন্দ্র সূর্য অবধি কাঁপিতে লাগিল আর সমন্দ্রও প্রাণেব ভরে অমান হাতজোড় করিয়া উপস্থিত হইল। তারপর সে রামের নিকট অনেক মিনতি করিয়া বলিল, ''এই নল বিশ্বকর্মার প্র। নল আমার উপর সেতৃ বাঁধিয়া দিলেই সকলে পার হইতে পারিবে। সেতৃ যাহাতে না ভাঙে, সেজনা আমি এখন হইতে খ্ব স্থির হইয়া থাকিব।''

তখনই বানরেরা গাছ আর পাথর আনিয়া সম্দ্রের ধারে ফেলিতে লাগিল। নল কী আশ্চর্য কারিকর! সেই গাছ পাথর দিয়া একশত যোজন লম্বা স্কুদর সেতু প্রস্তুত করিতে তাহার ছয় দিনের বেশী লাগিল না। সেই সেতুর উপর দিয়া সকলে পার হইয়া লঙ্কায় আসিল।

রাম লঙকায় আসিয়াছে শর্নিয়া রাবণ শ্ব আর সারণ নামক তাহার দ্বই মন্ত্রীকে চুপি চুপি রামের সৈন্য দেখিবার জন্য পাঠাইয়া দিল। শ্বক ও সারণ বানর সাজিয়া গিয়াছিল কিন্তু সে ফাঁকিতে বিভীষণ ভূলিল না। সে তাহাদিগকে ধরিয়া রামের কাছে লইয়া গেল।

শ্বক ও সারণ তো ঠিক করিয়া রাখিয়াছে যে, এ যাত্রা আর তাহা-দের রক্ষা নাই; কেন না. শত্বর লোক ঐর্প চুরি করিয়া খবর লইতে স্থাসিলে তাহাকে মারিয়া ফেলাই দস্তুর। তাহারা রামের পায়ে পড়িয়া বলিল, ''আমরা রাবণের হ্বকুমে আপনার সৈন্য গণিতে আসিয়া-ছিলাম।''

তাহা শর্নিয়া রাম হাসিয়া বলিলেন, ''তোমাদের কিছ্ ভয় নাই। যদি সৈন্য দেখা হইয়া থাকে, তবে নিশ্চিকেত ঘরে চলিয়া যাও। আর, যদি দেখা না হইয়া থাকে, তবে ভাল করিয়া দেখিয়া যাও।'' এ কথা শর্নিয়া শ্বক ও সারণ রামকে কত আশীবাদিই করিল ! তার-পর তাহারা গিয়া রাবণকে বলিল, ''মহারাজ, যুন্ধ করিয়া কাজ নাই। ইহারা বড় ভয়ানক বীর! সীতাকে ফিরাইয়া দিন।''

রাবণ বলিল, ''তোমরা যে ভারী ভয় পাইয়াছ! বল দেখি, এই প্থিবীতে এমন কে আছে যে আমাকে যুন্ধ করিয়া হারাইতে পারে?'' এই বলিয়া সে ছাদে উঠিয়া দেখিতে গেল, রামের সৈন্য কীরূপ।

শাদা শাদা মেঘ আসিয়া যেমন করিয়া আকাশ ঢাকে, তেমনি করিয়া বানরেতে লংকার চারিদিক ছাইয়া গিয়াছে। সেইসকল সৈন্য দেখাইয়া সারণ রাবণকে কহিল, ''মহারাজ, ঐ দেখন নীল বীর দশ হাজার যোদ্ধা সংখ্যে লইয়া ফিরিতেছে। ঐ দেখনে বালীর পত্ত অঞ্সদ, উহার সঙ্গে অনেক কোটি সৈন্য। ঐ নল, যে ঐ সেতু বাঁধিয়াছে। ঐ ন্বেত, ঐ কুম্বুদ, ঐ চন্ড, ঐ সংরম্ভ, ঐ শরভ, ঐ পনস, ঐ বিনত, ঐ গবয়, ঐ হয়। ঐ জাম্ববান, দেখুন তাহার সহিত কত ভাল্লুক আসিয়াছে ! ঐ রম্ব, ঐ সন্নাদন, ঐ প্রমাথী, ঐ গাবক্ষ, ঐ কেশরী, ঐ শতাবলী। মহারাজ, ঐ যে শাল গাছের মতন বড় বড় বানর দাঁড়াইয়া আছে, উহারা স্বগ্রীবের লোক। উহাদের বাড়ি কিম্কিন্ধ্যায়, উহারা সকলেই বড় বড় বীর। উহাদের মধ্যে হন্মানকে বোধহয় চিনিতে পারিয়াছেন। হন্মানের কাছে যিনি বিসয়া আছেন, তিনি রাম। তাঁহার কথা আর কী বালিব! যেমন দেখিতে স্বন্দর, তেমনি দয়াল্, তেমনি বিদ্বান, তেমনি ধার্মিক, আর তেমনি বীর। উ°হার পাশে ঐ লক্ষ্মণ বিসয়া, সোনার মতন রঙ, কোঁকড়ানো কাল চুল, চওড়া ব্ক। দেখিতে যেমন. গ্রেণেও তেমনি। উ'হার মতন বীর কোথাও নাই। লক্ষ্মণের পাশে ঐ দেখুন বিভীষণ বিসয়া আছেন। শ্রনিয়াছি. রাম নাকি তাঁহাকে লঙ্কার রাজা করিয়াছেন। ঐ স্থাব, যাঁহার গলায় সোনার হার আর শরীর পাহাড়ের মতন বড়।

''মহারাজ এক শত লক্ষে এক কোটি হয়। লক্ষ কোটিতে এক শঙ্কু, লক্ষ শঙ্কৃতে এক মহাশঙ্কু, লক্ষ মহাশঙ্কুতে এক বৃন্দ, লক্ষ বৃন্দে এক মহাবৃন্দ, লক্ষ মহাবৃন্দে এক পদ্ম, লক্ষ পদ্মে এক মহাপদ্ম, লক্ষ মহাপদ্মে এক থৰ্ব, লক্ষ থৰ্বে এক সম্ভূব, লক্ষ সম্ভূবে এক মহোঘ। রামের সঙ্গে এইর্প এক হাজার কোটি, এক শত শঙ্কু, এক হাজার মহাশঙ্কু, এক শত বৃন্দ, এক হাজার মহাবৃন্দ, এক শত পদ্ম, এক হাজার মহাপদ্ম, এক শত থৰ্ব, এক শত সম্ভূ আর এক হাজার মহোঘ সৈন্য আসিয়াছে।''

এ সকল দেখিয়া শ্রনিয়া রাবণের মনে খ্রবই ভয় হইল কিন্তু সে

তাহা শ্বক সারণকে জানিতে দিল না। বাহিরে সে যার-পর-নাই রাগ দেখাইয়া, শ্বক সারণকে বিকয়া সেখান হইতে তাড়াইয়া দিল।

এরপর একদিন কী হইল শ্ন। লঙ্কার বিদ্যুভিজহ্ব নামে
থকটা জাদ্বকর রাক্ষস ছিল। রাবণ তাহাকে দিয়া ঠিক রামের মাথার
মতন একটা মাথা আর তাঁহার ধন্বাণের মতনধন্বাণ প্রস্তৃত করাইল! তারপর অশোক বনে গিয়া সেই মাথা আর ধনুক সীতাকে দেখাইয়া
বিলল, ''এই দেখ, তোমার রামকে আমরা মারিয়া ফেলিয়াছি। রাত্রিতে
যখন তাহারা ঘ্মাইতেছিল তখন আমার সৈনোরা গিয়া তাহার মাথা
কাটিয়াছে আর বিভীষণকে ধরিয়া আনিয়াছে। লক্ষ্যণ পলাইয়াছে,
স্বগ্রীবের ঘাড় ভাঙিয়াছে, হন্মান-জাম্বান প্রভৃতি আর সকলে মরিয়া
গিয়াছে। এখন আর রামের কথা ভাবিয়া কী করিবে?''

রাবণের কথা শ্রনিয়া আর সেই মাথা দেখিয়া সীতা ভয়ানক কাঁদিতে লাগিলেন। এমন সময় একটা দারোয়ান আসিয়া রাবণকে ডাকিয়া লইয়া গেল। রাবণ যাইতে না যাইতেই সেই জাদ্র তৈয়ারী মুণ্ড আর ধন্ক কোথায় যে মিলাইল, কিছু বুঝা গেল না।

বিভীষণের স্থাী সরমা সর্বাদা সীতার কাছে কাছে থাকিত। রাবণ চলিয়া গেলে পরেও সীতা মাটিতে লুটাইয়া কাঁদিতেছেন দেখিয়া সরমা বলিল, ''সীতা, তুমি কাঁদিতেছ কেন? রাবণের কথাই সকলই মিথ্যা। যুম্ধও হয় নাই, রামেরও কিছু হয় নাই। আমি নিজে তাঁহাকে দেখিয়া আসিয়াছি। রাক্ষসেরা বড়ই ভয় পাইয়াছে। রাম নিশ্চয় তাহাদিগকে মারিয়া তোমাকে লইয়া যাইবেন।'' সরমা আর সীতা এইর্প কথাবার্তা বলিতেছেন, এমন সময় বানর্রাদগের গর্জন শুনা যাইতে লাগিল। সেই গর্জন শুনিয়া রাক্ষসেরা মনে করিল, বুঝি সর্বনাশ উপাচ্থত।

রামের সৈন্য যেখানে ছিল, তাহার কাছেই স্বেল পর্বত। সেই পর্বতের উপর হইতে লঙ্কার সকলই দেখিতে পাওয়া যায়। তাই পর্রদিন সকালে উঠিয়া সকলে সেখান হইতে লঙ্কার শোভা দেখিতে লাগিল। সেই লঙ্কার উত্তর দরজার কাছে রাবণ নিজে দাঁড়াইয়া। তাহার দুই পাশে চামর ঝুলিতেছে, মাথার উপরে শাদা ছাতা, গলায় গজ্মতির মালা।

রাবণকে দেখিয়া স্থাীবের আর সহ্য হইল না। সে তখনই এক লাফে সেই পর্ব তের উপর হইতে একেবারে লৎকার দরজার উপরে গিয়া পড়িল। আর এক লাফে একবারে রাবণের ঘাড়ে। ঘাড়ে পড়িয়াই হাসিতে হাসিতে তাহার মৃকুটটি কাড়িয়া লইয়া মাটিতে এক আছাড়! তারপর দৃইজ্বন মল্লযুম্ধ। রাবণ স্থাীবকে ধরিয়া মাটিতে আছড়াইল, স্থাবিও রাবণকে আছড়াইল। কিল, চড়, লাথি দ্ইজনে দ্ইজনকে যে কত মারিল তাহার লেখাজোখা নাই। এইর্পে রাবণকে অপমান আর নাকাল করিয়া স্থাবি এক লাফে আবার স্বেল পর্বতে চলিয়া আসিল। লম্জায় তখন রাবণের মুখে আর কথাটি নাই!

তারপর রামের সৈন্য পর্বত হইতে নামিয়া লঙ্কার দরজায় আসিয়া উপস্থিত হইল। লঙ্কার কোন দরজা দিয়াই তাহারা রাক্ষস-দিগের বাহির হইবার পথ রাখিল না। উত্তর দরজায় রাবণ ছিল, রাম-লক্ষ্মণ নিজেরা গিয়া সেই দরজা আটকাইলেন। মৈন্দ, ন্বিবদ আর নীল প্র্ব দরজা আটকাইলেন। গয়, গবাক্ষ আর গবয়কে লইয়া ক্ষমভ দক্ষিণ দরজায় রহিল। পশ্চিম দরজায় গাছ-পাথর লইয়া নিজে হন্মান। উত্তর দরজা আর পশ্চিম দরজার মাঝখানে স্ব্যীব। এই-র্পে সকলে যুদ্ধের জন্য প্রস্তৃত হইয়া আছে। এখন রাবণ বাহিরে আসিলেই হয়।

তখন রাম অণ্গদকে রাবণের সভায় পাঠাইয়া দিলেন। রাবণ পাত্র মিত্র লইয়া বিসিয়া আছে, এমন সময় অণ্গদ সেখানে গিয়া রাবণকে বিলল, ''আমি শ্রীরামের দ্ত, আমার নাম অণ্গদ। আমার পিতার নাম বালী; তাঁহার কথা বোধহয় তোমার এখনও মনে আছে। রাম বিললেন, তুমি শীঘ্র বাহিরে আসিয়া যুন্ধ কর। তিনি তোমাকে বধ করিয়া বিভীষণকে লংকার রাজা করিবেন।''

এখানে একটা হাসির কথা বলি। অগ্যদ যে রাবণকে তাহার পিতার নাম বালিয়া ''তাঁহার কথা বোধহয় তোমার এখনও মনে আছে'' বলিল, তাহার কারণ কী জান? রাবণ একবার বালীর সঙ্গে যুম্ধ **क्**रिंड शिया वर्ष्ट्र नाकान इट्टेग्नाष्ट्रिन। तावन जकनक यु.स्थ हाताट्या গ্রিভুবন ঘ্ররিয়া বেড়াইত আর কেহ তাহার সঙ্গে যুম্ধ করিতে সাহস করিত না। যুদ্ধ করিবার আর লোক না পাইয়া শেষে সে একদিন বালীর সঙ্গে যুদ্ধ করিতে গেল। বালী তখন সমুদ্রের ধারে চোখ ব,জিয়া সন্ধ্যা করিতেছিল। রাবণ মনে করিল, এইবেলা উহাকে জড়াইয়া ধরিয়া জব্দ করি: চোখব,জিয়া আছে, দেখিতে পাইবেনা। এই ভাবিয়া তো সে পিছন দিক হইতে গিয়া তাহাকে জড়াইয়া ধরিল কিন্ত প্রাণপণে টানাটানি করিয়াও তাহাকে নাডিতে পারিল না। ততক্ষণে বালী সন্ধ্যা সারিয়া রাবণ মহাশয়কে পাখিটির মতন খপ্ করিয়া বগলে প্রিয়া বসিয়াছে। বালী প্র্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ এই চারি সম্দ্রের ধারে বসিয়া চারিবার সন্ধ্যা করিত। সবে তখন তাহার একবার সন্ধ্যা শেষ হইয়াছিল, স্বতরাং, সে রাবণকে বগলে করিয়াই আরও তিনবার সন্ধ্যা করিল। এদিকে সেই বগলের চাপে, গরমে,

ঘামে আর গল্পে বেচারা চেপ্টা হইয়া, সিদ্ধ হইয়া, দম আটকাইয়া, পেট ঢাক হইয়া নাকালের একশেষ! মরে নাই কেবল ব্রহ্মার বরে। তাই অঙ্গদ এখন বালল, ''বোধহয় মনে আছে।''

তাহা শর্নিয়া রাবণ বলিল, ''এই ম্খাকে এখনি ট্করা ট্করা করিয়া কাট্ তো রে!'' এই কথা বলিতে বলিতেই চারিটা রাক্ষস আসিয়া অগ্গদকে ধরিয়া ফেলিল। অগ্গদও সেই চারিটা রাক্ষসকে বগলে লইয়া এক লাফে একেবারে ছাতের উপর। সেখান হইতে রাক্ষসগর্নিকে আছড়াইয়া ফেলিয়া আর ছাতখানিকে গ্র্ডা করিয়া, আর-এক লাফে সে রামের কাছে আসিয়া হাজির।

ইহার পর দুই দলে ভয়ানক যুদ্ধ আরুদ্ভ হইল। কত রাক্ষস আর কত বানব যে মরিতে লাগিল, তাহার সীমা-সংখ্যা নাই। চারিদিকে মার মার, কাট কাট, ধুপ ধাপ, ঘড় ঘড়, ঝন ঝন, ঠকাঠক, চটাপট ভিল্ল আর কিছুই শোনা যায় না। সমস্ত দিন যুদ্ধ চলিল, রাগ্রিতেও তাহার শেষ নাই। যুদ্ধের স্থানে মরা রাক্ষস আর বানরের পাহাড় হইয়া গেল, রক্তের নদী বহিয়া চলিল, তবুও যুদ্ধের বিরাম নাই।

এক-স্থানে পাঁচটা সেন।পতি অসংখ্য রাক্ষস লইয়া বড়ই গর্জন করিতে করিতে রামের সহিত খুন্ধ জর্মড়য়াছে। আবার দেখিতে দেখিতে রামের বাণ খাইয়া পাঁচ জনেই পলাইবার পথ পাইতেছে না।

আর এক স্থানে অগ্ণদ আর ইন্দ্রজিতে যুন্ধ। অগ্ণদ লাথি মারিয়া ইন্দ্রজিতের সার্রাথ আর ঘোড়া চেপ্টা করিয়া দিয়াছে। ইন্দ্রজিৎ দেখিল, সামনে থাকিয়া যুন্ধ করিলে বড়ই বিপদ। কাজেই সে মেঘের আড়ালে লুকাইয়া যুন্ধ আরুন্ড করিল। এইর্প যুন্ধ করিবার বর সে শিবের নিকট পায়। যর্থন সে মেঘের আড়ালে থাকিয়া যুন্ধ করিত. তখন কেহই তাহাকে দেখিতে পাইত না। কাজেই তখন তাহাকে কেহই মারিতে পারিত না কিন্তু সে নিজে অনা সকলকে বাণ মারিয়া অপ্থির করিত।

মেঘের আড়ালে থাকিয়া দ্বত ইন্দ্রজিং রাম লক্ষ্মণের গায় নাগ-পাশ বাণ মারিল। সে বাণ ছ্বড়িবামাত্তই বড় বড় সাপ আসিয়া তাঁহা-দিগকে জড়াইয়া ফেলিল। ইন্দ্রজিংকে দেখিতে না পাওয়ায় তাঁহারা তাহা আটকাইতে পারিলেন না।

এইর্পে সে রাম লক্ষ্মণকে সাপের বাঁধনে বাঁধিয়া তাঁহাদের উপর এমনি নিষ্ঠ্রভাবে বাণ মারিতে লাগিল যে, তাঁহাদের শরীরে একট্ও প্রথান রহিল না যেখানে বাণ বি'ধে নাই। সেই ভয়ানক বাণের যন্ত্রণায় তাঁহারা অজ্ঞান হইয়া গেলেন। তাহা দেখিয়া ইন্দ্রজিৎ হাসিতে হাসিতে গিয়া রাবণকে বলিল, ''বাবা, রাম-লক্ষ্মণকে মারিয়া আসিয়াছি।''

এদিকে স্থাবি, বিভীষণ, অধ্যদ, হন্মান, জাম্বান প্রভৃতি সকলে রাম লক্ষ্মণকে ঘিরিয়া কাদিতে লাগিল। এমন সময় ভয়ানক ঝড় উঠিয়া গাছপালা ভাঙিতে লাগিল, অজগরেরা তাড়াতাড়ি গর্তের ভিতরে ল্কাইতে চলিল, সম্দ্রের জন্তু আর আকাশের পক্ষীসকল ভয়ে অম্থির হইয়া উঠিল। গোলমাল শ্নিয়া সকলে চাহিয়া দেখিল, গর্ড় আসিতেছে; তাহারই পাখার বাতাসে এর্প কান্ড উপস্থিত। গর্ড়কে দেখিয়াই ইন্দ্রজিতের সাপেরা ভাবিল, ''সর্বনাশ! আমাদের য়ম আসিয়াছে!'' তখন তাহারা রাম লক্ষ্মণকে ছাড়িয়া প্রাণ লইয়া পলাইতে পারিলে বাঁচে! গর্ড়কে সাপেরা বৃড়ই ভয় করে, কারণ সে সাপ দেখিলেই ধরিয়া খায়।

গর্ড রাম লক্ষ্মণের গায় হাত ব্লাইয়া দিবামাত্রই তাঁহাদের শরীরের সকল জনালা চলিয়া গেল, এমনিক বাণের দাগ পর্যন্ত রহিল না। তখন দুই ভাই আবার স্কুথ হইয়া উঠিয়া বসিলেন। তাঁহাদেব বোধ হইতে লাগিল যেন, তাঁহাদের জোর আর সাহস দ্বিগ্ণ বাড়িয়া গিয়াছে।

গর্ভকে দেখিয়া রাম বলিলেন, ''পাখি তুমি কে? বড়ই ভয়ানক বিপদ হইতে তুমি আমাদিগকে বাঁচাইলে!''

গর্ড বলিল, ''আমার নাম গর্ড, ইন্দ্রজিং তোমাদিগকে বাঁধিয়াছে শ্নিয়া তাড়াতাড়ি এখানে আসিয়াছি। তোমাদিগকে আমি বড়ই ভালবাসি। এখন যাই, এই যুদ্ধে তোমরা নিশ্চয় জিতিবে।''

এই কথা বলিয়া গর্ড চলিয়া গেল আর রাম লক্ষ্মণকে স্বস্থ দেখিরা বানরদিগের আনন্দের আর সীমা রহিল না। সে আনন্দে তাহারা কোলাহল করিয়া লঙ্কা কাপাইয়া তুলিল। তাহা শ্নিয়া রাবণ বলিল, ''রাম লক্ষ্মণ তো মরিয়া গিয়াছে, তবে আবার বানর-দিগের কীসের কোলাহল? দেখ তো বিষয়টা কী!''

রাক্ষসেরা তাড়াতাড়ি দেখিয়া আসিয়া বলিল, "মহারাজ, ইন্দ্রজিৎ বাহা করিয়াছিলেন সব মাটি! রাম লক্ষ্মণ নাগপাশের বাঁধন ছাড়াইয়া আবার উঠিয়া বসিয়াছে!" রাবণ তাহা শ্নিয়া আবার রাম-লক্ষ্মণকে মারিবার জন্য তাড়াতাড়ি ধ্যাক্ষকে পাঠাইয়া দিল।

গাধার মুখ সিংহ আর বাঘের মতন হইলে সে জানোয়ার দেখিতে কেমন বিকট হয়? সেইর্প গাধায় ধ্য়াক্ষের রথ টানিত। সেই রথে চড়িয়া ধ্য়াক্ষ বৃশ্ধ করিতে চলিল। সংগ বর্ম-আঁটা রাক্ষসগণ ম্বল, মৃশ্গর, পরিষ, পট্টিশ, ভিন্দিপাল লইয়া লাখে লাখে ছ্রটিল। তাহাদের বেমন গর্জন তেমনি রাগ! যেন এক-একটা ভূত আর কি! পশ্চিম দরজায় হন্মানের পাহারা; রাক্ষসেরা দাঁত কড়মড় করিতে করিতে মার মার শব্দে সেইখানে আসিয়া উপস্থিত হইল।

প্রথমে হন্মানের দলের ছোট ছোট বানর্রাদগের সহিত রাক্ষসদিগের ধৃন্ধ আরুন্ড হইল। রাক্ষসদিগের অস্ত্র ধন্বাণ, দেল, শ্ল,
ম্বল, মৃন্দার প্রভৃতি; বানর্রাদগের অস্ত্র গাছ আর পাথর। যুদ্ধের
সমর বানরেরা আগে নিজের নামটি বলে, তারপর ''জয় রাম'' শন্দে
গাছ-পাথর উঠাইয়া ধাঁই করিয়া রাক্ষসদিগের মাথা ফাটায়। কেহ বা
কিল মারিয়া তাহাদের ছাতি ভাঙিয়া দেয়, কেহ বা নথে নাক, কান
ছি'ড়িয়া আনে! এইর্পে মার খাইয়া রাক্ষসেরা কিছ্বতেই বানরদিগের সামনে টিকিতে পারিল না।


তাহা দেখিয়া ধ্মাক্ষ এমনি তেজের সহিত বানর্রাদগকে তাড়া করিল যে, তাহারা পলাইবার পথ পায় না। যাহা হউক, হন্মানের সামনে এত বাহাদ্রির আর কতক্ষণ থাকে? হন্মান তাহাকে এমনি এক পর্বতের চ্ড়া ছ্রড়িয়া মারিল যে, তাহাতে তাহার রথখানি একেবারে চ্রমার হইয়া গেল। ইহার আগেই সে গদা হাতে করিয়া রথ হইতে লাফাইয়া পড়িয়াছিল তাই রক্ষা, নহিলে তাহাকেও রথের সপ্পে সপ্পে যাইতে হইত। ততক্ষণে হন্মান গাছ দিয়া অন্যান্য রাক্ষস্মিলিকে শেষ করিয়া দিয়াছে, কেবল গদা হাতে ধ্যাক্ষই বাকী। সেটা বড়ই ভয়কর গদা; তাহার গায় বড় বড় কাটা! কিল্তু তাহা দিয়া সে হন্মানের কিছ্ম করিতে পারিল না। বরং হন্মানই পর্বতের চ্ড়া দিয়া তাহার মাথা গাড়া করিয়া দিল।

ধ্যাক্ষের পরে যে যুদ্ধ করিতে আসিল, তাহার নাম বন্ধুদংগ্র। বন্ধুদংগ্র অনেক যুদ্ধ করিয়া শেষে রামের হাতে মারা গেল।

বড় বড় রাক্ষসেরা ষ্ম্প করিতে আসে আর বানরেরা তাহাদিগকে মারিয়া শেষ করে। এইর্পে অকম্পন যুদ্ধে আসিয়া হন্মানের হাতে, নরাশ্তক ন্বিবিদের হাতে, কুম্ভহন্ম জাম্ববানের হাতে আর প্রহুত্ত নীলের হাতে প্রাণ দিল। রাক্ষস মারিয়া বানরিদগের আনন্দের সীমা নাই আর ষ্দেধ যাহারা জয়লাভ করিল, তাহাদেরও প্রশংসার শেষ নাই।

এদিকে লংকার আবার যুদ্ধের বাজনা বাজিয়া উঠিল আর দেখিতে দেখিতে আবার অসংখ্য রাক্ষস যুদ্ধ করিবার জন্য বাহির হইয়া আসিল। এত রাক্ষস দেখিয়া রাম বিভীষণকে জিজ্ঞাসা করিলেন, ''রাজা বিভীষণ, এত সৈন্য এত অস্ত্র লইয়া কে আসিল?''

বিভীষণ বলিল, ''ঐ যাহার রথের নিশানে সিংহের চেহারা দেখিতেছেন, সে ইন্দ্রজিং। আর ঐ যাহার খুব লন্বা চওড়া শরীর



তাহার নাম অতিকায়; সেও রাবণের পরে। ঐ যে হাতির গলায় ঘণ্টার শব্দ হইতেছে, তাহার উপরে মহোদর। ঐ যে লাল রঙের যোন্ধা ঘোড়ায় চড়িয়া আছে, তাহার নাম পিশাচ। শ্ল হাতে যাঁড়ের উপর চড়িয়া যে আসিতেছে, উহার নাম বিশিরা। যাহার নিশানে সাপের ছবি, সে কুল্ভ। আর যাহার হাতে পরিঘ রহিয়াছে, সে নিকুল্ভ। ঐ যাঁহার মাথায় মর্কুট আর উপরে শাদা ছাতা, তিনি নিজে রাবণ।"

রাম বলিলেন, ''রাবণ আসিয়াছে? ভালই হইয়াছে! আজ সীতাকে চুরি করিয়া আনিবার শাস্তিটা উহাকে দিতে হইবে।''

রাবণকে দেখিয়া স্থাবি একটা পর্বতের চ্ড়া ছ্ডিয়া মারিল। রাবণ সেই পর্বত কাটিয়া স্থাবিকে এমনই এক বাণ মারিল যে, তাহাতে সে চিৎকার করিয়া একেবারে অজ্ঞান হইয়া গেল। তাহা দেখিয়া জ্যোতিমর্খ, গবাক্ষ, গবয়, স্যেণ, ঋষভ আর নল ছ্ডিয়া য়ন্থ করিতে আসিল। কিল্ডু তাহাদের সাধ্য কী যে রাবণের বাণের সম্মুখে টিকিয়া থাকে! বাণের যল্গায় অস্থির হইয়া বানরেরা একেবারে রামের কাছে গিয়া উপস্থিত। তখন রাম নিজেই যুদ্ধের জন্য প্রস্তুত হইতেছিলেন, এমন সময় লক্ষ্মণ বলিলেন, ''দাদা, আমি রাবণের সহিত যুদ্ধ করিব।''

এদিকে হন্মান ছ্টিয়া গিয়া রাবণকে বলিল, ''আজ এই এক কিলে তোর প্রাণ বাহির করিয়া দিব!''

রাবণ বলিল, ''মার্ দেখি তোর কত জোর!''

এই বলিয়া রাবণ আগেই হন্মানের বৃকে এক চড় মারিল। হন্মানের খুব লাগিল বটে, কিন্তু সে সামলাইয়া উঠিয়া রাবণের বৃকে এক চড় মারিয়া তাহাকে একেবারে অস্থির করিয়া দিল। আবার রাবণ একট্ব স্ক্থ হইয়া হন্মানের বৃকে এমন এক কিল মারিল যে, হন্মান সহজে তাহার চোট সামলাইয়া উঠিতে পারিল না।

ত্যক্রদের বাবণ হন্মানকে ছাড়িয়া নীলের সহিত যুন্ধ আরদ্ভ করিয়াছে। রাবণ বাণ মারে, আর নীল গাছ-পাথর মারে। ইহার মধ্যে নীল হঠাং খুব ছোট্ট হইয়া কখন গিয়া রাবণের রথের নিশানে উঠিয়াছে। সেখান হইতে রাবণের মুকুটে, সেখান হইতে তাহার ধন্কের আগায়। এমনি করিয়া সে তাহাকে কী যে বাঙ্গত করিয়া তুলিল, তাহা বলিবার নহে। তাহা দেখিয়া বানরেরা যত হাসে, রাবণের রাগ ততই বাড়িয়া যায়। শেষে সে অণ্টিনবাণে নীলকে অজ্ঞান করিয়া ফেলিয়া লক্ষ্মণের সহিত যুক্ষ আরদ্ভ করিল।

লক্ষাণ আর রাবণের অনেকক্ষণ খুব যুদ্ধ হইল। রাবণ বাণ মারে,

লক্ষ্মণ তাহা কাটেন। আবার লক্ষ্মণ বাণ মারেন, রাবণ তাহা কাটে। একবার ব্রহ্মার দেওয়া একটা বাণ মারিয়া রাবণ লক্ষ্মণকে অজ্ঞান করিয়া ফেলিল। কিন্তু লক্ষ্মণ তখনই আবার স্ম্থ হইয়া রাবণের ধন্ক কাটিয়া তারপর তিন বাণে তাহাকে অজ্ঞান করিয়া তবে ছাড়িলেন।

তারপর রাবণের আবার জ্ঞান হইলে সে একটা শক্তি হাতে লইল। এই শক্তিও ব্রহ্মা তাহাকে দিয়াছিলেন। ইহা অতি ভয়ানক অস্ত্র! লক্ষ্মণ বাণ মারিয়া তাহা কাটিলেন, তব্ও সেটা আসিয়া তাহার ব্কে বিশিয়া তাহাকে অজ্ঞান করিয়া ফেলিল। তখন রাবণ তাড়াতাড়ি লক্ষ্মণকে লইয়া যাইবার জন্য অনেক চেণ্টা করিল। কিন্তু তাহার সাধ্য কী যে তাহাকে নাড়ে! ততক্ষণে হন্মান আসিয়া তাহার ব্কে এমনি এক কিল মারিল যে, তেমন কিল আর সে কখনও খায় নাই। কিলের চোটে রাবণ রক্ত বাম করিতে করিতে অজ্ঞান হইয়া গেল।

তিদিকে হন্মান লক্ষ্মণকে কোলে করিয়া রামের নিকট লইয়া আসিয়াছে। সেখানে তাঁহার বৃক হইতে শক্তি থাসিয়া পড়িবামাত্রই তিনি স্কুথ শরীরে উঠিয়া বসিলেন। ততক্ষণে রাবণও আবার উঠিয়া ভীষণ বৃদ্ধ আরম্ভ করাতে রাম নিজেই তাহার সহিত বৃদ্ধ করিতে চলিলেন। তাহা দেখিয়া হন্মান বলিল, ''আমার পিঠে চড়িয়া যুদ্ধ কর্ন।''

হন্মানের উপর রাবণের আগে হইতেই বিষম রাগ। কাজেই এবার তাহাকে বাগে পাইয়া সে খ্ব করিয়া বাগ মারিতে ছাড়িল না। কিন্তু খালি হন্মানকে বাগ মারিলে কী হইবে? রামকে আটকাইতে পারিলে তো হয়। তাহার রথ, ঘোড়া, সারথি সকলই রাম কাটিয়া শেষ করিয়াছেন, এখন তাহার নিজের প্রাণটি লইয়া টানাটানি। ইহারই মধ্যে তাহার মনুকট গিয়াছে আর সে নিজে এতই কাতর হইয়া পড়িয়াছে যে, তাহার আর ধন্ক ধরিবারও ক্ষমতা নাই। তাহা দেখিয়া রাম বিল-লেন, ''তোমার বড়ই পরিশ্রম হইয়াছে দেখিতেছি। আছো, আজ তোমাকে ছাড়িয়া দিলাম। ঘরে গিয়া বিশ্রাম কর, তারপর অন্য সময়ে দেখা যাইবে।'' তখন রাবণ লক্জায় মাথা হে'ট করিয়া লক্কার ভিতর চলিয়া গেল।

এখন রাবণ করে কী? সিংহাসনে বসিয়া সে চিন্তা করিতেছে, চারিদিকে রাক্ষসেরা দাঁড়াইয়া। তাহাদের দিকে চাহিয়া রাবণ বলিল, ''এত করিয়া শেষটা কিনা আমাকে মান্বের কাছে হারিতে হইল! যখন ব্রহ্মা বর দিতে আসিলেন, আমি বলিলাম, 'দেবতা, অস্বর. যক্ষ, রাক্ষস ইহাদের কেহই আমাকে মারিতে পারিবে না, এই বর আমাকে

দিন।' ব্রহ্মা আমাকে সেই বরই দিলেন। মান্ধের কথা তখন আমি ভাবি নাই, সেইজনাই তো এই বিপদ! তোমরা শীঘ্র গিয়া কুম্ভকর্ণকে জাগাও, সে যদি রাম লক্ষ্মণকে মারিতে পারে।''

কুশ্ভকর্ণ রাবণের ভাই। রাবণেরা তিন ভাই ছিল; রাবণ বড়, তারপর কুশ্ভকর্ণ, তারপর বিভীষণ। ইহারা বিশ্রবা মন্নির প্রত্তঃ ইহাদের মাতার নাম কৈকসী। বিশ্রবার আর এক প্রত্তের নাম কুবের। রাবণ আর কুশ্ভকর্ণ জন্মিবার প্রেই বিশ্রবা কৈকসীকে বিলয়াছিলেন, ''এ দ্বটা ভয়ঙ্কর রাক্ষস হইবে।'' কিন্তু বিভীষণের কথা তিনি বলিয়াছিলেন, ''এটি ধার্মিক হইবে।'' আসলেও তাহারা তেমনি হইল। রাবণের আর কুশ্ভকর্ণের জন্মলায় লোকে স্থির থাকিতে পারিত না। রাবণের চেয়ে কুশ্ভকর্ণটা বেশী দৃষ্ট ছিল। ম্নিদিগকে পাইলেই সে ধরিয়া খাইত।

একদিন কৈকসী কুবেরকে দেখাইয়া রাবণকে বলিল, ''দেখ্ দেখি, ও কেমন ভাল; তুই বাছা এমনি হইলি কেন?''

রাবণ বলিল, "দেখ না মা, আমি ওর চেয়ে বড় হব!"

এই বলিয়া রাবণ কুম্ভকর্ণ আর বিভীষণকে লইয়া তপস্যা আরম্ভ করিল আর সে কি যেমন-তেমন তপস্যা! দশ হাজার বংসর চলিয়া গেল, তব্ ও তাহাদের তপস্যা ফ্রাইল না! তখন রক্ষা আসিয়া রাবণকে বলিলেন, ''রাবণ, আমি সম্তুষ্ট হইয়াছি, তুমি বর লহ।''

রাবণ বলিল, ''এই বর দিন যে, আমার মৃত্যু হইবে না।'' বন্ধা বলিলেন, ''এই বর দিতে পারিব না, অন্য বর চাহ।''

রাবণ বলিল, ''তবে এই বর দিন যে, সপ^{র্}, যক্ষ, দৈত্য, রাক্ষস আর দেবতা ইহাদের কেহই আমাকে মারিতে পারিবে না। ইহা ছাড়া মান্য আর অন্য অন্য যে সকল জন্তু আছে তাহাদের ভয় আমার নাই।''

রন্ধা কহিলেন, ''আচ্ছা, তাহাই হউক। আর ইহা ছাড়া এই বরও দিতোছ যে, তোমার যথন যের্প ইচ্ছা হইবে তুমি সেইর্প চেহারা করিতে পারিবে।''

তারপর ব্রহ্মা বিভীষণকে জিজ্ঞাসা করিলেন, ''তুমি কী বর চাহ ?'' বিভীষণ বলিল, ''আমাকে দয়া করিয়া এই বর দিন যে, আমার যেন সকল সময়েই ঈশ্বরেতে আর ধর্মেতে মতি থাকে।'

তাহা শ্বনিয়া ব্রহ্মা বলিলেন, ''আচ্ছা তাহাই হইবে। আর তাহা ছাড়া, তুমি অমর হইবে।''

তারপর ব্রহ্মা কুম্ভকর্ণকে বর দিতে চাহিলেন। তখন দেবতারা তাঁহাকে নিষেধ করিয়া কহিলেন, ''দোহাই ঠাকুর, এই হতভাগাকে বর দিবেন না! ইহার জনালায় আমরা অস্থির হইয়াছি! এই দৃষ্ট ইহারই মধ্যে সাতটা অংসরা, ইন্দের দশ জন চাকর, আর তাহা ছাড়া বিস্তর মুনি খাষি খাইয়া ফোলয়াছে। বর না পাইতেই এমন, বর পাইলে কি আর কাহাকেও রাখিবে?''

এই কথা শ্রনিয়া ব্রহ্মা তাড়াতাড়ি সরস্বতীকে ডাকিয়া বলিলেন, ''মা, তুমি শীঘ্র গিয়া উহার বৃক্তিধ নাশ করিয়া দাও।''

রন্ধার কথায় সরস্বতী তখনই কুম্ভকর্ণের মনের ভিতর গিয়া ঢ্যুকিলেন; আর তাহাতেই তাহার মাথায় এমান গোল লাগিয়া গেল যে, সে আর ব্যুঝিয়া স্বাঝিয়া ব্রহ্মার সহিত কথা কহিতে পারিল না।

রন্ধা জিজ্ঞাসা করিলেন, "কুম্ভকর্ণ, কী বর চাহ ?'

কুম্ভকর্ণ বলিল, ''আমি দিনরাত খালি ঘ্নাইতে চাহি।'' বন্ধা বলিলেন, ''বেশ কথা, তাহাই হউক।''

কুম্ভকর্ণের কথা অগস্ত্য মুনি এইর্প বলিয়াছেন। কিম্তু তাহার কথা বিভীষণ যাহা বলিয়াছে, তাহা অন্য রূপ। বিভীষণ বলে যে, কুম্ভকর্ণ অত্যন্ত দুষ্ট ছিল বলিয়া ব্রহ্মা নিজেই তাহাতে শাপ দিয়াছিলেন, ''তুই ছয় মাস ঘুমাইবি আর এক দিন জাগিয়া থাকিবি।''

যাহা হউক, সে অবধি কুম্ভকর্ণ কেবলই ঘ্রুমায়। সেই কুম্ভকর্ণকে এখন রাক্ষসেরা জাগাইতে চলিল।

একটা পর্বতের গৃহার ভিতরে কুম্ভকর্ণের শৃইবার ঘর। ঘর-খানি অতি স্ক্রের। তাহার মেঝে সোনার আর দেয়ালের কারিকুরি অতি আশ্চর্য। গৃহাটি এক যোজন চওড়া, আর তাহার দরজাও তেমনি বড়। বড় দরজা না হইলে কুম্ভকর্ণ ঘরে ঢ্কিবে কী করিয়া? তাহার শরীর এতই বড় যে, বিছানায় শৃইয়া থাকিলেও তাহাকে একটা পর্বতের মতন দেখা যায়। তাহার নাকের নিশ্বাসে ঝড় বহে; সেই ঝড়ের চোটে রাক্ষসেরা ঘ্রিতে ঘ্রিতে পড়িয়া যায়।

প্রথমে অনেক শ্রার, হরিণ, মহিষ প্রভৃতি জন্তু আর রক্তের কলসী আনিয়া কুম্ভকর্ণের কাছে পাহাড়ের মতন করিয়া রাখা হইল। ঘ্ম হইতে উঠিয়া তাহার বিষম ক্ষ্ধা হইবে। তখন আর কিছ্ন না পাইলে যাহারা জাগাইতে আসিয়াছে তাহাদিগকে ধরিয়াই হয়তো মুখে দিবে!

তারপর তাহার গায় চন্দন লেপিয়া আর ঘরে ধ্প জনুলাইয়া রাক্ষসেরা নানারকম শব্দ করিতে লাগিল। এই বড় বড় শঙ্খ, যাহার একটার আওয়াজ শনুনিলে প্রাণ চমকিয়া যায়, তাহার কয়েক শত আনিয়া তাহারা একসঙ্গে বাজাইল। আবার কয়েক শত রাক্ষস মিলিয়া প্রাণপণে চিংকার করিল। না জানি তখন ব্যাপারখানা কী রকম হইয়াছিল! রাক্ষসের চিংকার তো সহজ চিংকার নহে, তাহার কাছে শঙ্খ কোথায় লাগে! সেই চিংকারের উপর আবার বাহ্ম চাপড়াই-বার ঘোরতর চটাপট শব্দ!

এইসকল বিকট শব্দ তাহারা সকলে মিলিয়া একসংগ্র করিয়াছিল।
সে কি ষেমন-তেমন কোলাহল? আকাশের পাখি তাহা শ্রনিলে নাথা
ঘ্রিয়া পড়িয়া ষায়। এমনিতর শব্দ করিয়া তাহারা প্রাণপণে কুল্ভকর্ণের গায় নাড়া দিল। কিন্তু কুল্ভকর্ণের ঘ্রম তাহাতে ভাঙিল না।

তারপর দশ হাজার রাক্ষ্স মিলিয়া তাহাকে প্রাণপণে কিল, গদার বাড়ি আর পাথরের গ'তা মারিয়াও তাহাকে জাগাইতে পারিল না। বরং তাহাতে তাহার আরাম বোধ হওয়ায় সে এমনই নাক ডাকাইতে লাগিল যে তাহার নিশ্বাসের সামনে টিকিয়া থাকাই ভার!

শেষে তাহারা একেবারে এক হাজার হাতি দিয়া তাহাকে মাড়াইতে আরম্ভ করিল। এইবার কুম্ভকর্ণের বোধ হইল, যেন কেহ অতিশয় আদরে তাহার গা টিপিয়া দিতেছে। তখন সে চক্ষ্ম মেলিয়া বসিয়া হাই তুলিল।

সে হাই তোলা দেখিয়া কি আর কাহারও সেখানে দাঁড়াইয়া থাকিতে ভরসা হয়? রাক্ষসেরা তখন তাড়াতাড়ি তাহাকে সেই শ্রুয়ার ও মহিষের চিপি দেখাইয়া দিয়াই অর্মান উধর্বশ্বাসে ছর্টিয়া দ্বের চলিয়া গেল। কুম্ভকর্ণও মাংসের পর্বত আর রক্তের কলসীসকল সামনে পাইয়া তাহা শেষ করিয়া দিতে কিছুমাত বিলম্ব করিল না।

রাক্ষসেরা এতক্ষণ ভয়ে ভয়ে দ্রে দাঁড়াইয়া ছিল। যখন তাহার।
দেখিল যে কুম্ভকর্ণের ক্ষ্মা কমিয়াছে, তখন তাহার কাছে আসিয়া
নমস্কার করিল। তখনও কুম্ভকর্ণের চোখে ঘ্ম রহিয়াছে। সে
খানিক রাক্ষসগণের দিকে ঢ্ল্ ঢ্ল্ চোখে বোকার মতন তাকাইয়া
রহিল। তারপর জিজ্ঞাসা করিল, ''আমাকে জাগাইলে কেন? কোন
বিপদ হইয়াছে নাকি?''

সেখানে মন্ত্রী য্পাক্ষ ছিল। সে হাত জোড় করিয়া বলিল, ''মান্থ আর বানর আসিয়া লঙ্কা ছারখার করিয়াছে!''

তাহা শ্বনিয়া কুম্ভকর্ণ বলিল, ''তবে আমি আগে সেই মান্ব আর বানরগ্বলিকে খাইয়া তারপর দাদার সঞ্চো দেখা করিব।''

রাক্ষসেরা কহিল, ''আগে রাজার সঙ্গে দেখা করিয়া তারপর বৃন্ধ করিতে গেলেই ভাল হয়।'' তখন কুম্ভকর্ণ রাবণের সঙ্গে দেখা করিতে চলিল।

ষাইবার সময় তাহার সেই বিশাল শরীর আর বিকট চেহারা দেখিয়া বানরেরা যে কী ভয় পাইয়াছিল, তাহা কী বলিব! তাহাদের কেহ রামের কাছে গিয়া আশ্রয় লইল, কেহ ভয়ে মাটিতে শুইয়া পড়িল। অন্যেরা দুই লাফে কে কোথায় পলাইল তাহার ঠিক নাই। তখন রাম বিভীষণকে জিজ্ঞাসা করিলেন, ''ওটা আবার কী হে? এর্প জুল্তু তো আর কখনও দেখি নাই! এটা রাক্ষ্স, না দৈত্য?''

বিভীষণ বলিল, ''ইনি বিশ্রবা ম্ননির প্র, নাম কুম্ভকর্ণ। ইনি জিনিমাই এত জন্তু ধরিয়া খাইতে আরম্ভ করেন যে, ই'হার ভয়ে সকলে ইন্দ্রের নিকট গিয়া উপস্থিত হয়। ইন্দ্র তখন কুম্ভকর্ণকে বজ্ল দিয়া মারিলেন। কুম্ভকর্ণ ঐরাবতের দাঁত ছি'ড়িয়া লইয়া তাহার ঘায় ইন্দ্রকে অজ্ঞান করিয়া দিলেন। তারপর কুম্ভকর্ণের অত্যাচার দেখিয়া রক্ষা তাঁহাকে বলিলেন, 'তুমি কেবল ঘ্নাইবে।' ইহাতে প্রথবীর লোক খ্রই আনন্দিত হইল বটে, কিন্তু রাবণ নিতানত দ্রুগখিত হইয়া রক্ষাকে বলিলেন, 'প্রভু, কুম্ভকর্ণ আপনার নাতির প্রত। তাহাকে কি এমন করিয়া শান্তি দিতে হয়? ইহার জাগিবার উপায় করিয়া দিন।' তখন রক্ষা বলিলেন, 'আচ্ছা, ও ছয় মাস ঘ্নাইবে, তারপর এক দিন জাগিয়া থাকিবে।' রাবণ আজ বড়ই ভয় পাইয়া সেই কুম্ভকর্ণকে জাগাইয়াছেন।''

এদিকে কুম্ভকণ রাবণের কাছে গিয়া জিজ্ঞাসা করিল, ''মহারাজ, আমাকে কেন জাগাইয়াছেন? কী করিতে হইবে?''

রাবণ বলিল, ''ভাই, তুমি খালি ঘ্মাও, কোন খবর তো রাখ না। ইহার মধ্যে দশরথের পুত্র রাম বানর লইয়া আসিয়া লঙ্কা ছারখার করিয়া দিল। লঙ্কার বড় বড় বীরেরা তাহাদের হাতে মারা গিয়াছে, তাই তোমাকে জাগাইয়াছি। তুমি যদি ইহাদিগকে মারিতে পার, তবেই রক্ষা!''

কুম্ভকর্ণ বিলল, ''দাদা, না ব্রিঝয়া শ্রনিয়া কাজ করিয়াছেন, তাহাতেই এত বিপদ! লোকে এত করিয়া আপনাকে ব্রঝাইল, আপনি শ্রনিলেনই না! বিভীষণ যাহা বিলিয়াছিল, সের্প করিলে কি এমন হইত?''

রাবণ রাগিয়া বলিল, ''তোমার এত কথায় কাজ কী? যাহা বলি-তেছি তাহাই কর। জান না, আমি তোমার দাদা?''

তাহা শ্নিরা কুশ্ভকর্ণ কহিল, ''আমি যাহা ভাল মনে করিয়াছি, তাহাই বালিয়াছি। দাদা হইলে কি আর তাহাকে ভাল কথা বালতে নাই? যাহা হউক, আমি থাকিতে আপনার কীসের ভয়? এখনই আমি এগ্নিকে মারিয়া দিতেছি।"

তখন রাবণ যার-পর-নাই খ্শী হইয়া বলিল, ''ভাই, তোমার মতন বীর আর কে আছে? তাই তো তোমাকে জাগাইয়াছি। শীঘ্র যাও! গিয়া রাম, লক্ষ্যণ আর তাহাদের সৈন্যদিগকে খাইয়া আইস!' তারপর রাবণ নিজ হস্তে কুম্ভকর্ণকে যুদ্ধের পোশাক পরাইয়া দিল। তাহার সংগ্য কত সৈন্য দিল তাহার সংখ্যা নাই। যখন কুম্ভকর্ণ গঙ্কন করিয়া শ্ল হাতে লংকা হইতে বাহির হইল, তখন বানরেরা তো তাহাকে দেখিয়া 'বাবা গো' বালিয়া উধর্শবাসে দে ছন্ট! একবার দেখিয়া আর তাহারা দুইবার দেখিবার জন্য দাঁড়াইল না।

অংগদ কি সহজে তাহাদিগকে বকিয়া ফিরাইতে পারে! একবার অনেক কণ্টে তাহারা ফিরিয়াছিল কিন্তু সেই ভয়ৎকর জন্তুর সামনে টিকিয়া থাকা তো সহজ নহে! যম পাহাড় সাজিয়া যুন্ধ করিতে আসিলে তাহাকেও দুই-চারিটা পাথর ছুর্ডিয়া মারিতে পারে, এমন সাহস হয়তো তাহাদের ছিল। কিন্তু এ আপদ যে যমের চেয়েও ভয়ৎকর! কারণ, এ হতভাগা বানর ধরিয়া মিঠাই মন্ডার মতন মুখে দেয়, যম তো তাহা করে না! যাহা হউক, এর্প ভয় খালি ছোট মক্টগ্রুলাই পাইল, বড় বানরেরা নহে।

বড়দের মধ্যে দ্বিবিদ পাহাড় ছ্বিড়য়া অনেক রাক্ষস মারিল।
হন্মানও কুম্ভকর্ণের সহিত কম যুন্ধ করে নাই কিন্তু কুম্ভকর্ণের
শ্লের কাছে তাহার গাছ-পাথর কিছ্বই করিতে পারিল না। তাহা
দেখিয়া হন্মান রাগের ভরে একটা প্রকাশ্ড পর্বতের চ্ড়া দিয়া
ঠ্বিকয়া তাহাকে অজ্ঞান করিয়া দিল। কুম্ভকর্ণও আবার স্ম্থ
হইয়া হন্মানের ব্কে এমন এক শক্তির ঘা মারিল যে, হন্মান বেদনায়
চেট্টাইয়া অম্থির।

ইহার পর ঋষভ, শরভ, নীল, গবাক্ষ আর গন্ধমাদন এই পাঁচ জন মিলিয়া কুম্ভকর্ণকে মারিতে গেল। কিন্তু তাহারা কুম্ভকর্ণের কী করিবে! তাহারা প্রাণপণ করিয়া আঁচড়-কামড়, লাথি-কিল, গাছ-পাথর ষত মারে কুম্ভকর্ণের তাহাতে বেশ আরামই বোধ হয়—যেন কেহ তাহার ঘামাচি মারিয়া দিতেছে। তারপর কুম্ভকর্ণ যথন তাহাদিগকে বগলে ফেলিয়া চাপিতে আর ঠ্যকিতে আরম্ভ করিল, তথন বেচারাদের দুদশার শেষ রহিল না।

একসংগ হাজার হাজার বানর কুম্ভকর্ণকে কিছুই করিতে পারিল না। কুম্ভকর্ণ তাহাদিগকে ধরিয়া অমনি মুখে দেয়। অনেক বানর আবার তাহার মুখের ভিতর হইতে নাকের ছিদ্র দিয়া বাহির হইগা আসে।

তারপর অংগদ অনেক যুন্ধ করিল, কিন্তু তাহাতেও কোন ফল হইল না। একবার সে বুকে চড় মারিয়া কুন্ভকর্ণকে অজ্ঞান করিয়া-ছিল বটে, কিন্তু কুন্ভকর্ণও তখনই আবার লাফাইয়া উঠিয়া এক কিলে অংগদকে অজ্ঞান করিয়া দিল। অভগদকে অজ্ঞান দেখিয়া স্ত্রীব পাহাড় হাতে আসিয়া উপস্থিত হইল। সে পাহাড় যে কুম্ভকর্ণের গায় লাগিয়া গর্ড়া হইয়া গেল, তাহা বোধহয় বালবার আগেই ব্রিঝয়াছ। তারপর শ্ল দিয়া সে স্ত্রীবকে এমান এক ঘা মারিবার জোগাড় করিয়াছিল যে, হন্মান তাড়াতাড়ি শ্লটা ভাঙিয়া না ফেলিলে হয়তো তখনই স্ত্রীবের ব্কফ্টা হইয়া যাইত। শ্ল ভাঙার পরেও কুম্ভকর্ণ স্ত্রীবকে সহজ্ঞেছাড়ল না। সে তাহাকে পর্বতের চ্ড়ার ঘায় অজ্ঞান করিয়া রাক্ষস-দিগকে দেখাইবার জন্য লঙ্কার ভিতরে লইয়া গেল।

লঙ্কার ভিতরে গিয়াই স্থাবৈর জ্ঞান হইয়াছে। তখন সে মনে করিল যে, এইবেলা কুম্ভকর্ণকে জব্দ করিবার একটা উপায় করা চাই। যেই এই কথা মনে করা, আর অর্মান দুই হাতে রাক্ষসের দুটি কান, দাঁতে তাহার নাকটি. আর দুই পায়ে তাহার দুই পাশের চামড়া একেবারে শিকড় সুম্থ ছি'ড়িয়া তোলা। সে সময়ে কুম্ভকর্ণ কীর্প চর্মাক্যা গিয়াছিল, আর কেমন মুখ সি'টকাইয়াছিল, আর কী ভয়ানক চে'চাইয়াছিল, আর স্থাবিকেই বা কতখানি বাসত হইয়া তাড়াতাড়ি আছড়াইয়া ফেলিয়াছিল, তাহা আর বিলবার দরকার নাই। আর সেই গোলমালে সু্থীবও দুই লাফে সেখান হইতে চলিয়া আসিল।

কুম্ভকর্পের চেহারা একেই তো অতিশয় ভয়ানক, তাহার উপরে আবার এখন নাক-কান নাই, স্কৃতরাং তাহা আরও ভয়ানক হইবারই কথা। আবার বেদনায় সে এতই রাগিয়া গিয়াছে যে, এখন আর রাক্ষস বানর ব্রক্তিতে পারে না। রাক্ষসকেও ধরিয়া মুখে দেয়, বানরকেও ধরিয়া মুখে দেয়। কাজেই এবারে যে বানরেরা তাহাকে দেখিয়া আরও ভয় পাইল, ইহা আশ্চর্য নহে। তাহা দেখিয়া লক্ষ্মণ তাহার সহিত যুক্ধ করিতে লাগিলেন।

তখন কুম্ভকর্ণ লক্ষ্মণকে বলিল, ''লক্ষ্মণ! তুমি ছেলেমান্য, তুমি যে সাহস করিয়া আমার সহিত যুম্ধ করিতে আসিয়াছ তাহাতেই আমি সম্তৃষ্ট হইয়াছি। কিন্তু আমি এখন রামকে মারিতে আসিয়াছি, তোমার সহিত যুম্ধ করিব না।'' এই বলিয়া সে রামের নিকট গিয়া উপস্থিত হইল।

রামের বাণে তাহার হাতের গদা মাটিতে পড়িয়া যাইতে অধিক সময় লাগিল না। তখন আর তাহার অন্য অস্ত্র নাই; কাজেই সে পর্বতের চ্ড়া লইয়া যুন্ধ করিতে আরম্ভ করিল। এদিকে বড় বড় বানরেরা দল বাধিয়া তাহার ঘাড়ে গিয়া উঠিয়াছে। সে যুন্ধ করিবে, না বানরগর্নাকেই ঝাড়িয়া ফেলিবে ব্রিঝতে পারিতেছে না।

किन्जू तात्मत वान थारेशा कुन्छकर्न मराख कारिन रहेन ना।

ষে বাণে বালী মরিয়াছিল তাহাও সে সহিয়া রহিল। ইহার মধ্যে কখন সে একটা লোহার মুশ্গর তুলিয়া লইয়াছে। সেই মুশ্গর ঘুরাইয়া সে রামের বাণও ফিরাইয়া দিতেছে, আবার বানরিদগকেও মারিতেছে। তাহা দেখিয়া রাম বায়ুবাণে সেই মুশ্গরস্থ তাহার হাতটি কাটিয়া ফেলিলেন। তখন কুম্ভকর্ণ বেদনায় চিংকার করিতে করিতে, অন্য হাতে একটা তালগাছ লইয়া রামকে মারিতে চলিল। রাম ইন্দ্র-অস্তে সে হাতও কাটিয়া ফেলিলেন। কিন্তু তব্ও সে ছ্র্টিয়া আসিতে ছাড়িল না।

তারপর রাম অর্ধচন্দ্র বাণ মারিয়া তাহার পা দুইটা কাটিলেন।
তব্ও সে গড়াইতে গড়াইতে হাঁ করিয়া রামকে গিলিতে চলিয়াছে।
তখন রাম অনেকগর্লি বাণ মারিয়া তাহার মুখের হাঁ বন্ধ করিয়া
দিলেন, তারপর ইন্দ্র-অন্তে মাথা কাটিয়া ফেলিলেন। কুম্ভকর্ণের মৃত্যু
দেখিয়া রাক্ষসেরা ভয়ে চিৎকার করিতে লাগিল আর দেবতা, গন্ধর্ব,
মুনি-খিষরা যার-পর-নাই সন্তুণ্ট হইয়া কোলাহলে আকাশ কাঁপাইয়া
তুলিলেন।

রাবণ যখন শ্বনিল যে কুম্ভকর্ণের মৃত্যু হইয়াছে তখন তাহার আর দ্বংখের শেষ রহিল না। প্রথমে সে অজ্ঞান হইয়া গিয়াছিল। জ্ঞান হইলে পর অনেক কাঁদিয়া শেষে বলিল, ''হায়, আমি না ব্বিয়া ভাই বিভীষণকে অপমান করিয়াছিলাম, তাহার শাস্তি এখন পাইতেছি।''

রাবণের দৃঃখ দেখিয়া তাহার পৃত তিশিরা বালল, ''মহারাজ, আপনি এত দৃঃখ করিতেছেন কেন? আমি রাম-লক্ষ্মণকে মারিয়া দিতেছি।'' তাহা শুনিয়া দেবান্তক, নরান্তক ও অতিকায় নামক রাবণের আর তিন পৃত্র এবং মহোদর ও মহাপার্শ্ব নামে ইহাদের দৃই খুড়া বালল যে তাহারাও যুম্ধ করিতে যাইবে।

ইহারা আসিয়া প্রথমে ছোট ছোট বানর্রাদগকে বড়ই অপ্পির করিয়া তুলিয়াছিল। কিন্তু তাহার পরেই অধ্যদ, হন্মান আর ঋষভ আসিয়া অতিকায় ছাড়া ইহাদের আর সকলকেই মারিয়া ফেলিল।

অতিকায় তপস্যা করিয়া ব্রহ্মার নিকট একটা রথ, অনেকগ্রলি অস্ত্র আর এমন একটা বর্ম পাইয়াছিল যে তাহাতে কিছুই বিশিতে পারিত না। সেই বর্মের নাম অক্ষয় কবচ। এইসকলের জোরে অতিকায় লক্ষ্মণের সহিত অনেকক্ষণ যুদ্ধ করিয়াছিল। লক্ষ্মণ তাহাকে অনেক বাণ মারিলেন, কিন্তু তাঁহার কোন বাণই সেই বর্ম ভেদ করিতে পারিল না। এমন সময় পবন আসিয়া লক্ষ্মণের কানে কানে বলিলেন, ''ব্রহ্মাস্ত্র মার, অন্য অস্ত্রে এ রাক্ষস মরিবে না; ইহার গায় অক্ষয় কবচ আছে।'' এ কথা শ্রনিয়া লক্ষ্মণ ব্রহ্মাস্ত্র ছ্র্ডিলেন। সে অস্ত্র আইকাইবার জন্য অতিকায় কত চেষ্টা করিল,কত শক্তি,কত গদা, কত শ্ল ছন্ডিয়া মারিল, কিশ্বু ব্রহ্মান্দ্র কি তাহাতে থামে! দেখিতে দেখিতে অতিকায়ের মাথা তাহাতে কাটিয়া দ্বইখন্ড হইয়া গেল।

ইহার পর আবার ইন্দ্রজিং যুন্ধ করিতে আসিল। ইন্দ্রজিং মেঘের আড়ালে থাকিয়া যুন্ধ করে। চোরের মতন আড়াল হইতে সে সকলকে বাণ মারিল, অন্যেরা তাহার কিছুই করিতে পারিল না। তাহার বাণ খাইয়া সকল বানর অজ্ঞান হইয়া গেল। রাম-লক্ষ্মণ পর্য তি অনেকক্ষণ বাণ সহ্য করিয়া শেষে অজ্ঞান হইয়া গেলেন। ইহাতে রাক্ষসেরা নাচিতে নাচিতে লঙ্কায় গিয়া কহিল, ''এবারে উহাদিগকে মারিয়া আসিয়াছি।''

এদিকে রাম লক্ষ্মণ স্থাীব অজ্যাদ জাম্ববান সকলেই অজ্ঞান, কেবল বিভীষণ আর হন্মান অজ্ঞান হয় নাই। তাহারা দুইজনে মশাল লইয়া সকলকে খ্জিয়া বেড়াইতে লাগিল। সেই অন্ধকার রাত্রিতে কোটি কোটি বানর যুদ্ধের জায়গায় পড়িয়া আছে, ইহাদের ভিতর হইতে কাহাকেও খ্জিয়া বাহির করা কি সহজ কাজ!

খ্বিজতে খ্বিজতে তাহারা এক জায়গায় জাম্বানকে দেখিছে পাইল। বিভন্নীষণ জিজ্ঞাসা করিল, ''জাম্বান, তুমি কি বাঁচিয়া আছ?'' জাম্বান অনেক কণ্টে উত্তর করিল, ''চক্ষে তীর লাগিয়াছে,

জান্ববান অনেক কন্টে উত্তর করিল, ''চক্ষে তীর লাগিয়াছে, চাহিতে পারি না। আপনার গলার শব্দে বোধ হইতেছে আপনি বিভীষণ। হনুমান বাঁচিয়া আছে তো?''

বিভীষণ বলিল ''তুমি রাম-লক্ষ্মণের কথা জিজ্ঞাসা করিলে না, অন্য কাহারও কথা জিজ্ঞাসা করিলে না, আগেই হন্মানের কথা কেন?''

জাম্ববান বলিল, ''হন্মান যদি বাঁচিয়া থাকে, তবে কোন ভর নাই। আর, যদি মরিয়া থাকে, তবে উপায় নাই।''

তথন হন্মান জাম্বানকে প্রণাম করিল। হন্মানকে চিনিতে পারিয়া জাম্বান বলিল, ''বাছা, তুমি চেণ্টা করিলে সকলকে বাঁচাইতে পার। হিমালয়ের পরে ঋষভ আর কৈলাস পর্বত। সেই দৃই পর্বতের মাঝখানে ঔষধের পর্বত। সেখানে বিশলাকরণী, মৃতসঞ্জীবনী, স্বর্ণকরণী আর সন্ধানী, এই চারি রকমের ঔষধ আছে। শীঘ্র গিয়া লইয়া আইস।''

হন্মান তখনই ঔষধ আনিতে চলিয়া গেল। হিমালয় পর্বত পার হইলে কৈলাস পর্বত তাহার কাছে ঔষধের পর্বত। এতদ্র যাইতে হন্মানের কিছ্ই বিলম্ব হইল না। কিন্তু সেখানে গিয়া দেখিল যে, ঔষধ খংজিয়া বাহির করা বড়ই কঠিন। ঔষধের গাছ ঝক্-ঝক্ করিয়া জ্বলিতেছে, তাহা সে দ্রে হইতে দেখিতে পাইরাছিল। কিন্তু কাছে আসিতেই তাহারা যে কোথায় ল্বকাইয়াছে কিছ্ই ব্রিঝবার জ্যো নাই।

তখন হনুমান রাগিয়া বলিল, "আছা দাঁড়াও! আমি পাহাড় স্কুষ্থই লইয়া যাইতেছি!" এই বলিয়া গাছ পাথর হাতি গণ্ডার সব-স্কুষ্থ সেই প্রকাণ্ড পাহাড় ধরিয়া সে এমান বিষম টান দিল যে সেই টানে একেবারে পাহাড়ের গোড়া অবধি চড়্-চড়্ শব্দে উঠিয়া আসিল। তারপর সেটাকে মাথায় করিয়া ফিরিয়া আসা তো এক মুহুতের কাজ।

ঔষধ আনিয়া তাহা আর কাহাকেও খাওয়াইবার দরকার হইল না। সে এমনি আশ্চর্য ঔষধ যে, তাহার গন্ধ পাইয়াই সকলে উঠিয়া বাসল—যেন তাহারা সবে ঘ্ম হইতে জাগিয়াছে। রাম-লক্ষ্মণ উঠিলেন, বানরেরা সকলে উঠিল। উঠিল না খালি রাক্ষসগর্মল। পাছে অনেক রাক্ষস মরিয়াছে দেখিলে বানরদের সাহস বাড়িয়া যায়, এজন্য রাক্ষস মরিলেই অন্য রাক্ষসেরা তাহাকে সম্দ্রের জলে ফেলিয়া দিত। কাজেই ঔষধের গন্ধ তাহাদের নাকে পেশিছতে পারিল না আর তাহারাও বাঁচিল না।

সকলে বাঁচিয়া উঠিল, কাজেই ঔষধের কাজ ফ্রাইয়া গেল। তখন হন্মান আবার যেখানকার পাহাড়টি সেইখানে তাহাকে রাখিয়া আসিল।

পরদিন সন্ধ্যার সময় দলে দলে বানর মশাল হাতে লঙ্কায় গিয়া ঢ়ুকিল। হন্মান সেবার লঙ্কার সকল স্থান পোড়াইতে পারে নাই কিস্তু এবার আর কিছ্ম বাকী রহিল না। রাক্ষসেরা বানর-দিগকে বাধা দিবে কি, তাহারা নিজেই তথম পলাইতে বাসত। তাহাদের সে সময়কার চিৎকার একশত যোজন দূর হইতে শোনা গিয়াছিল।

একদিকে লঙ্কা ধক্-ধক্ করিয়া জনুলিতেছে আর একদিকে সেই রাত্রিতেই আবার যুন্ধ আরুল্ভ হইয়াছে। এবারে রাক্ষসদিগের সেনা-পতি যুপাক্ষ, কুম্ভ, নিকুম্ভ, শোণিতাক্ষ আর প্রজ্ঞ ।

সে রাত্রিতে রাক্ষস আর বানরেরা ভয়ানক যুদ্ধ করিয়াছিল, কিন্তু বানরাদিগের সংগ্যে রাক্ষসেরা আটিতে পারিল না। অংগদ, দ্বিবিদ আর মৈন্দ যুদ্ধ করিয়া যুপাক্ষ, প্রজ্ঞ্য আর শোণিতাক্ষকে মারিয়া ফেলিল।

কুম্ভ দেখিল যে বানরেরা রাক্ষসদিগকে মারিয়া শেষ করিতেছে। তখন সে ধন্বাণ লইয়া ভয়ানক যুম্ধ আরম্ভ করিল। মৈন্দ, দ্বিবিদ, অঞ্চাদ সকলেই তাহার বাণে অজ্ঞান হইয়া গেল। তাহার বাণে চারিদিক এমনি করিয়া ছাইয়া গিয়াছিল যে, জাম্ববান আর স্বেণ আসিয়া বাণের জ্বন্য কিছ্ই দেখিতে পাইল না। তারপর স্থাবি আসিয়া অনেক গাছ পাথর ছ্বিড়য়া মারিল কিন্তু তাহাতেও প্রথমে কুম্ভের কিছ্ই হইল না। তখন স্থাবি তাহার ধন্ক কাড়িয়া লইল।

ধন্ক গেলে কাজেই তখন কুন্তি। কুন্ড আসিয়া স্থাবিকে জড়াইয়া ধরিল। স্থাবিও তাহার সহিত খ্ব একচোট কুন্তি করিয়া শেষে তাহাকে একেবারে সম্দ্রের জলে ছ্রিড়য়া ফেলিয়া দিল। কিন্তু কুন্ত তাহাতে হটিবার লোক নহে। সে সেখান হইতে ভিজা কাপড়ে উঠিয়া আসিয়া স্থাবৈর ব্কে কিল মারিয়াছে। স্থাবৈরও কাজেই তখন সেই কিলের শোধ দেওয়া দরকার হইল আর স্থাবের সেই কিলে কুন্তের প্রাণ বাহির হইয়া গেল।

এদিকে ভাইয়ের মৃত্যুতে নিকুল্ড রাগে জন্বলিয়া উঠিয়াছে। তাহার হাতে একটা ভয়ানক পরিষ। সেটার ভয়ে কেহই তাহার নিকটে ঘে বিতে পারিতেছে না। সেই পরিষ লইয়া সে হন্মানকে মারিতে আসিল। কিল্তু হন্মান কি পরিষকে ভয় করিবার লোক? পরিষকে হন্মান ভয় করা দ্রে থাকুক, বরং সেটাই তাহার ব্কে ঠেকিয়া গৢর্ডা হইয়া গেল; আর তাহার এক কিলের চোটে নিকুল্ভের বর্ম ছিণ্ডয়া একে-বারে খান-খান হইল।

এই সময়ে নিকৃশ্ভ কোন ফাঁকে তাড়াতাড়ি হন্মানকে ধরিয়া লইয়া এক ছ্ট দিয়াছিল। কিন্তু হন্মান তাহাতে ঠকিবে কেন? সে প্রচশ্ড এক কিল মারিয়া তাহার হাত হইতে ছাড়াইয়া গেল। তাহার পরেই দেখা গেল যে, সে ঘোরতর গর্জনে নিকৃশ্ভকে মাটিতে ফেলিয়া তাহার ব্বকে চড়িয়া বাসয়াছে। তখন নিকৃশ্ভের চিংকার দেখে কে! যাহা হউক, তাহাকে অধিক চে চাইতে হইল না, পরক্ষণেই হন্মান তাহার মাথাটা টানিয়া ছি ডিয়া ফেলিল।

ইহার পর যুন্ধ করিতে আসিল, সে সেই খরের পুর । তাহার নাম মকরাক্ষ। তাহার যুন্ধের কথা আর কী শ্রনিবে? রাম তাহাকে হাসিতে হাসিতে কয়েকটি বাণ মারিলেন, তাহাতেই সে বেচারার প্রাণ বাহির হইয়া গেল।

তখন রাবণ আর কাহাকে পাঠাইবে? ইন্দ্রন্তিং ভিন্ন আর লোক নাই। কাজেই ইন্দ্রন্তিং আবার যুন্ধ করিতে আসিল। তাহার যুন্ধ কীর্প, তাহা তো জানাই আছে। সেই চোরা-যুন্ধ করিয়া রাম-লক্ষ্যাণকে সে খুবই কণ্ট দিল।

তখন লক্ষ্মণ বলিলেন, ''দাদা, ব্রহ্মাস্য মারিয়া কেন একেবারে সকল বাক্ষস শেষ করিয়া দাও না ?'' রাম বলিলেন, ''যে যুন্ধ করিতে আসিয়াছে, তাহাকেই মারা ষায়। যাহারা যুন্ধ করিতেছে না, তাহাদিগকে কি মারা উচিত? আচ্ছা, আচ্ছ ইন্দ্রজিতের রক্ষা নাই! আচ্ছ যদি সে মাটির নিচে গিয়াও লুকায়, তথাপি সে মরিবেই!'' এ কথা শ্রনিয়া ইন্দ্রজিং তখনই সেখান হইতে চলিয়া গেল।

খানিক পরে দেখা গেল যে, একটি স্ত্রীলোককে রথে লইরা ইন্দ্রজিং আবার আসিয়াছে। স্ত্রীলোকটি দেখিতে ঠিক সীতার মতন কিন্তু আসলে তাহা রাক্ষসদের গড়া মায়া (অর্থাৎ জাদ্বর পত্তুল) ভিন্ন আর কিছ্বই নহে। সেই মায়া-সীতার চুলে ধরিয়া ইন্দ্রজিং তাহাকে খঙ্গা দিয়া কাটিতে যাইতেছে, আর মায়া-সীতা 'হা রাম!' বলিয়া চিৎকার করিতেছে।

তাহা দেখিয়া হন্মান আর সহ্য করিতে না পারিয়া বলিল, ''দ্ফু, সীতাকে যদি মারিস, তবে তোকে এখনি যমের বাড়ি পাঠাইব!''

কিন্তু হন্মান এ কথা বলিয়া তাহার কাছে যাইবার প্রেই ইন্দ্রজিং প্রতুলটার মাথা কাটিয়া বলিল, ''এই দেখ্ তোদের সীতাকে কাটিয়া ফেলিয়াছি।''

তখন হন্মান রাগে দ্বংখে অস্থির হইয়া রাক্ষসদের সহিত ভ্রমানক যুক্ষ আরম্ভ করিল। কিন্তু খানিক যুক্ষ করিয়াই সে ভাবিল, ''সীতা যখন মরিয়া গিয়াছেন, তখন আর কীসের জন্য যুক্ষ করিব? আগে রামকে গিয়া এই সংবাদ দিই, তারপর তিনি ষাহা যুক্ষেন তাহাই করা যাইবে।''

ইন্দ্রজিং সীতাকে কাটিয়া ফেলিয়াছে, এ কথা শুনিয়া রাম দ্বংখে নিতান্তই কাতর হইয়া পড়িলেন। এমনকি, সে সময়ে তাঁহাকে শান্ত করাই সম্ভব হইত না যদি বিভীষণ সেখানে না আসিত।

বিভীষণ সকল কথা শ্রনিয়া রামকে বলিল, ''সীতাকে কাটিয়াছে ইহা কখনই হইতে পারে না। যাহা কাটিয়াছে, নিশ্চয়ই মায়া-সীতা। তোমরা সেটাকে যথার্থ সীতা মনে করিয়া কাঁদিতে বসিয়াছ আর তত্ককণে সেই দৃষ্ট নিকুন্ভিলা যজ্ঞ করিতে গিয়াছে। যজ্ঞ শেষ করিতে পারিলে সকলে তাহার নিকটে হারিয়া যাইবে। পাছে বানরেরা যজ্ঞে বাধা দেয়, তাই সে এর্প করিয়া তোমাদিগকে ভুলাইয়া য়াখিয়া গিয়াছে। এই যজ্ঞ শেষ হইতে না হইতেই উহাকে মারিতে হইবে। লক্ষ্মণ, আমার সংগ্যে চল; তুমি ভিন্ন আর কেহ এ কাজ করিতে পারিবে না।''

কিন্তু যজ্ঞ আটকাইতে গেলেই তো আর অমনি তাহা আটকাইয়া ফেলা যায় না! রাক্ষসেরা তাহা সহজে করিতে দিবে কেন? কাজেই সেখানে রাক্ষসদের সহিত লক্ষ্মণের ভয়ানক যুন্ধ বাধিয়া গেল। যাহা হউক, ইন্দ্রজিতের আর যজ্ঞ করা হইল না। রাক্ষস আর বানরের গর্জনে লণ্কা কাঁপিতেছে, সেই গোলমালের ভিতরে কি আর যজ্ঞ হয়! আর, এখনই গিয়া লক্ষ্মণকে না আটকাইলে তো তিনি মুহুর্তের মধ্যেই সকলকে মারিয়া শেষ করিবেন। কাজেই তখন ইন্দ্রজিংকে যজ্ঞ ফেলিয়া ছুর্টিয়া আসিতে হইল। প্রাণ বাঁচিলে তবে তো যজ্ঞ হইবে!

এদিকে হন্মান প্রকাণ্ড গাছ লইয়া রাক্ষসদিগের সহিত ঘোরতর যুন্ধ আরুভ করিয়াছে। রাক্ষসেরাও তাহাকে নানাবিধ অস্ত্র ছুড়িয়া মারিতে ছাড়িতেছে না। এমন সময় ইন্দ্রজিং আসিয়া হন্মানকে তাড়া করিল। তাহা দেখিয়া বিভীষণ লক্ষ্মণকে বলিল, ''ঐ ইন্দ্রজিং আসিতেছে, এইবেলা দুষ্টকে বধ কর!''

তখন লক্ষ্মণ আর ইন্দ্রজিতে কী যুন্ধই হইল! ইন্দ্রজিৎ রথের উপরে আর লক্ষ্মণ হন্মানের পিঠের উপরে। দুইজনেই প্রায় সমান বীর, স্তরাং অনেকক্ষণ পর্যন্ত সমানভাবেই যুন্ধ চলিল, কাহারও হার-জিত নাই। অন্দ্রের ঘায় দুজনের শরীর দিয়াই দর দর করিয়া রক্ত পড়িতেছে। অন্ত্রত অন্ত্রসকল দুজনেই ছুড়ি-তেছেন, আবার দুজনেই কাটিতেছেন।

ইহার মধ্যে একবার ইন্দ্রজিতের রথের ঘোড়া আর সার্রাথ কাটা যায়। বাণের অন্ধকারের ভিতর কখন ছর্টিয়া গিয়া সে আবার ন্তন রথে চড়িয়া আসিয়াছে! তারপর ক্রমাগত দ্ইবার তাহাকে ধন্ক বদলাইতে হইয়াছে। খানিক পরে আবার লক্ষ্যণের ভল্ল অন্তেইন্দ্রজিতের ন্তন রথের সার্রাথ মারা গেল আর বিভীষণ গদার ঘায় তাহার চারিটি ঘোড়া চুরমার করিয়া দিল। তখন ইন্দ্রজিং রথ হইতে নামিয়া যেই বিভীষণকে একটা শক্তি ছর্ড়িয়া মারিতে গিয়াছে, অমনি লক্ষ্যণ তাহা খন্ড খন্ড করিয়া কাটিয়া ফেলিলেন।

এইর্প আরও অনেক যুদ্ধের পর শেষে লক্ষ্মণ তাঁহার ধন্কে ইন্দ্র-অস্ত্র জ্বড়িলেন। ইন্দ্র যাহা দিয়া দৈত্যাদগকে মারিয়াছিলেন,এ সেই অস্ত্র। তাহার চেহারা দেখিয়াই রাক্ষসদিগের প্রাণ উড়িয়া গেল। আর লক্ষ্মণ তাহা ছ্বড়িবামাত্রই ইন্দ্রজিতের মাথা কাটিয়া একেবারে দ্ই-খান হইল।

ইন্দ্রজিতের মৃত্যুতে কেবল যে বানরেরাই আন্দেদ ''জর লক্ষ্মণ!'' বলিয়া লেজ নাড়িল তাহা নহে। স্বর্গ হইতে যেমন করিয়া ফুল পড়িল আর দুন্দ্রভির শব্দ শুনা গেল, তাহাতে নিশ্চয় ব্রুঝা গেল যে দেবতারাও ইহাতে কম খুশী হন নাই।

रेम्बिक्ट मृजुद कथा ग्रिनेश दावन अथरम जरनक काँमिल।

তারপর রাগে অন্থির হইয়া বালল, ''ইন্দ্রজিং মায়া-সীতা কাটিয়াছিল, আমি সত্য-সত্যই সীতাকে কাটিব!''

মন্ত্রীরা বারণ না করিলে সেদিন রাবণ সীতাকে বৃথি কাটিয়াই ফেলিত। মন্ত্রীদের কথায় অনেক কন্টে রাগ থামাইয়া সে বলিল, ''রাক্ষসগণ, আজ তোমরা গিয়া কেবল রামকে ঘিরিয়া মার। তোমাদের হাতে আজ যদি বাঁচিতেও পারে, তবৃও ইহাতে সে খুব দুর্বল হইয়া যাইবে। তাহা হইলে কাল আমি তাহাকে গিয়া মারিব।''

সেই রাক্ষসেরা যখন রামকে মারিতে গেল, তখন রাম এমনই যুন্ধ করিলেন যে তেমন যুন্ধ কেহ কখনও দেখে নাই। তিনি কোথায় আছেন তাহাই কেহ বুনিকতে পারিল না, এত তাড়াতাড়ি তিনি ঘুরিয়া বেড়াইতে লাগিলেন। তিন ঘণ্টার ভিতরে আঠার হাজার হাতি, দুই লক্ষ সৈন্য, দশ হাজার রথ, আর সওয়ার-সুন্ধ চৌন্দ হাজার ঘোড়া তাঁহার বাণে খণ্ড খণ্ড হইল। তখন আর আর সকল রাক্ষস ভয়ে পলাইয়া গেল।

এখন আর কে বৃদ্ধ করিতে যাইবে? রাবণ ছাড়া লঙ্কায় আর বড বীর কেহ নাই। কাজেই সে অর্থাশন্ট রাক্ষসদিগকে লইয়া নিজেই যৃদ্ধ করিতে আসিল। রাক্ষসেরা যত যৃদ্ধ জানে এবারে তাহার কিছ্মাত্র বৃটি করিল না। কিন্তু সে আর কতক্ষণ! রাবণের সঙ্গে ছোটখাট বীর ষাহারা আসিয়াছিল তাহারা অলপ সময়ের ভিতরেই মরিয়া গেল।

যাহা হউক, রাবণ নিজে এমনি ঘোরতর যুম্ধ করিল যে, বানরেরা তাহার সামনে দাঁড়াইতে পারিল না। যুম্ধ যাহা হইল তাহা রাম আর লক্ষ্যণের সংগে। লক্ষ্যণ রাবণের ধন্ক কাটিলেন আর সার্রাথকেও মারিলেন। ঘোড়াগ্রলির জন্য তাঁহার কিছ্ম করিতে হইল না, কারণ বিভীষণ আগেই তাহাদের কর্ম শেষ করিয়া রাখিয়াছিল। তাহার জন্য রাবণ বিভীষণকে শাস্তি ছ্মড়িয়া মারে কিন্তু লক্ষ্মণ তাহা কাটিয়া ফেলাতে বিভীষণের তাহাতে কিছ্ম হয় নাই।

তখন রাবণ আর একটা শক্তি লইল। সেটা এমনি ভয়ানক যে, তাহার ভিতর হইতে ঝক্-ঝক্ করিয়া আলো বাহির হইতেছে। লক্ষ্মণ দেখিলেন, বিভীষণের এবার বড়ই বিপদ। কাজেই তিনি তাহাকে বাঁচাইবার জন্য রাবণকে খুব বেশী করিয়া বাণ মারিতে লাগিলেন।

তখন রাবণ কহিল, ''বটে! বিভীষণকে বাঁচাইতে চাহিস? আচ্ছা, তবে তোকেই ইহা দিয়া মারিব!''

এই বলিয়া রাবণ সেই শক্তি লক্ষ্মণের দিকেই ছ্মড়িয়া মারিল। সে অস্ত্র গর্জন করিতে করিতে আসিয়া ব্বকে বিশিধবামাত্র লক্ষ্মণ অজ্ঞান হইয়া পড়িয়া গেলেন। তাঁহার ব্বক হইতে তাহা বাহির করিবার জন্য বানরেরা তখনই ছ্র্টিয়া আসিতেছিল কিন্তু রাবণ বাণ মারিয়া তাহা-দিগকে তাঁহার কাছে আসিতে দিল না। তাহা দেখিয়া রাম নিজেই আসিয়া দ্বই হাতে সেই শাস্ত টানিয়া তুলিলেন। রাবণ তাহার যতদ্রে সাধ্য তাঁহাকে বাণ মারিল কিন্তু তিনি তাহা গ্রাহাও করিলেন না।

লক্ষ্মণের দ্বংখে রামের ব্রক ফাটিয়া যাইতেছিল কিন্তু সে দ্বংখের দিকে তখন মন না দিয়া তিনি বলিলেন, ''লক্ষ্মণ এখন এইভাবেই থাকুক। আগে আমি এই দ্বুণকৈ শাস্তি দিতেছি।''

এই বলিয়া রাম রাবণকে বাণে বাণে এমনই জব্দ করিয়া তুলিলেন যে তাহার তখন লংকায় পলাইয়া যাওয়া ভিন্ন আর উপায়ই রহিল না।

রাবণ পলাইয়া গেলে পর রাম লক্ষ্মণকে লইয়া কাঁদিতে লাগিলেন।
তথন স্বেণ তাঁহাকে বলিল, ''আপনি শান্ত হউন; লক্ষ্মণ মরেন
নাই। এখনও তাঁহার ব্কের কাছে ধ্ক্-ধ্ক্ করিতেছে আর
চক্ষ্ম উম্জল রহিয়াছে।''

এইর্পে রামকে শান্ত করিয়া স্বেণ তখনই হন্মানকে দিয়া ঔষধ আনাইল। সে ঔষধের গন্ধে লক্ষ্যণ আবার ভাল হইয়া উঠিলেন।

এদিকে রাবণ আবার আসিয়া যুন্ধ আরুন্ভ করিল। রামের সহিত তাহার ভয়ানক যুন্ধ চলিয়াছে, এমন সময় দেখা গেল যে, মণি-মুক্তার কাজ করা একখানি উল্জল রথ স্বর্গ হইতে নামিয়া আসিতেছে। সেই রথের ঘোড়া-ছয়টি সব্জ রঙের আর তাহাদের শরীরে সোনার অলাকার, গলায় মুক্তার মালা। সেই রথের সার্রাথ মার্তাল হাতজ্যেড় করিয়া রামকে বলিল, ''ইন্দ্র আপনার জন্য এই রথ, ধন্ক, কবচ আর অন্ধ পাঠাইয়াছেন। এই রথে চড়িয়া আপনি রাবণকে বধ কর্ন।''

তাহা শ্নিরা রাম সেই রথে চড়িয়া যুন্ধ করিতে লাগিলেন। সে যুন্ধ যে কী ভয়ানক হইয়ছিল তাহা কী বালব! রাবণ একবার ইন্দের রথের নিশান আর ঘোড়া কাটিয়া বাণে বাণে রামকে অস্থির করিয়া তুলিল। আবার তাহার পরেই রামের তেজ দেখিয়া তাহার মনে হইল, ব্বিশ্ব এইবারেই তাহার প্রাণ যায়। সে সময়ে দেবতা, অস্বর প্রভৃতি সকলে রাম-রাবণের যুন্ধ দেখিবার জন্য আকাশে উপস্থিত! অস্বেরা বলে, ''রাবণের জয় হউক!'' দেবতারা বলেন, ''রামের জয় হউক!''

এদিকে রাবণ আগন্নের মতন তেজালো তিনমন্থো একটা শ্ল ছন্ডিয়া রামকে বলিল, ''এইবারে তুই মরিবি!'' কিল্তু রাম আর-এক শ্লে সেই শ্ল কাটিয়া, তারপর হাজার হাজার বাণে তাহাকে এমনি নাকাল করিয়া ফেলিলেন যে, সে আর ধন্কখানিও ধরিয়া থাকিতে পারে না। তখন তাহার সার্যাথ রথ ফিরাইয়া লক্ষায় পলাইয়া গেল।



লঙকায় আসিয়া একট্ব স্ক্রু হওয়ামাত্রই রাবণ সার্রাথকে গালি দিতে আরুভ করিল, ''ওরে নির্বোধ, তুই কি ভাবিয়াছিস আমার গায়ে জোর নাই? না কি আমার সাহস কম? দেখ্ তো হতভাগা, কী করিলি? রথ লইয়া পলাইয়া আসিলি, এখন লোকে আমাকে বলিবে কী?''

সারথি বলিল, ''মহারাজ, আপনার পরিশ্রম হইয়াছে আর ঘোড়া-গ্নলিও বড় কাহিল। তাই একট্ব বিশ্রামের জন্য এইখানে আসিয়াছি। এখন যেমন অন্মতি করেন তাহাই করি।''

এ কথায় রাবণ খুশী হইয়া সার্রাথিকে হাতের বালা প্রুক্তার দিয়া বলিল, ''শীঘ্র যুদ্ধের জায়গায় চল! শুরুকে না মারিয়া আমি ঘরে ফিরিব না!''

এবারে যে যুন্ধ হইল তাহাই শেষ যুন্ধ। কিন্তু রাবণ সহজে মরে নাই। মাথা কাটিলেও যে মরিতে চাহে না, তাহাকে মারা সহজ কী করিয়া হইবে? এক-একবার রাবণের মাথা কাটা যায়, আবার তখনই তাহার জায়গায় আর একটা মাথা উঠে। এইর্প করিয়া রাম এক শত বার তাহার মাথা কাটিলেন, কিন্তু তাহাতেও তাহার মৃত্যু হইল না।

তখন মাতলি রামকে বলিল, ''আপনি রক্ষাস্ত ছাড়ন্ন, নিশ্চয় রাবণ মরিবে।''

এই ব্রহ্মান্দ্র রাম অগন্ত্য ম্নির কাছে পাইয়াছিলেন; ইহার সমান অন্দ্র আর জগতে নাই। সে অন্দ্র ধন্কে জন্ড্বার সময় প্থিবী অবিধ কাণিতে লাগিল, জীবজন্তুরা তো ভয় পাইতেই পারে। সেই ভয়৽কর অন্দ্র ছন্ড্বামাত্রই তাহা রাবণের ব্ক ভেদ করিয়া একেবারে মাটির ভিতরে ঢ্কিয়া গেল। এবার রাবণের মৃত্যু আটকায় কাহার সাধ্য! মাথা কাটা গেলেও তাহার মাথা জোড়া লাগিয়াছিল, কিন্তু ব্রহ্মান্দ্রের ঘা খাইয়া আর তাহাকে বাঁচিয়া থাকিতে হইল না। যে রাবণের তেজে দেবতারা পর্যন্ত অন্থির, সেই রাবণকে ম্হন্তের মধ্যে বধ করিয়া রামের অন্দ্র তাঁহার ত্ণে ফিরিয়া আসিল।

রাবণের মৃত্যুতে সকলে কীর্প স্খী হইল, বানরেরা কেমন লাফালাফি করিল আর লেজ নাড়িল, দেবতারা বা কেমন করিয়া দ্বন্দ্বিভ বাজাইলেন আর প্রভপব্ জি করিলেন, সে সকল আর বেশী করিয়া বিলবার প্রয়োজন নাই।

অবশ্য রাক্ষসেরা রাবণের জন্য অনেক দৃঃখ করিয়াছিল। যে বিভীষণ তাহার নিকট অপমান পাইয়া এত রাগের ভরে চলিয়া আসিয়াছিল, সে বিভীষণও কি কাঁদে নাই? বিভীষণই সকলের আগে কাঁদিয়াছিল। হাজার হউক, ভাই তো! রাগ ষতই থাকুক, রাবণের মৃত্যুতে তাহা ভূলিরা গিয়া সে কাঁদিরা অস্থির হইল। রাম তাহাকে অনেক ব্রঝাইরা শাশ্ত করিলেন।

আহা! লংকার রানীরা তখন কী কাতর হইরাই কাঁদিরাছিলেন!
সে কামা শানিলে ব্ঝি পাথরও গলিয়া যায়। তাঁহাদের তো আর
কোন দোষ ছিল না; কাজেই তাঁহাদের দ্বংথে কাহার না দ্বংশ হইবে?
তাঁহাদিগকে শাশত করিবার ক্ষমতা কাহারও হইল না। শেবে রাম
বিভীষণকে বলিলেন, ''ইহাদের দ্বংখ আমি আর সহিতে পারিতেছি
না। শীঘ্র রাবণকে পোড়াইবার আরোজন কর।''

তখন সকলে মিলিয়া রাবণকে রেশমী পোশাকে সাজাইয়া, সোনার পালকিতে করিয়া শমশানে লইয়া গেল। সেখানে চুন্দন কাঠের চিতায় অনেক জাকজমকের সহিত তাহাকে পোড়ানো হ**ইল।** তারপর রাম বিভীষণকে লণ্কার রাজা করিলেন।

এখন আবার সীতার কথা বলিবার সমর হইরাছে। দৃঃখিনী সীতা এখনও সেই ময়লা কাপড়খানি পরিয়া বিনা স্নানে এলো চুলে চোখের জল ফেলিতে ফেলিতে অশোক বনে দিন কাটাইতেছেন। তাঁহার দৃঃখের সময় কখন ফ্রাইয়াছে তাহা তিনি জানিতেও পারেন নাই। এমন সময় হন্মান আসিয়া প্রণাম করিয়া তাঁহাকে রাবণের মৃত্যুসংবাদ দিল।

সুখ বা দুঃখ বেশী হইলে লোকে ব্যুক্ত হইয়া উঠে। কিন্তু সেই সুখ বা দুঃখ বিদ নিতান্তই বেশী রকমের হয়, তখন লোকে কেমন হতব্দির মতন হইয়া বায়। হন্মানের কথা শ্নিয়া সীতাও অনেককণ সেইয়্প হইয়া রহিলেন। তায়পর একট্ সুক্থ হইয়া হন্মানকে বলিলেন, ''বাছা, যে সংবাদ তুমি দিলে, আমি দীন দুঃখিনী তাহার উপযুক্ত প্রক্রার কী দিব?''

কিন্তু হন্মান প্রস্কারের ধার ধারে না। সীতা যে স্থী হইয়াছেন ইহাই তাহার পক্ষে ঢের, সে আর কিছ্ চাহে না। তবে, একটা কাজ করিতে পারিলে তাহার মনটা আরও খুলী হইত। দুল্ট রাক্ষসীরা সীতাকে কীর্প কন্ট দিত তাহা সে নিজের চক্ষে দেখিরাছে। সেই রাক্ষসীগৃহলির ঘাড় ভাঙিতে হন্মানের বড়ই ইচ্ছা হইয়াছিল, কিন্তু সীতার প্রাণে এতই দরা যে তিনি হন্মানকে বলি-লেন, ''বাছা, এমন কাজ করিও না। উহারা গরিব লোক, যাহা করিয়াছে রাবণের হৃকুমেই করিয়াছে; আসলে উহাদের কোন দোষ নাই।''

তারপর সীতা রামের নিকট আসিতে প্রস্তৃত হইলেন। তাঁহার ইচ্ছ ছিল, বের্প আছেন ঠিক সেইর্প মালন বেশেই তিনি রামের কাছে আসেন। কিন্তু সকলে তাঁহাকে স্নান করাইরা স্কার কাপড় আর অলম্কার পরাইরা দিল। এতদিন পরে রামকে দেখিরা তাঁহার মনে না জানি কতই সুখ হইয়াছিল। কিন্তু হায়! সে সুখ তাঁহার অধিকক্ষণ রহিল না।

সীতা আসিলে রাম তাঁহাকে বাললেন, ''সীতা, তুমি রাক্ষস-দিগের সংগ্য এতদিন ছিলে। এখন তুমি আমাদিগকে আগেকার মতন ভালবাস কি না তাহা কী করিয়া বালব? আমি রাবণকে মারিয়া ভাহার উচিত শাস্তি দিয়াছি। এখন তোমার বেখানে ইচ্ছা সেইখানে চলিয়া বাও।''

সীতা কত দর্শই সহিয়াছেন কিন্তু রামের এই কথার তাঁহার মনে বে দর্শ হইল, সে দর্শ আর তিনি সহ্য করিতে পারিলেন না। তিনি বলিলেন, "হার হার, আমার আর বাঁচিয়া কী কাজ? লক্ষ্মণ, আগ্রন জ্বালিয়া দাও, আমি তাহাতে প্রতিয়া মরিব!"

তখন লক্ষ্মণ রাগে আর দ্বংখে চিতা প্রস্তৃত করিরা আগন্ন স্ক্রালিরা দিলেন আর সীতা সেই আগনে খাঁপ দিয়া পড়িলেন।

আহা! সংসারের সকল স্থ দিলেও বে সীতার গ্রেণের প্র-ক্ষার হয় না, বাঁহার দ্বংখ দ্বে করিবার জন্য এত জনের প্রাণ দিতে হইল, সেই সীতার কিনা শেষে এই দশা!

কিন্তু কী আশ্চর্য! আগন্নে সীতার মাথার একগাছি চুলও পর্নিড়ল না। সকলে অবাক হইয়া দেখিল বে, অণ্নিদেবতা নিজে সীতাকে কোলে করিয়া চিতা হইতে উঠিয়া আসিতেছেন। সীতা দেখিতে সকালবেলার স্বের্বর ন্যার উষ্জল; তাঁহার পরনে লাল কাপড়, গায় অলৎকার, গলায় মালা। অণ্ন সীতাকে রামের কাছে দিরা বলিলেন, ''সীতার কোন দোষ নাই।'' তখন রাম মনের স্থেপরম আদরের সহিত সীতাকে লইলেন।

এদিকে রাম ও সীতাকে দেখিবার জন্য দেবতারা সকলে উপস্থিত হইরাছেন। তাঁহাদের সংগ্য দশরথও আসিয়াছেন। দশরথকে দেখিরা রাম ও লক্ষ্মণ প্রণাম করিলেন। দশরথ রামকে আদর করিয়া বিললেন, "বাছা, স্বর্গে বড় স্থে আছি, কেবল কৈকেয়ীর সেই কথা-গর্মাল মনে হইলে আজও খ্ব কণ্ট হয়। আজ তোমাদিগকে দেখিয়া আমার সে কণ্ট দ্র হইল। আমার জন্য তুমি এতদিন বনে থাকিলে, আর রাবণকে মারিয়া দেবতাদের উপকার করিলে। এখন দেশে গিয়া রাজ্য কর।"

রাম হাতজোড় করিয়া দশরথকে বলিলেন, ''বাবা, মা কৈকেয়ী আর ভাই ভরতের উপর আপনার বদি রাগ থাকে, তবে তাহা দ্ব কর্ন।'' রামের এই কথায় দশরথ সম্মত হইয়া রাম, সীতা আর লক্ষ্মণকে আশীর্বাদ করিয়া স্বর্গে চলিয়া গেলেন।

দশরথ চলিয়া গেলে পর ইন্দ্র রামকে বলিলেন, ''রাম, আমরা তোমার উপর বড়ই সন্তুষ্ট হইয়াছি, তুমি বর লও।''

রাম বলিলেন, ''আমাকে এই বর দিন যে, আমার উপকার করিতে আসিয়া যে সকল বানর মরিয়াছে, তাহারা বাঁচিয়া উঠুক।''

ইন্দ্র বলিলেন, ''আচ্ছা, তাহাই হইবে।'' এই কথা শেষ হইতে না হইতেই, যত বানর য**ুদ্ধে ম**রিয়াছিল সকলে আবার উঠিয়া বসিল— যেন এইমাত্র তাহাদের ঘুম ভাঙিয়াছে!

তারপর দেবতারা রাম লক্ষ্মণকে আদর করিয়া বলিলেন, ''এখন তোমরা মনের সুখে অযোধ্যায় চলিয়া যাও। সেখানে সকলেই তোমাদের জন্য দ্বঃখিত রহিয়াছে। সীতাও অনেক কণ্ট পাইয়াছেন, তাঁহাকে শান্ত কর।'' এই বলিয়া দেবতারা আবার স্বর্গে চলিয়া গেলেন।

ততক্ষণে সন্ধ্যা হইয়াছিল; কাজেই রাম সকলকে বিশ্রাম করিতে বালিলেন। সে রাত্রি সকলের কী স্থেই কাটিল! এমন স্থের রাত্রি খ্ব কমই হইয়া থাকে।

রাবণ মরিল, বনবাসের দিনও ফ্রাইয়া আসিল। এখন অযোধ্যার ফিরিবার সময়। বিভীষণ রামকে বলিল, ''রাবণ কুবেরের প্রুপক রথখানি কাড়িয়া আনেন। এখন সেই রথ আপনারই। এই রথে এক দিনেই অযোধ্যায় যাইতে পারিবেন। কিন্তু আমি মিনতি করিয়া বলিতেছি, আর একটি দিন আমার এখানে থাকিয়া যাউন।''

বলিতেছি, আর একটি দিন আমার এখানে থাকিয়া যাউন।''
রাম বলিলেন, ''বন্ধ্ বিভীষণ, তুমি আমার অনেক উপকার
করিয়াছ। কিন্তু ভাই ভরত, মা কোশল্যা স্মিত্রা আর কৈকেয়ী
প্রভৃতিকে দেখিবার জন্য আমার মন বড়ই ব্যুস্ত হইয়াছে। তুমি দ্বঃখ
করিও না। আমি আর একদিনও থাকিতে পারিতেছি না। আমাকে
এখনই বিদায় দাও!''

তখন সার্রাথ পর্ম্পক রথ সাজাইয়া আনিল। রাম সীতা আর লক্ষ্যণের সহিত তাহাতে উঠিয়া বিভীষণ স্থাীব আর অন্যান্য বানরদিগের নিকট বিদায় চাহিলেন।

তাহারা সকলে হাতজ্ঞোড় করিয়া বলিল, ''দয়া করিয়া আমা-দিগকে আপনার সংগে লউন। আমরা অযোধ্যায় গিয়া আপনার অভিষেক দেখিব, আর মা কৌশল্যাকে প্রণাম করিব।''

রাম যার-পর-নাই স্থী হইয়া বলিলেন, ''তবে তোমরা শীঘ্র রথে উঠ।'' তাহারাও রথে উঠিতে আর কিছ্মাত্র বিলম্ব করিল না। স্থাীব উঠিল, বিভীষণ সপরিবারে উঠিল, অন্যান্য বানরেরা উঠিল—তাহাদের আনন্দের আর সীমা নাই। তাহাদের সকলকে লইয়া সেই হাঁসে টানা প্রুপক রথ শোঁ-শোঁ শব্দে আকাশে উড়িয়া চলিল।

রথ কিৎ্কিন্ধ্যায় আসিলে পর সীতা রামকে বলিলেন, ''আমার বড় ইচ্ছা হইতেছে যে বানর্রাদগের বাড়ির মেয়েদিগকে সংগে লইয়া ষাই।''

স্তরাং, কিষ্কিন্ধ্যার মেয়েরাও অনেকে প্রুপক রথে উঠিয়া তাঁহাদের সংগ্য অযোধ্যায় চলিল। তারপর তাঁহারা ভরদ্বাজ্ঞ মুনির আশ্রমে আসিয়া উপস্থিত হইলেন। আর তাহার সংগ্যে সংগ্যে রামের বনে থাকার চৌন্দ বংসরও ফ্রাইল।

রামকে দেখিয়া ভরশ্বাজ বলিলেন, ''বাছা, যাইবার সময় তোমাকে দেখিয়া আমার মনে যেমন ক্লেশ হইয়াছিল, আজ তোমাকে আবার দেখিয়া আমার মনে তেমনই আনন্দ হইতেছে। তুমি বর লও।''

রাম বলিলেন, ''এই বর দিন যে, অযোধ্যার পথে সকল গাছে যেন মিষ্ট ফল আর মধ্য পাওয়া যায়।''

মর্নির বরে তখনই অযোধ্যার পথের গাছসকল মিষ্ট ফলে আর মধ্বতে ভারিয়া গেল। বানরেরা কত খাইবে!

তারপর হন্মানকে রাম বলিলেন, ''হন্মান, তুমি শীঘ্র অযোধ্যায় যাও। সেখানে আমাদের সংবাদ দিবে, আর সেখানকার সংবাদও লইয়া আসিবে। পথে শৃঙ্গবের নগরে আমার বন্ধ্ব গ্রহ থাকেন, তাঁহাকে আমার কথা বলিও। তিনি তোমাকে অযোধ্যার পথ বলিয়া দিবেন।''

হন্মান তখনই মান্ধের বেশ ধরিয়া শোঁ-শোঁ শব্দে আকাশে চলিল। পথে গ্রের দেশ। সেখানে রামের সংবাদ দিয়া ভরতের নিকট পেণীছিতে তাহার অধিক সময় লাগিল না।

ভরত তখন নন্দীগ্রামে ছিলেন। অযোধ্যা হইতে এক ক্রোশ দুরে হন্মান তাঁহার দেখা পাইল। তাঁহারও তপস্বীর বেশ, মাথার জটা আর পরিধানে গাছের ছাল। ফল-মূল খাইয়া থাকেন, আর রামের খড়ম দ্ব-খানিকে সম্মুখে রাখিয়া রাজ্যের কাজ করেন।

হন্মান তাঁহার কাছে আসিয়া হাতজ্যেড় করিয়া বলিল, ''আপনারা যে-রামের জন্য এত দৃঃখ করিতেছেন, সেই রাম আপনাদেব সংবাদ লইবার জন্য আমাকে পাঠাইয়াছেন। আর দৃঃখ করি-বেন না, শীঘ্রই তিনি সকলকে লইয়া আসিয়া উপস্থিত হইবেন।''

এই কথা শ্রনিয়াই ভরত আনন্দে অজ্ঞান হইয়া গেলেন। স্ক্রথ হইলে পর তিনি হন্মানকে জড়াইয়া ধরিয়া বলিলেন, ''তুমি দেবতা, না মান্ব? আজ তুমি যে সংবাদ শ্নাইলে, তাহার উপয্ত প্র-ম্বার তোমাকে কী দিব? তুমি এক লক্ষ গর্ব আর একশতথানি গ্রাম লও।''

তারপর হন্মান কুশাসনে বিসয়া রামের সকল সংবাদ ভরতকে শ্নাইয়া শেষে বিলল, ''তিনি এখন ভরদ্বাজের আশ্রমে আছেন। কাল এইখানে আসিবেন।''

আজ যদি প্থিবীতে স্খী কেহ থাকে, তবে সে এই অযোধ্যার লোক। চোল্দ বংসর ধরিয়া যে রামের দৃঃথে তাহারা চক্ষের জল ফেলিয়াছে, সেই রাম এতদিনে দেশে ফিরিতেছেন। তাই আজ সকলে পথঘাট পরিজ্কার করিয়া, বাজিঘর সাজাইয়া, নিশান উড়াইয়া, বাজনা বাজাইয়া রামকে দেখিতে চলিল। পালাক চাড়িয়া রানীরা চলিলেন, রাক্ষণ প্রভৃতি সংশা লইয়া ভরত চলিলেন—তাঁহার মাথায় রামের সেই খড়মজোড়া।

ষেই রামের রথ দেখা গেল, অর্মান সকলে ''ওই রাম!'' ওই রাম'' শব্দে আকাশ ফাটাইয়া দিল।

তখন যে সকলের মনে খ্বই আনন্দ হইয়াছিল, তাহাতে আর সন্দেহ কী? আর সকলেই তখন যে রামকে প্রাণ ভরিয়া আদর করি-বার জন্য ব্যুস্ত হইবে, তাহাও আশ্চর্য নহে। যাহারা তাঁহার চেরে ছোট তাহারা তাঁহাকে প্রণাম করিয়া আশীর্বাদ লইল। রামও মা কৌশল্যা, অন্যান্য রানীদিগকে আর বশিষ্ঠ প্রভৃতি গ্রের্জনকে প্রণাম করিলেন।

তারপর ভরত রামের সে খড়মজোড়া তাঁহার পায় পরাইয়া দিয়া বলিলেন, ''দাদা, তোমার রাজ্য আমাকে রাখিতে দিয়া গিয়াছিলে. এখন ফিরাইয়া লও। তোমার রাজ্য এখন আগের চেয়ে দশগ্রণ বড হইয়াছে।''

তারপর ক্ষার হাতে ভাল ভাল ওচ্তাদ নাপিতেরা আসিয়া রামের চৌদ্দ বছরের জটা চাঁছিয়া পরিজ্ঞার করিল। শত্র্ঘা রাম ও লক্ষ্যণকে দনান করাইয়া নিজ হাতে তাঁহাদিগকে সাজাইয়া দিলেন। স্ফারীর, বিভীষণ প্রভৃতি যত লোক সঙ্গে আসিয়াছিল, কাহারও আদর ষত্নের কোন ত্রুটি হইল না। নিজে মা কৌশল্যা যখন বানরের মের্মেদিগকে সাজাইলেন, তখন কীর্প আদর যত্ন হইল ব্রিক্তেই পার।

অবশেষে বশিষ্ঠ প্রভৃতি মুনিরা রাম-সীতাকে মানিকের পি'ড়িব উপর বসাইয়া তাঁহাদের অভিষেক করিলেন। সে অভিষেক কী চমংকার হইয়াছিল, তাহা কি না দেখিলে ব্রবিতে পারা যায়! দেবতারা পর্যন্ত সেথানে উপস্থিত ছিলেন, অন্য কথার আর কাজ কী? যত ভাল তীর্থ আছে সকল তীর্থের জল দিয়া রামকে স্নান করানো হইল। স্নানের পর রাম রাজবেশে রম্নের পি'ড়িতে সভা আলো করিয়া বাসলেন। মাথায় সেই মন্র সময় হইতে যাহা অযোধ্যার রাজারা মাথায় দিয়া আসিতেছেন, সেই আশ্চর্য ম্কুট। দুই পাশে শাদা চামর হাতে স্থাীব আর বিভীষণ; পিছনে শাদা ছাতাখানি লইয়া শন্ন্য। তখন ইন্দের হ্কুমে পবন আসিয়া তাঁহার গলায় স্বর্গের সোনার পশ্মব মালা আর আশ্চর্য মোতির হার পরাইয়া দিলেন। এইর্প করিয়া দেবতা, গন্ধর্বের গান আর আনন্দ কোলাহলের ভিতরে রাম অযোধ্যার রাজা হইলেন। তেমন রাজা আর কেহ কখনও দেখে নাই। আজও খ্ব ভাল রাজার কথা বালতে হইলে লোকে বলে, ''রামের মতন রাজা!''